(খ) বর্গাদার কোন যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে সংশ্লিষ্ট এলাকায় অবস্থিত উক্ত বর্গাজমির অনুরূপ কোন জমিতে গড়ে যে পরিমাণ শস্য উৎপন্ন হয় সেই পরিমাণ শস্য উৎপন্ন করিতে ব্যর্থ হইয়াছেন;

(গ) বর্গাদার বর্গাজমি সম্পূর্ণ বা আংশিকভাবে কৃষি ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করিয়াছেন;

(ঘ) বর্গাদার এই অধ্যাদেশের কোন বিধান অথবা ইহার অধীনে প্রণীত বিধি বা আদেশ লঙ্ঘন করিয়াছেন;

(ঙ) বর্গাদার তাহার চাষের অধিকার সমর্পণ বা স্বেচ্ছায় পরিত্যাগ করিয়াছেন;

(চ) বর্গাজমি বর্গাদারের ব্যক্তিগত চাষের অধীন নয়; অথবা

(ছ) মনিবের ব্যক্তিগত চাষের নিমিত্ত বর্গাজমির প্রকৃতই আবশ্যক হয়।

(২) যদি মনিব যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে (১) (ছ) উপ-ধারার অধীন কোন বর্গাচুক্তির অবসানান্তে কোন জমি ব্যক্তিগত চাষাধীনে আনিতে ব্যর্থ হন কিংবা অনুরূপ অবসানের তারিখের চব্বিশ মাসের মধ্যে অপর কোন বর্গাদার কর্তৃক উক্ত জমি চাষকরণ অনুমোদন করেন, তাহা হইলে নির্ধারিত কর্তৃপক্ষ উচ্ছেদকৃত বর্গাদার কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে উক্ত বর্গাদারের নিকট ঐ জমির দখল পুনরুদ্ধার করিয়া দিতে পারিবেন, যিনি উহার ভিত্তিতে এই অধ্যাদেশের অধীন বর্গাচুক্তির মেয়াদ শেষ হওয়া অথবা বর্গাচুক্তির অবসান হওয়া পর্যন্ত ঐ জমির চাষ অব্যাহত রাখিবেন।

১২। বর্গাজমির উৎপন্ন ফসলের বিভাজন :- (১) কোন বর্গাজমির উৎপন্ন ফসল এইভাবে ভাগ করা হইবে, যথা:-

(ক) মনিব জমির জন্য এক-তৃতীয়াংশ গ্রহণ করিবেন;

(খ) বর্গাদার শ্রমের জন্য এক-তৃতীয়াংশ গ্রহণ করিবেন; এবং

(গ) মনিব বা বর্গাদার বা উভয়ে তাহাদের বহনকৃত শ্রমের পরিব্যয় ছাড়া, চাষের পরিব্যয়ের সমানুপাতে এক-তৃতীয়াংশ গ্রহণ করিবেন।

(২) কোন বর্গাজমির কাটা শস্য হয় বর্গাদারের মালিকানাধীন কোন স্থানে অথবা মনিবের মালিকানাধীন কোন স্থানে, যেটাই বর্গাজমির নিকটতর হয়, অথবা পক্ষদ্বয়ের মধ্যে সম্মত অন্য কোন স্থানে মাড়াই ও বিভাজনের জন্য গোলাজাত করা হইবে।

(৩) বর্গাদার শস্য কাটার অব্যবহতি পরে মনিবের প্রাপ্য উৎপন্ন ফসলের অংশ মনিবের নিকট গ্রহণ করিবার জন্য প্রদান করিবেন এবং যখন মনিব উক্ত প্রদত্ত অংশ গ্রহণ করেন প্রত্যেক পক্ষ উৎপন্ন ফসল হইতে তাহার গৃহিত পরিমাণের যথানির্ধারিতব্য ফরমে একটি রসিদ অপর পক্ষকে প্রদান করিবেন।

(৪) যদি মনিব বর্গাদার কর্তৃক তাহার নিকট গ্রহণের জন্য প্রদত্ত উৎপন্ন ফসলের অংশ গ্রহণ করিতে অথবা উহার জন্য রসিদ প্রদান করিতে অস্বীকার করেন, তাহা হইলে বর্গাদার উক্ত ঘটনা লিখিতভাবে নির্ধারিত কর্তৃপক্ষকে অবগত করিবেন।

(৫) নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত অবগতি লাভের পর মনিবের উপর যথানির্ধারিতব্য ফরমে ও ধরণের তাহাকে নোটিশ জারির তারিখ হইতে সাত দিনের মধ্যে উৎপন্ন ফসল অর্পণ/গ্রহণ করার আহ্বান জানাইয়া একটি নোটিশ জারি করিবেন।

(৬) যদি মনিব নোটিশ জারির তারিখ হইতে সাত দিনের মধ্যে উৎপন্ন ফসলের অংশ অর্পণ/গ্রহণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে নির্ধারিত কর্তৃপক্ষ বর্গাদারকে উক্ত উৎপন্ন ফসল যে কোন সরকারী ক্রয় এজেন্সীর নিকট অথবা অনুরূপ এজেন্সীর অনুপস্থিতিতে স্থানীয় বাজারে বিক্রয় করিতে অনুমতি দিবেন।

(৭) যদি বর্গাদার উৎপন্ন ফসল বিক্রয় করেন, তাহা হইলে তিনি বিক্রয়ের তারিখ হইতে সাত দিনের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট উক্ত বিক্রয়লব্ধ অর্থ জমা দিবেন।

(৮) নির্ধারিত কর্তৃপক্ষ তাহার নিকট জমা- দেওয়া অর্থের পরিমাণ এবং বর্গাদার কর্তৃক বিক্রিত উৎপন্ন ফসলের পরিমাণ বিবৃত করিয়া যথানির্ধারিতব্য ফরমে একটি রসিদ বর্গাদারকে দিবেন এবং উক্ত রসিদ মনিবের নিকট উৎপন্ন ফসলের অংশ অর্পণের বাধ্যতা হইতে বর্গাদারকে মুক্ত করিবেঃ

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে উৎপন্ন ফসলের কোন পরিমাণ মনিবের পাওনা থাকে সেক্ষেত্রে অপ্রদত্ত বা অবিক্রিত উক্ত উৎপন্ন ফসলের পরিমাণের অর্পণ সম্পর্কে বর্গাদারের বাধ্যতা অব্যাহত থাকিবে।

(৯) যেক্ষেত্রে (৭) উপধারার অধীনে কোন জমা করা হয়, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত জমা সম্পর্কে মনিবকে যথানির্ধারিতব্য ফরমে ও ধরণে অবগত করিবেন।

(১০) যদি মনিব অনুরূপ জমা সম্পর্কে অবগতি লাভের তারিখ হইতে এক মাসের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট হইতে উক্ত জমাকৃত অর্থ গ্রহণ না করেন, তাহা হইলে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত অর্থ (সরকারী) কোষাগারে রাজস্ব জমা খাতে মনিবের অনুকূলে জমা করিতে পারিবেন এবং যথানির্ধারিতব্য ফরমে ও ধরণে উক্ত জমা সম্পর্কে মনিবকে অবগত করিতে পারিবেন।

১৩। বর্গাদারের ক্রমাধিকারঃ- (১) যেক্ষেত্রে মনিব বর্গাজমি বিক্রয় করিবার অভিপ্রায় করেন, সেক্ষেত্রে তিনি বর্গাদারকে লিখিতভাবে এই মর্মে অহ্বান করিবেন যে, তিনি উক্ত জমি ক্রয় করিতে ইচ্ছুক আছেন কিনাঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে মনিব উক্ত জমি কোন সহ-শরিকের নিকট বা তাহার পিতা-মাতা, স্ত্রী, পুত্র, কন্যা কিংবা পৌত্রের নিকট বা তাহার পরিবারের অন্য কোন সদস্যের নিকট বিক্রয় করেন, সেক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

(২) বর্গাদার প্রস্তাব গ্রহণের তারিখ হইতে পনের দিনের মধ্যে উক্ত জমি ক্রয় করা বা না করা সংক্রান্ত তাহার সিদ্ধান্ত লিখিতভাবে মনিবকে অবহিত করিবেন।

(৩) যদি বর্গাদার উক্ত জমি ক্রয় করিতে সম্মত হন, তাহা হইলে তিনি জমিটির দাম সম্পর্কে মনিবের সঙ্গে আলাপ-আলোচনা করিবেন এবং তাহাদের মধ্যে যথাসম্মতব্য শর্তাবলীতে জমিটি ক্রয় করিবেন।

(৪) যদি মনিব উক্ত সুনির্দিষ্ট সময়ের মধ্যে বর্গাদারের নিকট হইতে জমিটি ক্রয় করা বা না করা সংক্রান্ত তাহার সিদ্ধান্ত সম্পর্কে কোন কিছুই অবগত না হন অথবা যদি বর্গাদার উক্ত জমি ক্রয় না করা সংক্রান্ত তাহার সিদ্ধান্ত মনিবকে অবহিত করেন অথবা যদি বর্গাদার মনিবের দাবীকৃত দাম প্রদান করিতে সম্মত না হন, তাহা হইলে মনিব যাহাকে উপযুক্ত মনে করিবেন সেইরূপ ব্যক্তির নিকট জমিটি বিক্রয় করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, মনিব উক্ত জমি বর্গাদার কর্তৃক প্রস্তাবিত দাম অপেক্ষা নিম্নতর দামে উক্ত ব্যক্তির নিকট বিক্রয় করিবেন না।

(৫) যেক্ষেত্রে বর্গাদার ছাড়া অন্য কোন ব্যক্তি বর্গাজমি ক্রয় করেন, সেক্ষেত্রে উক্ত জমি সংক্রান্ত বর্গাচুক্তি ক্রেতার উপর বাধ্যতামূলক হইবে যেন ক্রেতাই উক্ত চুক্তির একটি পক্ষ ছিলেন।

১৪। বর্গাজমির সর্বোদ্ধতাঃ- (১) কোন বর্গাদারই পনের মানানসই বিঘার অধিক জমি চাষ করিবার অধিকারী হইবেন না।

ব্যাখ্যা- এই সর্বোদ্ধতা গণনায়, বর্গাদারের অধিকৃত যে কোন জমির এলাকা এমনকি বর্গাদার হিসাবে তাহার চাষকৃত এবং সম্পূর্ণ ভোগ-বন্ধকের অধীনে তাহার দখলকৃত জমিও বিবেচনা লওয়া হইবে।

(২) যদি কোন বর্গাদার পনের মানানসই বিঘার অতিরিক্ত জমি চাষ করেন, তাহা হইলে উক্ত অতিরিক্ত জমির ক্ষেত্রে বর্গাদার হিসাবে তাহার প্রাপ্য উৎপন্ন ফসলের নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক এতদপক্ষে প্রদত্ত আদেশবলে সংগ্রহ করিতে পারিবেন।

১৫। চাষকার্যে বাঁধানিষেধঃ- (১) কোন বর্গাচুক্তির বা সম্পূর্ণ ভোগ-বন্ধকের অধীনে অথবা চাকুরে বা শ্রমিক হিসাবে ব্যতীত কোন ব্যক্তিই অপর কোন ব্যক্তির জমি চাষ করিবেন না।

(২) যদি কোন ব্যক্তি এই ধারার বিধানাবলী লঙ্ঘন করতঃ অপর কোন ব্যক্তির জমি চাষ করেন, তাহা হইলে সরকার উক্ত জমির উৎপন্ন ফসল বাধ্যতামূলকভাবে নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক এতদপক্ষে প্রদত্ত আদেশবলে সংগ্রহ করিতে পারিবেন।

১৬। বিরোধঃ- (১) নির্ধারিত কর্তৃপক্ষ বর্গাদার ও মনিবের মধ্যকার নিম্নবর্ণিত বিষয়সমূহ সম্পর্কিত প্রত্যেক বিরোধের মীমাংসা করিবেনঃ-

(ক) উৎপন্ন ফসলের বিভাজন বা অর্পণ,

(খ) বর্ণাচুক্তির অবসান,

(গ) উৎপন্ন ফসলের গোলাজাতের ও মাড়াইয়ের স্থান নির্ধারণ।

(২) যদি (১) উপধারায় উল্লিখিত কোন বিরোধ মীমাংসার এইরূপ কোন প্রশ্ন উদ্ভূত হয় যে, কোন ব্যক্তি বর্ণাদার কিনা অথবা উৎপন্ন ফসলের অংশ কাহার নিকট অর্পণীয়, তাহা হইলে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত প্রশ্নের নিষ্পত্তি করিবেন।

(৩) নির্ধারিত কর্তৃপক্ষ কোন বিরোধই গ্রাহ্য করিবেন না যদি না তাহার নিকট উক্ত বিরোধ উদ্ভূত হওয়ায় তারিখ হইতে তিন মাসের মধ্যে উহা মীমাংসার প্রার্থনা সম্বলিত কোন দরখাস্তের মাধ্যমে বিরোধটি উত্থাপন করা হয়।

(৪) নির্ধারিত কর্তৃপক্ষ পক্ষগণকে শুনানির সুযোগ দান ও সাক্ষ্য উপস্থাপন এবং ইহা যেরূপ প্রয়োজনীয় মনে করেন সেরূপ তদন্ত অনুষ্ঠান করার পর দরখাস্ত গ্রহণের তারিখ হইতে তিন মাসের মধ্যে ইহার সিদ্ধান্ত প্রদান করিবেন।

১৭। আপীলঃ- (১) এই অধ্যাদেশের কোন বিধানের অধীনে নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত গৃহীত যে কোন আদেশ, সিদ্ধান্ত বা ব্যবস্থার বিরুদ্ধে নির্ধারিত আপীল কর্তৃপক্ষ সমীপে আপীল চলিবে।

(২) (১) উপধারা অনুযায়ী আপীল আপীলকৃত আদেশ, সিদ্ধান্ত বা ব্যবস্থা লাভের বা অবগত হওয়ার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে দায়ের করিতে হইবে।

(৩) নির্ধারিত আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত (বলিয়া গণ্য) হইবে।

১৮। কার্যবিধিঃ- (১) নির্ধারিত কর্তৃপক্ষ বা নির্ধারিত আপীল কর্তৃপক্ষ কোন ব্যাপার, বিরোধ বা আপীল নিষ্পত্তিতে যথানির্ধারিতব্য কার্যবিধি অনুসরণ করিবেন।

১৯। কার্যে পরিণতকরণঃ- নির্ধারিত কর্তৃপক্ষের বা নির্ধারিত আপীল কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত বা আদেশ যথানির্ধারিতব্য ধরণে কার্যে পরিণত বা বলবৎ করিতে হইবে।

ষষ্ঠ অধ্যায় বিবিধ

২০। এখতিয়ারে প্রতিবন্ধকতাঃ- এই অধ্যাদেশের অধীনে কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বা গৃহীত কোন আদেশ, সিদ্ধান্ত, ব্যবস্থা বা কার্যব্যবস্থা সম্পর্কে কোন আদালতেই প্রশ্ন তোলা যাইবে না এবং কোন আদালতই অনুরূপ কোন আদেশ, সিদ্ধান্ত, ব্যবস্থা বা কার্যব্যবস্থা সম্পর্কে কোন মোকদ্দমা বা কার্যব্যবস্থা আমলে আনিবেন না।

২১। দণ্ডঃ- যে ব্যক্তি এই অধ্যাদেশের বা বিধিমালার কোন বিধান অথবা এই অধ্যাদেশের বা বিধিমালার অধীনে কোন কর্তৃপক্ষের প্রদত্ত কোন আদেশ লঙ্ঘন করেন, তিনি জরিমানা দ্বারা শাস্তিযোগ্য হইবেন যাহা দুই হাজার টাকা পর্যন্ত বর্ধিত হইতে পারে।

২২। বিধি প্রণয়নের ক্ষমতাঃ- সরকার এই অধ্যাদেশের উদ্দেশ্যাবলী পূরণকল্পে সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে বিধিমালা প্রণয়ন করিতে পারেন।

প্রারম্ভের প্রজ্ঞাপন

প্রারম্ভঃ- সংবিধিবদ্ধ বিধি ও আদেশ ১৯৫-এল/৮৪ ১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের (১৯৮৪ সনের ১০ নং অধ্যাদেশ) ১ ধারার (২) উপধারায় প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করতঃ সরকার ১৩৯১ বাংলা সনের বৈশাখের প্রথম দিন (১৯৮৪ সনের ১৪ই এপ্রিল) উক্ত অধ্যাদেশ বলবৎ হওয়ার তারিখ হিসাবে ধার্য করিতে মনস্থ করেন।

ভূমি সংস্কার বিধিমালা, ১৯৮৪

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। (১) এই বিধিমালা 'ভূমি সংস্কার বিধিমালা, ১৯৮৪' নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালায়, বিষয়ে বা প্রসঙ্গে পরিপন্থী কোন কিছু না থাকিলে-

(ক) "ফরম" বলিতে এই বিধিমালার সহিত সংযুক্ত কোন ফরম বুঝায়,

(খ) "অধ্যাদেশ" বলিতে 'ভূমি সংস্কার' অধ্যাদেশ, ১৯৮৪' (১৯৮৪ সনের ১০ নং অধ্যাদেশ) বুঝায়;

(গ) "ধারা" বলিতে উক্ত অধ্যাদেশের কোন ধারা বুঝায়।

দ্বিতীয় অধ্যায়

নির্ধারিত কর্তৃপক্ষ ও নির্ধারিত আপীল কর্তৃপক্ষের ক্ষমতা

২। (১) কোন নির্ধারিত কর্তৃপক্ষ বা কোন নির্ধারিত আপীল কর্তৃপক্ষ উক্ত অধ্যাদেশের অধীনে ইহার কর্তব্যকর্ম সম্পাদনের উদ্দেশ্যে-

(ক) প্রয়োজন হইলে, বাংলা ভাষায় সাক্ষ্য গ্রহণ করিবেন এবং যতদূর সম্ভব দেওয়ানী আদালতে কোন মোকদ্দমার নিষ্পত্তির জন্য ১৯০৮ সনের (৫ নং অধ্যাইন) দেওয়ানী কার্যবিধি সংহিতায় নির্ধারিত কার্যবিধি অনুসরণ করিবেন;

(খ) পরিদর্শন ও তদন্তের উদ্দেশ্যে পূর্ববিজ্ঞপ্তির মাধ্যমে ইহার এখতিয়ারভুক্ত কোন জমি বা ঘরবাড়ীতে যেরূপ প্রয়োজনীয় মনের করিবেন সেরূপ অফিসারসহ প্রবেশ করিতে পারিবেন;

(গ) লিখিত বিজ্ঞপ্তির মাধ্যমে কোন ব্যক্তিকে তাহার দখলে বা তাহার নিয়ন্ত্রণাধীনে আছে বা আছে বলিয়া বিশ্বাস হয় এমন কোন জমি বা জোত সম্পর্কিত কোন বিবৃতি প্রদান ও অর্পণ করিবার জন্য অথবা কোন রেকর্ড বা দস্তাবেজ পেশ করিবার জন্য নির্দেশ করিতে পারিবেন।

(২) উক্ত অধ্যাদেশের অধীনে কোন তদন্তের উদ্দেশ্যে কোন নির্ধারিত কর্তৃপক্ষের বা কোন নির্ধারিত আপীল কর্তৃপক্ষের ১৯০৮ সনের (৫ নং অধ্যাইন) দেওয়ানী কার্যবিধি সংহিতার অধীন মোকদ্দমার বিচারের ক্ষেত্রে যেভাবে বিধান করা হইয়াছে সেই একইভাবে সাক্ষী হিসাবে কোন ব্যক্তিকে তলব করিবার ও তাহার হাজিরা বলবৎ করিবার ক্ষমতা থাকিবে।

৩। (১) যদি কোন বর্গাদারের কোন কার্য ১১ ধারার (১) উপধারার (ক) হইতে (চ) পর্যন্ত দফাসমূহের বিধানাবলীর যে কোনটির আচরণের মধ্যে পড়ে অথবা যদি মনিবের ব্যক্তিগত চাষের জন্য উপধারার (ছ) দফার অধীনে বর্গাজমির আবশ্যক হয়, তাহা হইলে মনিব বর্গাচুক্তির অবসানের জন্য নির্ধারিত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে পূর্ণ ঘটনাবলী বর্ণনা করিয়া আবেদন করিবেন।

(২) নির্ধারিত কর্তৃপক্ষ (১) উপধারার অধীনে কোন দরখাস্ত প্রাপ্তির পর কার্যব্যবস্থা গ্রহণ করিবেন এবং কেন উক্ত বর্গাচুক্তির অবসান করা হইবে না এই সম্পর্কে 'ক' ফরমে নোটিশ প্রাপ্তির তারিখ হইতে পনের দিনের মধ্যে কারণ দর্শানোর জন্য বর্গাদারকে নির্দেশ করিবেন।

(৩) বর্গাদারের নিকট হইতে উত্তর পাওয়ার পর অথবা বর্গাদার নোটিশে উল্লিখিত তারিখের মধ্যে কারণ দর্শাইতে ব্যর্থ হইলে নির্ধারিত কর্তৃপক্ষ যেরূপ প্রয়োজনীয় মনে করিবেন সেরূপ তদন্তানুষ্ঠান করানোর এবং পক্ষগণকে শুনানির সুযোগ দানের পর মামলার গুণাগুণের উপর লিখিতভাবে আদেশ প্রদান করিবেন।

৪। (১) মনিব উৎপন্ন ফসলের তাহার প্রাপ্য অংশ গ্রহণ করিতে বা গ্রহণের রসিদ প্রদান করিতে অস্বীকার করিয়াছেন এই মর্মে ১২ ধারার (৪) উপধারার অধীনে কোন সংবাদ লাভের পর নির্ধারিত কর্তৃপক্ষ 'খ' ফরমে একটি নোটিশ জারির মাধ্যমে নোটিশ প্রাপ্তির তারিখ হইতে পনের দিনের মধ্যে মনিবকে বর্গাদারের নিকট হইতে উৎপন্ন ফসল গ্রহণ করিতে এবং উহার জন্য রসিদ প্রদান করিতে নির্দেশ দিবেন, যাহা করিতে ব্যর্থ হইলে ১২ ধারার (৬) উপধারার যেরূপ বিধান করা হইয়াছে সেরূপে বর্গাদারকে উক্ত উৎপন্ন ফসল যে কোন সরকারী ক্রয় এজেন্সীর নিকট অথবা অনুরূপ এজেন্সীর অনুপস্থিতিতে স্থানীয় বাজারে বিক্রয় করিতে অনুমতি দেওয়া হইবে।

(২) যখন বর্গাদার ১২ ধারার (৭) উপধারার অধীনে মনিবের অংশের বিক্রয়লব্ধ অর্থ নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা দেন, তখন নির্ধারিত কর্তৃপক্ষ তাহাকে 'গ' ফরমে একটি রসিদ প্রদান করিবেন।

(৩) (২) উপধারার অধীনে উক্ত অর্থ প্রাপ্তির পর নির্ধারিত কর্তৃপক্ষ অনুরূপ জমাকৃত অর্থ সম্পর্কে মনিবকে 'গ' ফরমে অবগত করিবেন এবং অবগতি লাভের তারিখ হইতে এক মাসের মধ্যে উক্ত গ্রহণ করিবার জন্য তাহাকে নির্দেশ করিবেন। যদি মনিব অবগতিপত্রে নির্দিষ্ট মেয়াদের মধ্যে উক্ত অর্থ গ্রহণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে নির্ধারিত কর্তৃপক্ষ সরকারী কোষাগারে রাজস্ব জমা খাতে উক্ত অর্থ জমা করিবেন এবং 'ঙ' ফরমে উক্ত জমা সম্পর্কে মনিবকে অবগত করিবেন।

৪। ১৬ ধারার (১) উপধারার (ক) দফার অধীনে বিভাজন বা অর্পণের উদ্দেশ্যে কোন জমির যথার্থ উৎপন্ন ফসলের পরিমাণ নিরূপণ করিবার জন্য মনিব ও বর্গাদারকে পূর্ববিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত কর্তৃপক্ষের উক্ত জমির একটি অংশে শস্য কাটার নিরীক্ষা অনুষ্ঠানের ক্ষমতা থাকিবে।

তৃতীয় অধ্যায় ক্ষতিপূরণের হার

- ৫। ৪ ধারার (৪) উপধারার অধীনে অতিরিক্ত জমির জন্য ক্ষতিপূরণের হার নিম্নরূপে নিরূপিত হইবেঃ-
- (ক) যেক্ষেত্রে সরকারে নিহিত জমির মোট পরিমাণ ৫০ মানানসই বিঘার অধিক নয়, সেক্ষেত্রে উক্ত জমির বাজার মূল্যের শতকরা বিশ ভাগ হারে;
- (খ) যেক্ষেত্রে সরকারে নিহিত জমির মোট পরিমাণ ৫০ মানানসই বিঘার অধিক, সেক্ষেত্রে প্রথম ৫০ মানানসই বিঘার জন্য উক্ত জমির বাজার মূল্যের শতকরা বিশ ভাগ হারে, এবং অবশিষ্টাংশের জন্য উক্ত জমির বাজার মূল্যের শতকরা দশ ভাগ হারে;
- তবে শর্ত থাকে যে, সরকারে নিহিত হওয়ার যোগ্য জমি বাছাই করিবার ইচ্ছাধিকার পরিবারের থাকিবে।

চতুর্থ অধ্যায় বর্গাচুক্তি

- ৬। (১) ৮ ধারায় যেরূপ বিধান করা হইয়াছে মনিব ও বর্গাদারের মধ্যকার সেরূপ বর্গাচুক্তি 'চ' ফরমে সম্পাদিত হইবে।
- (২) প্রত্যেক বর্গাচুক্তি তিন টাকা মূল্যের অ-বিচারিক স্ট্যাম্পের উপর মনিব, বর্গাদার ও নির্ধারিত কর্তৃপক্ষ প্রত্যেকের জন্য একটি করিয়া তিন প্রস্তে সম্পাদিত হইবে। অ-বিচারক স্ট্যাম্পের মূল্য সময়ান্তরে সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে পরিবর্তিত হইতে পারে।
- (৩) বর্গাচুক্তি সম্পাদন করানোর জন্য ৯ ধারার (৩) উপধারার অধীনে কোন দরখাস্তের সহিত দুই টাকা মূল্যের কোর্ট-ফি স্ট্যাম্প এবং উক্ত ধারার (৫) উপধারা মোতাবেক যথা প্রয়োজনমতে বর্গাচুক্তির সম্পাদনের জন্য রেজিস্ট্রীকৃত ডাকে অপর পক্ষকে "ছ" ফরমে নির্দেশ প্রেরণের জন্য ডাক মাসুলের ব্যবস্থাকল্পে উক্ত পক্ষের বর্তমান ঠিকানা সম্বলিত স্ট্যাম্পযুক্ত খাম দিতে হইবে।
- (৪) বর্গাচুক্তি সম্পাদিত হওয়ার পর নির্ধারিত কর্তৃপক্ষ ইহাকে "জ" ফরমে একটি রেজিস্ট্রারে অর্ন্তভুক্ত করিবেন এবং একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করিবেন।

পঞ্চম অধ্যায়

বর্গাদারের মৃত্যুর পরিণাম

- ৭। (১) বর্গাদারের মৃত্যু ঘটিলে তাহার পরিবারের যে কোন জীবিত সদস্য নির্ধারিত কর্তৃপক্ষের নিকট এই মর্মে আবেদন করিতে পারিবেন যে, উক্ত পরিবার বর্গাচুক্তিটি অব্যাহত রাখিতে চাহেন এবং যাহার নামে বর্গাচুক্তিটি অব্যাহত রাখিতে চাহেন সেই ব্যক্তির বিবরণ উহার নিকট প্রেরণ করিবেন। এই বিজ্ঞপ্তি "ঝ" ফরমে তিন প্রস্তে হইবে।

(২) নির্ধারিত কর্তৃপক্ষ (১) উপবিধির অধীনে উক্ত দরখাস্ত পাওয়ার পর ব্যাপারটি তদন্ত করিবেন এবং যদি এই মর্মে সন্তুষ্ট হন যে উক্ত পরিবার জমিটি চাষ করিবার মত অবস্থায় আছে তাহা হইলে ১০ ধারার (১) উপধারার বিধানাবলী অনুসারে উক্ত চুক্তি অব্যাহত থাকিবার অনুমতি দিবেন।

(৩) যে ক্ষেত্রে কোন জমির মনিব তাহার ব্যক্তিগত চাষের অধীনে উক্ত জমি আনয়ন করিতে অথবা ১০ ধারার অধীনে উক্ত জমি অপর বর্গাদার কর্তৃক চাষকরণ অনুমোদন করিতে চাহেন, সে ক্ষেত্রে তিনি মাত্র দুই টাকা মূল্যের কোর্ট-ফি স্ট্যাম্প আঁটিয়া দিয়া নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রার্থনা দাখিল করিবেন। নির্ধারিত কর্তৃপক্ষ অনুরূপ প্রার্থনা পাওয়ার ৩০ দিনের মধ্যে উহা যে রূপ উপযুক্ত মনে করেন সেরূপ ধরণে ব্যাপারটি স্থানীয়ভাবে তদন্ত করাইয়া লইবেন এবং যদি এই মর্মে সন্তুষ্ট হন যে মৃত বর্গাদারের পরিবারের কোন সদস্য চাষাবাদ করিতে সক্ষম নন, তাহা হইলে বর্গাচুক্তি বাতিল করিবেন। যদি পরিবারের কোন সদস্য চাষাবাদ করিতে সক্ষম হন তাহা হইলে উত্তরবর্তীর নাম শেষোক্তের নিকট হইতে মাত্র পাঁচ টাকার ফি আদায় করিয়া জারি করিবেন।

ষষ্ঠ অধ্যায়

উৎপন্ন ফসল ভাগের প্রণালী

৮।

(১) যখন বর্গাদার উৎপন্ন ফসল কাটার পর উহার অংশ প্রদান করেন এবং মনিব উহা গ্রহণ করেন, তখন উভয় পক্ষ ১২ ধারার (৩) উপধারা অনুযায়ী যথাপ্রয়োজনমতে “ট” ফরমে একটি রসিদ স্বাক্ষর করিবেন।

(২) নির্ধারিত কর্তৃপক্ষ ১২ ধারার (৪) উপধারার অধীনে অবগতির পর জমির উৎপন্ন ফসলের এবং বর্গাচুক্তির পক্ষগণের প্রত্যেকের প্রাপ্য অংশের চূড়ান্ত নিরূপণ সাপেক্ষে বর্গাদার কর্তৃক প্রদত্ত উৎপন্ন ফসলের মনিবের অংশ গ্রহণের জন্য “খ” ফর্মে মনিবকে একটি নোটিশ প্রদান করিবেন।

(৩) যদি বর্গাদার ১২ ধারার (৭) উপধারা মোতাবেক যথানির্দেশমতে মনিবের উৎপন্ন ফসলের অংশের বিক্রয়ের তারিখ হইতে সাত দিনের মধ্যে বিক্রয়লব্ধ অর্থ নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা দিতে ব্যর্থ হন, তাহা হইলে নির্ধারিত কর্তৃপক্ষ মনিবকে দেয় উৎপন্ন ফসলাংশের বাজার মূল্য নিরূপণ করিবেন এবং বর্গাদার অনুরূপভাবে নিরূপিত অংশের অর্থ জমা দানের জন্য দায়ী হইবেন।

(৪) যখন কোন বর্গাদার ১২ ধারার (৭) উপধারার অধীনে বিক্রয়লব্ধ অর্থ জমা দেন, তখন নির্ধারিত - কর্তৃপক্ষ উক্ত ধারার (৯) উপধারার অধীনে “ঘ” ফরমে মনিবের নিকট অবগতিপত্র প্রেরণ করিবেন এবং অবগতিপত্র লাভের তারিখ হইতে এক মাসের মধ্যে অনুরূপভাবে জমাকৃত অর্থ গ্রহণ করিবার জন্য তাহাকে নির্দেশ করিবেন। নির্ধারিত কর্তৃপক্ষ ডাক ও অন্যান্য মাসুলের ব্যবস্থাকল্পে মনিবকে দেয় মোট পরিমাণ হইতে মাত্র দশ টাকা পরিমাণ কাটিয়া রাখিবেন এবং উক্ত পরিমাণ চালান মারফত বিবিধ প্রাপ্তি হিসাবে সরকারী কোষাগারে জমা দিবেন।

ভূমি সংস্কার বিধিমালা
ফরম 'ক'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১১ ধারার (১) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ভূমি সংস্কার বিধি মালার ৩(১) বিধি অনুসারে বর্গা চুক্তিদারদের জন্য দাখিলকৃত প্রার্থনার উপর কারণ দর্শানোর নোটিশ।

প্রতিঃ নাম

পিতা

ঠিকানা

যেহেতু, আমার নিকট এই মর্মে অভিযোগ করা হইয়াছে যে, আপনি বর্গাদার
..... নং বর্গাচুক্তি নামায় বর্ণিত মালিকের জমি বর্গা চাষের জন্য গ্রহণ করিয়াও
১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের নং ধারা /
উপ-ধারা ভঙ্গ করিয়াছেন;

সেহেতু, ১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের এবং উহার অধীনে প্রণীত বিধি অনুযায়ী
কেন আপনার বর্গাচুক্তি বাতিল করা হইবে না, তাহার কারণ অত্র নোটিশ প্রাপ্তির চৌদ্দ দিনের মধ্যে
দর্শাইবার জন্য আপনাকে নির্দেশ দেওয়া হইল। কারণ দর্শাইতে ব্যর্থ হইলে আপনার অনুপস্থিতিতে
একতরফাভাবে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

মোকাম

তারিখ

নির্ধারিত কর্তৃপক্ষ

ভূমি সংস্কার বিধিমালা
ফরম 'খ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১২ ধারার (৪) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ৪ (১) বিধি অনুযায়ী মালিকের প্রতি নোটিশ।

প্রতিঃ নাম

পিতা.

ঠিকানা

যেহেতু, আমার নিকট বর্গাদার কর্তৃক অভিযোগ করা হইয়াছে যে, আপনি.....
..... নং বর্গাচুক্তিভুক্ত ভূমির ১৯ সনের উৎপন্ন শস্যের
আপনার প্রাপ্য অংশ গ্রহণ করিতে অস্বীকার করিয়াছেন, অথবা গ্রহণ করিয়া রসিদ প্রদান করিতে
অস্বীকার করিয়াছেন; সেহেতু, আপনাকে এই মর্মে নির্দেশ দেওয়া যাইতেছে যে, অত্র নির্দেশ প্রাপ্তির
চৌদ্দ দিনের মধ্যে আপনি আপনার প্রাপ্ত ফসল বর্গাদারের নিকট হইতে গ্রহণ করিয়া নির্ধারিত ফরমে
রসিদ প্রদান করিবেন। অন্যথায় উক্ত তারিখের পরে আপনার প্রাপ্য ফসল বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ
মূল্য নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দেওয়ার জন্য বর্গাদারকে অনুমতি প্রদান করা হইবে।

মোকাম

নির্ধারিত কর্তৃপক্ষ

তারিখ.....

ভূমি সংস্কার বিধিমালা
ফর্ম 'গ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১১ ধারার (৭) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ভূমি সংস্কার বিধি মালার ৪(২) বিধি অনুসারে মালিকের অংশের বর্গা ফসল বিক্রয়লব্ধ টাকার প্রাপ্তি রসিদ।

- ১। মালিকের নাম ও ঠিকানা :
- ২। বর্গাদারের নাম ও ঠিকানা :
- ৩। বর্গা চুক্তিনামার নম্বর :
- ৪। মোট উৎপন্ন শস্যের বিবরণী ও পরিমাণ : সন মৌসুম পরিমাণ
- ৫। মালিকের প্রাপ্য অংশ ও পরিমাণঃ অংশ পরিমাণ

উপরে বর্ণিত মালিকের প্রাপ্য ফসলের অংশ মালিক গ্রহণ না করায় উহার বিক্রয়লব্ধ অর্থ মোট..... টাকা অদ্য নির্ধারিত কর্তৃপক্ষকে বুঝাইয়া দিলাম।

মালিকের প্রাপ্য অংশের বিক্রয়লব্ধ অর্থ মোট..... টাকা বুঝিয়া পাইলাম।

নির্ধারিত কর্তৃপক্ষ।

ভূমি সংস্কার বিধিমালা
ফর্ম 'ঘ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১২ ধারার (৯) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত বিধি মালার ৪(৩) ধারা অনুযায়ী মালিকের প্রতি নোটিশ।

প্রতি: নাম

পিতা

ঠিকানা

যেহেতু, ভূমি সংস্কার বিধিমালা ৪(১) বিধি অনুযায়ী ইতিপূর্বে আপনাকে আপনার বর্গাদারের নিকট হইতে প্রাপ্য ফসল গ্রহণ করার নির্দেশ দেওয়া সত্ত্বেও আপনি ঐ নির্দেশ অমান্য করিয়াছেন এবং যেহেতু আপনার বর্গাদার আপনার প্রাপ্য ফসল বিক্রয় করিয়া টাকা (অংকে ও কথায়) আমার নিকট জমা দিয়াছেন।

সেহেতু, অত্র নোটিশ প্রাপ্তির এক মাসের মধ্যে আমার নিকট হইতে ফসল বিক্রয়লব্ধ অর্থ গ্রহণ করার জন্য আপনাকে নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় অতঃপর ঐ টাকা আপনার নামে রেভিনিউ ডিপজিটে বা ব্যাংকে জমা দেওয়া হইবে।

মোকাম

নির্ধারিত কর্তৃপক্ষ

তারিখ

ভূমি সংস্কার বিধিমালা
ফরম 'ঙ'

তারিখ: ১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১২ ধারার (১০) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত বিধি মালার ৪(৩) ধারা অনুযায়ী মালিকের প্রতি নোটিশ।

প্রতিঃ নাম
পিতা.....
ঠিকানা

হইতেই ইতি বর্ণনাকৃত বর্ণনাকৃত কর্তৃক বর্ণনাকৃত বর্ণনাকৃত বর্ণনাকৃত

এতদ্বারা আপনাকে জানানো যাইতেছে যে, যেহেতু আপনার প্রাপ্য ফসলের বিক্রয়লব্ধ টাকা নিম্নস্বাক্ষরকারীর নিকট হইতে গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়ার পর আপনি ঐ টাকা গ্রহণ করিতে ব্যর্থ হইয়াছেন।

সেহেতু, ঐ টাকা আপনার অনুকূলে ট্রেজারী / ব্যাংকে রেভিনিউ ডিপজিট খাতে জমা করা হইয়াছে।

মোকাম

তারিখ

নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ	
নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ	
নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ	
নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ	
নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ		নির্ধারিত কর্তৃপক্ষ	

নির্ধারিত কর্তৃপক্ষ

নির্ধারিত কর্তৃপক্ষ

নির্ধারিত কর্তৃপক্ষ

১৫
১৫
১০

ভূমি সংস্কার বিধিমালা
ফর্ম 'চ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ৮ ধারার (১) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ভূমি সংস্কার বিধি মালার ৬(১) ধারা অনুসারে ভূমি-মালিক ও বর্গাদারের মধ্যে সম্পাদিত চুক্তিমালা।
বর্গাচুক্তিমালা নম্বর তারিখ.....

ভূমির মালিক

নাম

পিতা

ঠিকানা

বর্গাদার

নাম

পিতা

ঠিকানা

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশ এবং উহার অধীনে প্রণীত বিধিমালায় বর্ণিত সকল শর্ত পালনে অঙ্গিকারবদ্ধ হইয়া আমরা মালিক এবং বর্গাদার নিম্ন তফসিলে বর্ণিত কৃষি জমি বর্গাচাষে দেওয়ার এবং বর্গাচাষের জন্য গ্রহণ করার চুক্তিতে আবদ্ধ হইলাম। উৎপাদনের জন্য ব্যয় অংশ মালিক এবং অংশ বর্গাদার বহন করিবেন (সম্পূর্ণ ব্যয় মালিক বা বর্গাদার বহন করিলে সংশ্লিষ্ট ব্যক্তির ঘরে 'সম্পূর্ণ' কথাটি লিখিতে হইবে।)

অত্র চুক্তিমালা সনের তারিখ হইতে সনের তারিখ পর্যন্ত উপরোল্লিখিত অধ্যাদেশ এবং বিধিমালা অনুসারে বলবৎ থাকিবে।

অদ্য সালের তারিখে স্বেচ্ছায় এবং বিনা প্ররোচনায় নিম্নলিখিত সাক্ষীগণের সম্মুখে অত্র চুক্তিমালা সম্পাদন করিলাম।

তফসিল

মৌজার নাম..... জিলা.....
উপজেলা/ থানা.....

দাগ নং	জমির শ্রেণী	দাগের এরিয়া		চুক্তিভূক্ত এরিয়া	
		একর	শতাংশ	একর	শতাংশ

.....
ভূমির মালিকের স্বাক্ষর / টিপসহি

.....
বর্গাদারের স্বাক্ষর / টিপসহি

ভূমি সংস্কার বিধিমালা
ফর্ম 'ছ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ৯ ধারার (৫) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ভূমি সংস্কার বিধিমালা ৬(৩) ধারা অনুসারে চুক্তিনামা সম্পাদন করিয়া দেওয়ার নির্দেশ।

১। মালিকের নাম ও ঠিকানা :

২। বর্গাদারের নাম ও ঠিকানা :

যেহেতু, নিম্নের তফসিলভুক্ত ভূমি ১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশ আমলে আসার পূর্ব হইতেই উক্ত বর্গাদার বর্গাচাষ করিতেছেন বলিয়া জানা গিয়াছে;

এবং যেহেতু, উক্ত অধ্যাদেশের ৯(২) ধারাবলে উভয় পক্ষের মধ্যে তারিখের ভিতর একটি বর্গাচুক্তিনামা সম্পাদিত হওয়া বাধ্যতামূলক ছিল;

এবং যেহেতু, আপনি মালিক / বর্গাদার ঐরূপ বর্গাচুক্তিনামা অদ্যাবধি সম্পাদন করিয়া দেন নাই বলিয়া আমাকে অবহিত করা হইয়াছে। সেহেতু, মালিক / বর্গাদারকে নির্দেশ দেওয়া হইতেছে যে, আপনি অত্র নির্দেশ প্রাপ্তির দুই সপ্তাহের মধ্যে কথিত চুক্তিনামা সম্পাদন করিয়া দিবেন; অন্যথায় নির্দিষ্ট মেয়াদভিত্তিক আমি মালিক / বর্গাদার এর পক্ষে কথিত বর্গাচুক্তিনামা সম্পাদন করিয়া দিব।

তফসিল

মৌজার নাম..... জে,এল,নং

উপজেলা/ থানা..... জিলা.....

খতিয়ান নং	দাগ শ্রেণী	জমির শ্রেণী	দাগের এরিয়া
			একর শতাংশ

মোকাম

তারিখঃ

নির্ধারিত কর্তৃপক্ষ।

ভূমি সংস্কার বিধিমালা ফর্ম 'জ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার বিধিমালার ৬(৪) অনুযায়ী বর্গাচুক্তিনামার সাধারণ রেজিস্টার।
(পরবর্তীতে নামজারীর সুবিধার্থে প্রতিটি বর্গাচুক্তিনামার জন্য একটি পৃষ্ঠা ব্যবহার করিতে হইবে)

বর্গাচুক্তিনামার ক্রমিক নং এবং চুক্তি সম্পাদনের তারিখ	মালিকের নাম, পিতার নাম ও ঠিকানা	বর্গাচারের নাম, পিতার নাম ও ঠিকানা	বর্গাচুক্তিবদ্ধ ভূমির বিবরণ						বর্গাচুক্তির মেয়াদ	মন্তব্য
			মৌজা র নাম	জে. এল. নং	খতি য়ান নং	দাগ নং	শ্রেণী	পরি মাণ		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

প্রতিষ্ঠান	পিতা	পিতা	পিতা
নাম	নাম	নাম	নাম
নাম	নাম	নাম	নাম
নাম	নাম	নাম	নাম

। কার্যকর তারিখ

ভূমির মালিকের স্বাক্ষর / সীলন

বর্গাচারের স্বাক্ষর / সীলন

স্বাক্ষর ও সীলন

১।

২।

৩।

ভূমি সংস্কার বিধিমালা
ফর্ম 'খ'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১০ ধারার (১) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ভূমি বিধিমালায় ৭(১) বিধি অনুসারে মৃত বর্গাদারের স্থলবর্তী ওয়ারিশগণের নাম জারীর আবেদনপত্র।

বরাবরঃ

(কর্তৃপক্ষ)

দরখাস্তকারী/দরখাস্তকারীদের নাম ও ঠিকানা :

নিবেদন এই, নিম্নের তফসিলভুক্ত ভূমি আমার (দরখাস্তকারী)/আমাদের (দরখাস্তকারীগণের) পিতা (অমুক) মালিকের নিকট হইতে নং বর্গাচুক্তিমালা বলে বর্গা গ্রহণ করিয়া বর্গাচাষ করিতেছিলেন। বিগত তারিখে তিনি মারা গিয়াছেন। আমি/আমরা দরখাস্তকারী/দরখাস্তকারীগণ তাহার স্থলবর্তী ওয়ারিশ। এই সঙ্গে ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য/চেয়ারম্যানের নিকট হইতে একটি প্রত্যয়নপত্র দাখিল করিলাম। আমি/আমরা আমার/আমাদের পিতা কর্তৃক বর্গাচুক্তিমূলে প্রাপ্ত নিম্নতফসিলভুক্ত ভূমি বর্গাচাষ করিতে সম্পূর্ণ সক্ষম।

অতএব, প্রার্থনা নং বর্গাচুক্তি স্বাক্ষর মেয়াদ পর্যন্ত যাহাতে আমি/আমরা ঐ চুক্তিভুক্ত ভূমি চাষাবাদ চালাইয়া যাইতে পারি, সেইজন্য সংশ্লিষ্ট রেজিষ্টারে আমার/আমাদের মৃত পিতার নামের স্থলে ওয়ারিশ হিসাবে আমার/আমাদের নাম তালিকাভুক্তি বা নামজারী করিতে মর্জি হয়।

তারিখ

১।
২।
৩।

(দস্তখত বা টিপসহি)

উকসিল

মৌজা নং উপজেলা

জিলা খতিয়ান নং দাগ নং

ভূমি সংস্কার বিধিমালা

ফর্ম 'ট'

১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ১২ ধারার (৩) উপ-ধারা এবং উহার অধীনে প্রণীত ভূমি সংস্কার বিধিমালার ৮(১) বিধি অনুসারে মালিক ও বর্গাদারের মধ্যে বর্গা ফসলের ভাগ প্রদান ও প্রাপ্তির রসিদ।

- ১। মালিকের নাম ও ঠিকানা :
- ২। বর্গাদারের নাম ও ঠিকানা :
- ৩। বর্গা চুক্তিনামার নম্বর :
- ৪। মোট উৎপন্ন শস্যের বিবরণী ও পরিমাণ :
 সন..... মৌসুম পরিমাণ উপরে
 বর্ণিত মালিকের প্রাপ্য ফসলের অংশ মালিককে বুঝাইয়া দিলাম।

বর্গাদারের স্বাক্ষর / টিপসহি
 ও তারিখ

আমার প্রাপ্য ফসলের অংশ বর্গাদারের নিকট হইতে বুঝিয়া পাইলাম।

(স্বাক্ষরীয় চিহ্ন)

মালিকের / প্রতিনিধির স্বাক্ষর / টিপসহি
 তারিখঃ

.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও পশুপালন মন্ত্রণালয়
মৎস্য শাখা - ২
স্মারক নং - ৬২/মৎস্য/রেণু - ৯/৮৫/৫৫ তারিখ : ১/৩/১৯৮৬ইং

প্রেরক : এম. এ. সাঈদ

সচিব

মৎস্য ও পশুপালন মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাপক : জেলা প্রশাসক.....

বিষয় : ব্যক্তিমালিকানাধীন পতিত পুকুর ব্যবস্থাপনায় ১৯৩৯ সনের পুকুর উন্নয়ন আইনের প্রচার,
প্রয়োগ এবং উপজেলা পরিষদের ভূমিকা।

জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ডে ব্যাপক সংখ্যায় শ্রমজীবীদের কর্মসংস্থান ও আমাদের আমিষ জাতীয় খাদ্য ঘাটতি পূরণের উদ্দেশ্যে মাছের চাষ ও সংরক্ষণের উপর সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। তবে গ্রামাঞ্চলে অবস্থিত দীঘি-পুকুর গুলোতে বিজ্ঞানসম্মত উপায়ে মাছ চাষে এক শ্রেণীর মালিকের অবহেলা ও উদাসীনতা পরিলক্ষিত হচ্ছে। তাঁরা নিজেরাও মাছ চাষের ব্যবস্থা নিচ্ছেন না, উপরন্তু মাছ চাষে অগ্রহী অপূর কাহাকেও তাঁদের পুকুরে মাছ চাষ করতে দিতে রাজী নন। গ্রামাঞ্চলের অনেক বেকার যুবক, ছোট খাট-সংস্থা বা সমিতি এই সকল পতিত দীঘি-পুকুরগুলোকে সংস্কার করে মাছ চাষ করতে পারেন।

২। সম্প্রতি ১৯৩৯ সালে পুকুর উন্নয়ন আইন (The Bengal Tanks Improvement Act. 1939) সংশোধন করা হয়েছে। সংশোধিত অধ্যাদেশের বলে জেলা প্রশাসক (কালেক্টর) এবং উপজেলা নির্বাহী অফিসারগণ সরকারের পক্ষে সর্বক্ষমতা প্রয়োগ করতে পারেন। এই অধ্যাদেশের একটি অনুলিপি এতদসঙ্গে সংযোজিত করা হলো। উক্ত আইনের বিশেষ কয়েকটি সংস্থান নিম্নে উল্লেখ করা হলোঃ

ক) ৩ (তিন) নম্বর ধারায় অর্পিত ক্ষমতাবলে জেলা প্রশাসক পতিত হিসাবে চিহ্নিত কোন দীঘি বা পুকুরে প্রয়োজনীয় সংস্কারমূলক কাজ করে উহা মাছ চাষের আওতায় আনার জন্য দীঘি বা পুকুরের মালিককে নোটিশ দিতে পারবেন।

খ) নোটিশ পাওয়ার পর যদি পুকুর মালিক নির্দিষ্ট সময়ের মধ্যে তা করতে ব্যর্থ হয় তাহলে জেলা প্রশাসক ৪ (চার) নম্বর ধারাবলে সংশ্লিষ্ট পুকুরটিকে একটি পতিত পুকুর হিসেবে ঘোষণা করে ৫ (ক) নম্বর ধারাবলে উহা অধিগ্রহণ (রিকুইজিশন) করতে পারবেন।

গ) অধিগ্রহণ করার পর উক্ত পুকুরটিতে মাছ চাষে আগ্রহী স্থানীয় কোন সংস্থা বা সমিতি বা ব্যক্তির নিকট নির্দিষ্ট সময়কালের জন্য (তবে কুড়ি বছরের বেশী নহে) ৬ নম্বর ধারাবলে উহা হস্তান্তর করা যাবে। বহু মালিকানাধীন পুকুরের ক্ষেত্রে একজন অংশীদার এককভাবে বা একাধিক অংশীদার যৌথভাবে কাজিফত সংস্কারমূলক কাজগুলো করে মাছ চাষে আগ্রহী থাকলে হস্তান্তরকালে এরূপ অংশীদার বা অংশীদারদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। হস্তান্তর মেয়াদ শেষ হওয়ার পর পুকুর মালিককে তাঁর পুকুর ফিরিয়ে দিতে হবে।

ঘ) পুকুরটি সরকারের নিয়ন্ত্রণাধীন থাকাকালে ১২ (১) নং ধারা অনুযায়ী পুকুর মালিক পুকুরটির জন্য সরকার কর্তৃক নির্ধারিত খাজনা বা ভাড়া পাবেন।

৩। বর্তমানে গোটা বাংলাদেশে বহু মৎস্য বীজ উৎপাদন কেন্দ্র গড়ে উঠেছে এবং চালু আছে ও আরও অনেক কেন্দ্র হচ্ছে। সরকারী ও বেসরকারী পর্যায়ে বেশ কতগুলো হ্যাচারী চালু আছে। অতএব মাছের পোনা সংগ্রহ করা সহজ ও সুলভ হয়েছে। এমতাবস্থায় দেশের পতিত পুকুর-দীঘিসমূহ সংস্কার করে মৎস্য চাষের ব্যাপক সম্প্রসারণের প্রচেষ্টা চালানো প্রয়োজন। আশা করা যায় ব্যাপক প্রচেষ্টার মাধ্যমে বিজ্ঞানসম্মত উপায়ে সংশ্লিষ্ট সকলকে মৎস্য চাষে উদ্বুদ্ধ করা যাবে।

স্বা/- (এম, এ, সাঈদ)

সচিব

নংক - ৬২ / মৎস্য / রে. ৯/৮৫/৫৫ ১()

তারিখ : ১/৩/৮৬ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব..... সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার বিভাগ.....
- ৬। পরিচালক, মৎস্য পরিদপ্তর, মৎস্য ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
- ৮। চেয়ারম্যান পৌরসভা.....
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....
- ১০। উপ-পরিচালক, মৎস্য দফতর বিভাগ.....
- ১১। জেলা মৎস্য কর্মকর্তা.....
- ১২। উপজেলা মৎস্য কর্মকর্তা.....

স্বা/- (জাহিরুল হক)

উপ-সচিব

মৎস্য ও পশুপালন মন্ত্রণালয়।

ভূমি সংস্কার অভিযান

অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

(ভূমি সংস্কার কোষ)

নং ভূঃ কোষ / ১-১৪/ ৮৭/২৩৮

তারিখ : ১৮ই নভেম্বর, ১৯৮৭ইং।

পরিপত্র নং ৯

প্রেরক : এম. মোকাম্মেল হক,

সচিব, ভূমি মন্ত্রণালয়

প্রাপক : কালেক্টর/জেলা প্রশাসক

জেলা (সকল)।

বিষয় : ভূমির সর্বোচ্চ সীমা নিয়ন্ত্রণ অধ্যাদেশ পি. ও ৯৮/৭২ ও ভূমি সংস্কার অধ্যাদেশ ৮৪ এর বিধান অনুসারে ভূমিহীনদের মধ্যে বিতরণের উদ্দেশ্যে মাত্রাতিরিক্ত জমি উদ্ধার।

বাংলাদেশের মত কৃষিপ্রধান দেশে জমির সুসম বন্টন সামাজিক সাম্য ও জাতীয় মঙ্গলের প্রকৃষ্ট পন্থা। তদুদ্দেশ্যে দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার চাপ ও ভূমিহীনদের সংখ্যা আশংকাজনক বৃদ্ধির প্রেক্ষিতে সরকার ১৯৫০ সালে জমিদারী উচ্ছেদ আইনের সংশ্লিষ্ট বিধি সংশোধন ক্রমে ১৯৭২ সালে The Bangladesh Land Holding (Limitation) Order 1972 (P.O.98) জারী করেন। এই অধ্যাদেশ মোতাবেক, কোনো পরিবার বা সংস্থা, বিশেষ ক্ষেত্র ব্যতিরেকে ওয়ারিশ সূত্রে হোক কিংবা খরিদা সূত্রে হোক কিংবা অন্য কোন সূত্রে হোক, ১০০ (একশত) মান বিঘার উর্ধ্বে কোন জমি নিজ মালিকানায় রাখতে পারবে না। ১৯৮৪ এর ভূমি সংস্কার অধ্যাদেশ অনুসারে নতুন করে কোনো মালিক তার ভূসম্পত্তির পরিমাণ ৬০ বিঘার উপর বৃদ্ধি করতেও পারবে না। তদুর্ধ্ব উদ্ভূত জমি/অতিরিক্ত জমি সরকারের নিকট সমর্পিত গণ্য হবে এবং তা বিধি-মারফত ভূমিহীন/প্রায়-ভূমিহীন যথাপযুক্ত কৃষক পরিবারের মধ্যে যথাশীঘ্র বন্টন করা হবে। এ অধ্যাদেশ সমগ্র বাংলাদেশব্যাপী তৎক্ষণাৎ বলবৎ হয়েছিলো।

২। কিন্তু উপরোক্ত অধ্যাদেশ (P.O. 98/72) প্রশাসনিক দৌর্বল্য, ইতস্ততা ও ঔদাসিন্যের জন্য আজ অন্যান্য ১৫ বৎসর পরও সর্বতোভাবে, সঠিকভাবে ও পূর্ণাঙ্গভাবে কার্যকর ও বাস্তবায়িত হয়নি বলে সরকার মনে করেন। ফলে গোটা দেশে তেমন উল্লেখযোগ্য পরিমাণ জমি উদ্ধৃত হিসেবে সরকারের দখলে আসেনি। নামে ও বেনামীতে বহু লোক ১০০ বিঘার অনেক বেশী জমির মালিক হিসাবে সমাজে বিচরণ করছেন। একথাও সর্বজনবিদিত যে ১৯৮৪ সালের অধ্যাদেশ জারী করার পরেও গ্রামাঞ্চলের প্রভাবশালী লোকজন এবং শহরবাসী সমাজের উঁচু পর্যায়ের জোতদারগণ ৬০ বিঘার উপরেও বিনা বাধায় ইচ্ছামত জমি ক্রয় ও ভোগ দখল করছেন। প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের জমি নামে/বেনামীতে সীমিত সংখ্যক ব্যক্তি পরিবারের হাতে হস্তান্তর হচ্ছে।

৩। পি. ও ৯৮/৭২ এর ৫ম ধারায় বর্ণিত ১০০ (একশত) মান বিঘার উর্ধ্ব পরিমাণ ভূসম্পত্তির মালিকদের প্রতি ৭ (৭) ধারা মতে ১৯৭৩ সালের ৩১শে জানুয়ারী মধ্যে নির্দিষ্ট হকে স্ব স্ব সম্পত্তির হিসাব স্থানীয় রাজস্ব কর্মকর্তার কাছে দাখিল করার নির্দেশ রয়েছে। কিন্তু এ নির্দেশ কতটুকু কার্যকর

হয়েছে তা পুঙ্খানুপুঙ্খরূপে পর্যবেক্ষণ করে দেখা হয়নি। বিলম্বে হলেও এখন জেলা রাজস্ব কর্মকর্তা-গণকে ভূমি মালিকদের প্রদত্ত বিবৃতি সঠিক কিনা তা কঠোরভাবে খতিয়ে দেখার জন্যে অনুরোধ জানানো হচ্ছে। বিবৃতি প্রদানকারী সঠিক খবর গোপন রাখছেন সন্দেহ হলে অধ্যাদেশের ৯ম ধারা মতে ভূম্যধিকারীর ভূমি সংক্রান্ত খবরাদি স্থানীয় লোকজন থেকে সংগ্রহ করে নেয়া যেতে পারে। যদি কোনো পরিবার/সংস্থা উক্ত হিসাব দিতে ব্যর্থ হয় কিংবা ভুল তথ্য সরবরাহ করে, তবে পরিবার কর্তাকে/সংস্থা কর্তাকে ৮ম ধারামতে জেল-জরিমানা দেয়ার বিধান রয়েছে। প্রত্যেক রাজস্ব কর্মকর্তার এ বিধান কঠোরভাবে প্রয়োগ করা প্রয়োজন। এ ব্যাপারে ৩১ শে ডিসেম্বর '৮৪ তারিখের মধ্যে মাত্রাতিরিক্ত জমির তালিকা প্রণয়ন করতে হবে। প্রয়োজনবোধে এ ব্যাপারে করণীয় কাজ যেন সুষ্ঠুভাবে চলতে থাকে সে ব্যাপারে কালেক্টর ব্যক্তিগতভাবে সজাগ থেকে নিয়মিত তদারক করবেন।

৪। উপরোক্ত অধ্যাদেশ বলে কোন জেলায় কত পরিমাণ জমি সরকারের হস্তগত হয়েছে কিংবা কি পরিমাণ ভূমিহীন/প্রায় ভূমিহীনদের মাঝে তা বন্টিত হয়েছে এর পূর্ণ বিবরণ সংগ্রহের জন্যে সর্বস্তরের রাজস্ব কর্মকর্তাগণের আরও অধিক তৎপর হওয়া আবশ্যিক। কোন কোন ক্ষেত্রে রাজস্ব বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের যোগসাজসে সরকারের এ মহৎ প্রচেষ্টা ব্যর্থ হয়েছে এমন ধারণা করাও খুব অন্যায্য হবে না। ভবিষ্যতে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করে অতীতের দুর্নাম মুছে ফেলা যেতে পারে।

৫। ক্ষেত্র বিশেষে উপরোক্ত অধ্যাদেশ বলে মূল মালিককে, সরকার কর্তৃক দখলকৃত জমির ক্ষতিপূরণ সম্পূর্ণ পরিশোধ করা হয়নি। এ কারণেও এসব জমি ভূমিহীনদের মধ্যে বন্টন প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। যদিও ক্ষতিপূরণ পরিশোধ করার পূর্বে দখলকৃত জমি বন্টন করতে আইনতঃ কোন বাধা নাই তবুও ক্ষতিপূরণ পরিশোধ বিষয়টির ত্বরিত নিষ্পত্তি আইনানুগভাবে অবশ্য পালনীয় কর্তব্য। ক্ষতিপূরণ না দেয়ার কারণে কোন কোন ক্ষেত্রে উদ্ভূত জমি সরকারী দখলে নেয়া সম্ভব হয়নি।

৬। সরকার মনে করেন যে, জমির মালিকানার সর্বোচ্চ সীমা সম্পর্কিত উপরোক্ত বিধি বিধান-সমূহ পুরোপুরি মানা হলে বিপুল পরিমাণ উদ্ভূত জমি উদ্ধার করা সম্ভবপর হবে এবং এ জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। কোন কর্মকর্তা/কর্মচারী এ নির্দেশ পালনে উদাসীনতা/অবহেলা প্রদর্শন করলে তা কঠোরতার সাথে বিবেচিত হবে।

৭। এমতাবস্থায় সকল জেলা প্রশাসকদের অনুরোধ করা যাচ্ছে যে, রাষ্ট্রপতির অধ্যাদেশ ৯৮/৭২ এবং ভূমি সংস্কার অধ্যাদেশ ১৯৮৪ এর বিধান বলে সিলিং বর্হিভূত জমি অবিলম্বে গ্রহণ করে তা সরকারী খাসে আনতে হবে। অতঃপর ভূমি সংস্কার অভিযানের অংশ হিসাবে খাস কৃষি জমি বন্টনের নতুন নীতিমালার আলোকে ভূমিহীনদের মধ্যে এই উদ্ভূত কৃষি জমি বন্টন করতে হবে এবং অকৃষি খাসজমি সরকারী দখলে আনতে হবে। এ ব্যাপারে প্রত্যেক জেলার কাজের অগ্রগতি আগামী ১লা ডিসেম্বর ১৯৮৭ ইং থেকে প্রতি দু'সপ্তাহের ব্যবধানে পাক্ষিক প্রবিবেদনের মাধ্যমে মন্ত্রণালয়ের ভূমি সংস্কার কোষকে অবহিত করতে হবে।

সচিব। (এম. মোকাম্মেল হক)

বিশেষ ছক
পরিপত্র নং - ৯ দ্রষ্টব্য

সর্বোচ্চ সিলিং বহির্ভূত জমি উদ্ধারের (পিও - ৯৮/৭২ অনুসারে ১০০ মান বিঘা ও
ভূমি সংস্কার অধ্যাদেশ ১৯৮৪ অনুসারে ৬০ মান বিঘা) মাসিক অগ্রগতির বিবরণী

জেলার নাম মাসের নাম

পি, ও, ৯৮/৭২ অনুযায়ী							
উপজেলার নাম	সিলিং বহির্ভূত জমির কেসের সংখ্যা	উদ্ধারযোগ্য জমির পরিমাণ	এযাবত নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা	এযাবত উদ্ধারকৃত মোট জমির পরিমাণ	বিবেচ্য মাসের কতটি কেস শুরু করা হইয়াছে	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা	বিবেচ্য মাসে উদ্ধারকৃত পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮

সিলিং বহির্ভূত কেসের সংখ্যা	চিহ্নিত জমির পরিমাণ	উদ্ধারকৃত জমির পরিমাণ	বিবেচ্য মাসে প্রাপ্ত সিলিং বহির্ভূত জমির কেসের সংখ্যা	বিবেচ্য মাসে তদন্ত/কেসের নিষ্পত্তির সংখ্যা	বিশেষ মন্তব্য / সমস্যা (বিবরণের জন্য অতিরিক্ত কাগজসহ সংযোজন করা যেতে পারে)
৯	১০	১১	১২	১৩	১৪

অতিরিক্ত জেলা প্রশাসক
এর স্বাক্ষর

উপরে বর্ণিত অধিনীত ব্যক্তিগণ অনুযায়ী অবগতি করিয়ে দেয়া হইবে যে, পরিবার ভিত্তিক জমির
সীমা ১৯৮৪ সালের অধ্যাদেশ প্রবর্তন করার পূর্ব পর্যন্ত ১০০ বিঘা ছিল, ১৯৮৬ সালের অধ্যাদেশবলে
সর্বমুখ্যে সেরা পরিবার ৬০ বিঘার উপরে কৃষি জমি অধিষ্টিত করিতে পারিবে না। যাহা হইবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা নং - ৯

স্মারক নং ভূঃ মঃ ১৩ (আইন) ৪৬/৮৮/৭৫৩

তারিখঃ ২০/১২/৮৮ইং

৫/৯/৯৫বাং

পরিপত্র

বাংলাদেশের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অর্থনৈতিক কাঠামো অত্যন্ত দুর্বল। বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগ ইহাকে আরো দুর্বলতর করিয়া তোলে। ফলে কেবল মাত্র বাঁচিবার তাগিদে এই অসহায় কৃষককূলে তাহাদের সামান্য জমিজমা বা গবাদি পশু বিক্রয় করিয়া ভূমিহীন হইয়া পড়ে। ইদানিংকালে লক্ষ্য করা গিয়াছে যে, ভূমিহীনে রূপান্তরিত হইবার প্রবণতা ক্রমেই বৃদ্ধি পাইতেছে। সরকার এই বিষয়ে গভীরভাবে উদ্বিগ্ন এবং এ সমস্যা হ্রাসকরণ ও সমাধানে সহায়ক ব্যবস্থাাদি গ্রহণে দৃঢ়সংকল্প।

২। সাম্প্রতিক কালের ভয়াবহ বন্যায় কৃষকদের একটি বৃহৎ অংশ ক্ষতিগ্রস্ত হইয়াছে। বিশেষ করিয়া ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের দুর্দশা চরমে পৌছিয়াছে। ইহার ফলে তাহাদের সামান্য যাহা জায়গা জমি আছে তাহা বিক্রয় করিয়া দিবার সমূহ আশংকা দেখা দিয়াছে। এই প্রবণতা বন্ধ না করা গেলে ভূমিহীনদের সংখ্যা আরো বৃদ্ধি পাওয়ার সমূহ সম্ভাবনা রহিয়াছে। পর পর একটি বা দুইটি ফসল মৌসুম তাহাদের এই দুরবস্থা রোধ করিতে সক্ষম হইবে বলিয়া আশা করা যায়। এমতাবস্থায় সরকার মনে করেন যে, বিপর্যয় উত্তর সময়ে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জমি বিক্রয়ের প্রবল ধারাকে সাময়িকভাবে যথাসম্ভব নিরুৎসাহিত করিতে পারিলে ভূমিহীনতার প্রবণতা বহুলাংশে হ্রাস পাইবে।

৩। প্রচলিত বিভিন্ন আইন ও সরকারী আদেশে জমি হস্তান্তর সম্বন্ধীয় কিছু কিছু বাধা-নিষেধ আছে, এই গুলির সৃষ্ট, বাস্তবায়ন হইলে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের ভূমিহীনে রূপান্তরিত হওয়ার সম্ভাবনা কম থাকিবে। এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, ১৯৫০ সালের এস.এ.এণ্ড টি. এ্যাক্ট এর ৯০ (২) ধারা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কোন কৃষি জমি অকৃষকের নিকট বিক্রয় করা যায় না। আবার পি.ও.নং -৯৮/৭২ অনুযায়ী পারিবারভিত্তিক কৃষি জমির সীমাও ১০০ বিঘা পর্যন্ত ছিল। বর্তমানে ১৯৮৪ সালের ভূমি সংস্কার অধ্যাদেশ এর ৪ ধারা অনুযায়ী পারিবারভিত্তিক জমির সীমা হ্রাস করিয়া ৬০ বিঘা পর্যন্ত করা হইয়াছে। নতুন অর্জিত কোন সম্পত্তিসহ ৬০ বিঘার সীমা অতিক্রম করিতে পরিবে না। সংশ্লিষ্ট ধারাগুলি নিম্নরূপঃ

- (১) ১৯৫০ সালের জমিদারী অধিগ্রহণ ও প্রজাসত্ত্ব আইনে ৯০ (২) উপ-ধারায় বর্ণিত রয়েছেঃ

"90-(2) Notwithstanding anything contained In any other law for the time being in force, the holding of a raiyat or share or portion thereof shall not be transferred, whether by sale or gift or bequeath or otherwise or by sale in execution of decree or of a certificate signed under the Public Demands Receovery Act. 1913, except to bonafide cultivator and any other tenancy or a share or portion thereof shall not be transferred by any such means..... "

"90 (5) Any transfer of a holding or tenancy or of a share or portion thereof made in contravention of the provisions of this section shall be void, and the lands comprised in the holding or tenancy or share portion so transferred shall vest absolutely in the Government free from all encumbrances."

(২) পি, ও, ৯৮/৭২ অধ্যাদেশ বলে উপরোক্ত সীমা ১০০ বিঘা করা হইয়াছে।

Section 3 of the Bangladesh Land Holding (linimtation) Order 1972 (P.O 98/72) Notwithstanding anything to the contrary in any other law for the time being in force:

(a) No family (or body) shall be entirted to retain any land held by it in excess of one hundred standard bighas in the aggregate and all lands held by it in excess of that quantity shall be surrendered to the Government ; and

(b) No family (or body) shall be entitled to acquire any land by purchase, inhereitance, gift, heba or otherwise which, added to the land already held exceeds one hundred standard bighas in the aggregate.

৩) ১৯৮৪ সনের ভূমি সংস্কার অধ্যাদেশের ৪ নং ধারার বলে কৃষি জমি অর্জনের ক্ষেত্রে সীমাবদ্ধতা নিম্নরূপে বর্ণিত আছেঃ

Section 4. Limitation on acquisition of agricultural land (1) No malik who or whose family owns more than sixty standard bighas of agricultural land shall acqurie any new agricultural land by transfer, inheritance gift or any other means (2) A malik who or whose family owns less than 60 standard bighas of agricultural land may acquire new agricultural land by any means, but such new land, together with the agricultural land owned by him, shall not exceed sixty standard bighas.

উপরে বর্ণিত আইনের ধারাবলি অনুধাবন করিলে দেখা যাইবে যে, পরিবার ভিত্তিক জমির সীমা ১৯৮৪ সালের অধ্যাদেশ প্রবর্তন করার পূর্ব পর্যন্ত ১০০ বিঘা ছিল, ১৯৮৪ সালের অধ্যাদেশবলে নতুনভাবে কোন পরিবার ৬০ বিঘার উপরে কৃষি জমি অর্জন করিতে পারিবেন না। যাহা হউক,

উপরোক্ত আইনের ধারাগুলো সঠিকভাবে বাস্তবায়ন করিলে কৃষি জমির হস্তান্তর কিছুটা সীমিত হইবে এবং প্রান্তিক চাষীদের ভূমিহীনে হইবার পক্ষে প্রতিবন্ধকতা সৃষ্টি হইবে বলিয়া আশা করা যায়।

এমতাবস্থায় আইন বিচার মন্ত্রণালয়ের সহিত আলোচনাক্রমে ভূমি মন্ত্রণালয় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেনঃ

ক) যে কোন কৃষি জমি হস্তান্তর করিতে হইলে ক্রেতা স্থানীয় ম্যাজিস্ট্রেটের কোর্টে নিম্নে বর্ণিত ছকে এই মর্মে একটি এফিডেভিট প্রদান করিবেন যে, তিনি একজন কৃষক, তাহার পরিবারের স্বনামে বা বেনামে ৬০ বিঘার উর্ধ্বে কোন জমি নাই এবং প্রস্তাবিত সম্পত্তি (যাহার বর্ণনা এফিডেভিটের সহিত সংশ্লিষ্ট থাকিবে) ক্রয় করার পরেও উহার পরিমাণ ৬০ বিঘা অতিক্রম করিবে না। (ছক-১)

খ) এফিডেভিটের দুইটি সত্যায়িত ফটো কপি ক্রেতা স্থানীয় সহকারী কমিশনার (ভূমি) এর নিকট দাখিল করিবেন। সহকারী কমিশনার (ভূমি) উহা প্রাপ্তির ৭ দিনের মধ্যে স্থানীয় সাব-রেজিস্ট্রার অফিসে, নিম্নবর্ণিত ছক অনুযায়ী এই মর্মে একটি ছাড়পত্র প্রেরণ করিবেন যে, ক্রেতা তাহার নিকট এফিডেভিটের একটি অনুলিপি দাখিল করিয়াছেন এবং আইনানুগ অন্য কোন বাধা না থাকিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তর / রেজিস্ট্রি করা যাইতে পারে। সহকারী কমিশনার (ভূমি) এ ছাড়পত্রের অনুলিপি ক্রেতাকেও দিবেন। (ছক-২)

গ) সাব-রেজিস্ট্রার, সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হইতে উক্ত ছাড়পত্র পাওয়ার পর ক্রেতার নামে জমি রেজিস্ট্রি করার আইনানুগ ব্যবস্থা নিবেন।

ঘ) সহকারী কমিশনার (ভূমি) এফিডেভিটের সত্যায়িত ফটোকপি পাইবার পর পরই ইচ্ছুক ক্রেতার এফিডেভিটের মর্মানুযায়ী তাহার পেশা ও পরিবারভিত্তিক জমির প্রকৃত পরিমাণ নির্ধারণের যথাযথ কার্যক্রম গ্রহণ করিবেন এবং যাচাই অন্তে এই ধরনের সকল কেসের একটি প্রতিবেদন অতিরিক্ত জেলা প্রশাসকের (রাজস্ব) এর নিকট প্রতি মাসে প্রেরণ করিবেন (ছক- ৩ (ক), ছক-৩ (খ))। অতিঃ জেলা প্রশাসক (রাজস্ব) উহা তাহার অফিসে ভবিষ্যতে রেফারেন্স এর জন্য রক্ষণাবেক্ষণ করিবেন। সহকারী কমিশনার তাহার নিজের অফিসে ছক--৩ (ক) মোতাবেক একটি রেজিস্টার সংরক্ষণ করিবেন।

ঙ) যে ক্ষেত্রে জমি ক্রয় করিতে ইচ্ছুক ব্যক্তির বাসস্থান এবং প্রস্তাবিত ক্রয়ের জমি ভিন্ন উপজেলাতে অবস্থান করে সেই ক্ষেত্রে ক্রেতাকে তাহার বাসস্থান উপজেলার এফিডেভিট করিতে হইবে এবং উক্ত উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এর নিকট তিনটি সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে। সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্ট অন্য উপজেলার উহার একটি অনুলিপি প্রেরণপূর্বক শেষোক্ত উপজেলার সহকারী কমিশনারকে অবগত রাখিবেন। ছাড়পত্রও দিবেন।

চ) যদি ক্রয়যোগ্য সম্পত্তি অকৃষি শ্রেণীভুক্ত হয় তাহা হইলেও উহা অকৃষি জমি এই মর্মে এফিডেভিট করিতে হইবে এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ করিতে হইবে যাহাতে সহকারী

কমিশনার (ভূমি) পরবর্তী কার্যক্রমগুলি গ্রহণ করিতে পারেন। তবে এই ক্ষেত্রে এফিডেভিট প্রদানে ইচ্ছুক ক্রেতার কৃষক হওয়ার প্রয়োজনীয়তা নাই।

উপরোক্ত সিদ্ধান্তগুলি বাস্তবায়িত হইবে এবং ইহার কার্যকারিতা আগামী ৩০ শে জুন '৯৮ পর্যন্ত বলবৎ থাকিবে।

স্বা/- (এম, মোকাম্মেল হক)

সচিব

ভূমি মন্ত্রণালয়।

বিতরণঃ

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/ঢাকা।
- ২। কালেক্টর/জেলা প্রশাসক (সকল)।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৫। সহকারী কমিশনার (ভূমি)..... (সকল)।
- ৬। উপজেলা রাজস্ব অফিসার (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে

- ১। সচিব, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ।
- ২। মহা-পরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, বাংলাদেশ।
- ৩। জেলা রেজিস্ট্রার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

স্মারক নং- ভূমঃ (ওয়াকফ-২-১১০/৮৭/৩৩

তারিখ : ৩০/১০/১৩৯৫ বাং

১২/২/১৯৮৯ ইং

যেহেতু, ১৯৫০ সালের জমিদারী স্বত্ব বিলোপ ও প্রজাস্বত্ব আইনের (১৯৫১ সালের ২৮নং আইন) ৩ (১) ধারা মোতাবেক ওয়াকফ লিহ্বাহ, ওয়াকফ আল-আওলাদ, দেবোত্তর ও অন্যান্য ট্রাস্ট এস্টেটের সমস্ত প্রকার খাজনা আদায়ের স্বার্থ ও উৎসসমূহ যথা অতিরিক্ত ভূসম্পত্তি, হাট-বাজার, হাটবাজারসহ ইমারত, জলমহাল, বনভূমি ও খেয়াঘাট এস্টেটের শ্রেণী নির্বিশেষে সরকারের নিয়ন্ত্রণে আনতে হবে।

যেহেতু, কোন কোন ক্ষেত্রে এ ধরনের এস্টেটের মোতোয়ালী, সেবাইত বা ট্রাস্ট উপরোক্ত আইনের ৪ ধারা মোতাবেক অধিগ্রহণযোগ্য সম্পত্তির সঠিক বিবরণ রাজস্ব অফিসারের নিকট পেশ করেন নাই।

এবং যেহেতু, জেলা প্রশাসন কতিপয় ক্ষেত্রে ৩ (২) ধারার ক্ষমতা প্রয়োগ করে উপরোক্ত এস্টেটের খাজনা আদায়ের স্বার্থ ও উৎসসমূহ প্রকৃতপ্রক্ষে অধিগ্রহণ না করে আইনের ১০ এ ধারা অনুযায়ী এস্টেটের সংশ্লিষ্ট মোতোয়ালী/সেবাইত/ট্রাস্ট প্রতিনিধিকে সরকারের এজেন্ট হিসাবে খাজনা আদায়ের দায়িত্ব অর্পণ করেছেন।

এবং যেহেতু, এর ফলে নিম্নবর্ণিত গুরুতর অসুবিধার উদ্ভব হয়েছে, যেমনঃ

- (ক) মোতোয়ালী/সেবাইত/ট্রাস্ট খাজনা আদায়ের ব্যবস্থা চালু করে দ্বৈত কর প্রশাসন ব্যবস্থা চালু রেখেছেন এবং তারা কর/লীজ অর্থ হিসেবে যা আদায় করেছেন তার সঠিক হিসাব না রেখে ধর্মীয়/ দাতব্য উদ্দেশ্যে প্রয়োজনীয় খরচ বাদ দিয়ে আদায়কৃত বাকী অর্থ জমা দিচ্ছেন না;
- (খ) মোতোয়ালী/সেবাইত/ট্রাস্ট ধর্মীয় ও দাতব্য উদ্দেশ্যে প্রয়োজনীয় খরচ নির্বাহের জন্য খাজনা আদায়ের উৎসসমূহ নিজেদের নিয়ন্ত্রণে রাখতে চাচ্ছেন যা আইনতঃ অনুমতিত্ব নয়;
- (গ) বার্ষিক নির্দিষ্ট হারের এ্যানুইটি ফ্রেতা ও অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ দাবী করেছেন;
- (ঘ) যে সমস্ত ওয়াকফ/দেবোত্তর/ট্রাস্ট এস্টেটের স্বত্বাধিকারীগণ ৪ ধারা মোতাবেক বিবরণ দেননি কিন্তু ১৯৫০ সালের আইনের ১৭-১১ ধারা মতো স্টেট একুইজিশন অপারেশনের সময় তাদের অধীনস্থ প্রজাদের নামে সাময়িক জমির স্বত্ব রেকর্ড প্রণীত হয়েছে, তারা উপরস্থ মালিক হিসেবে অধিগ্রহণকৃত এ ধরনের সম্পত্তির ক্ষতিপূরণ দাবী করেছেন।

সেহেতু, উপরোক্ত বিষয়াদি ও সমস্যাবলী সমাধানার্থে সুষ্ঠু পর্যালোচনাতে উপযুক্ত সুপারিশমালা প্রণয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে সরকার একটি ওয়াকফ/দেবোত্তর সম্পত্তি

পর্যালোচনা কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। উক্ত কমিটি নিম্নবর্ণিত অফিসারদের নিয়ে গঠিত হবেঃ-

(১) ওয়াকফ/দেবোত্তর সম্পত্তি পর্যালোচনা কমিটি :

পদ	মন্ত্রণালয়/সংস্থা	কমিটিতে মর্যাদা
(ক) ভূমি সংস্কার কমিশনার	ভূমি মন্ত্রণালয়	চেয়ারম্যান
(খ) ওয়াকফ প্রশাসক ঢাকা	ওয়াকফ প্রশাসকের দপ্তর, ঢাকা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	ডাইস চেয়ারম্যান
(গ) উপ-সচিব পদমর্যাদার আইন ও বিচার মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি।	আইন ও বিচার মন্ত্রণালয়	সদস্য
(ঘ) উপ-সচিব পদমর্যাদার ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
(ঙ) পরিচালক পদমর্যাদার ইসলামিক ফাউন্ডেশনের একজন প্রতিনিধি	ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।	সদস্য
(চ) উপ-সচিব	ভূমি মন্ত্রণালয়	সদস্য
(ছ) সচিব, ভূমি প্রশাসন বোর্ড	ভূমি প্রশাসন বোর্ড, ভূমি মন্ত্রণালয়।	সদস্য সচিব।

কমিটির কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স)

উপরোক্ত কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ :-

- (ক) ১৯৫০ সালের জমিদারী স্বত্ব বিলোপ ও প্রজ্ঞাস্বত্ব আইনের (১৯৫১ সালের ২৮ নং আইন) বিধান মতে ওয়াকফ, দেবোত্তর ও ট্রাস্ট এস্টেটের ব্যবস্থাপনা, খাজনা আদায় ও অন্যান্য স্বার্থ ও উৎস সম্পর্কে চূড়ান্তভাবে দখল নেওয়ার জন্য কি ব্যবস্থা গৃহীত হতে পারে তা নির্ধারণ।
- (খ) Wakf Ordinance, 1962 (as amended up to date) পরীক্ষা করা এবং অন্যান্য wakf সংক্রান্ত আইন-বিধিসমূহ পরীক্ষান্তে সুপারিশ।
- (গ) উল্লেখিত (ক) ও (খ) তে বর্ণিত ব্যবস্থা বাস্তবায়নের জন্য আইনের কোন সংশোধনী আবশ্যিক কিনা তা নিরূপণ ও সেমতে সুপারিশ।
- (ঘ) সুষ্ঠু ব্যবস্থাপনা ও ওয়াকফ প্রশাসনের উন্নতিকল্পে ওয়াকফ প্রশাসনের অফিসসহ সমস্ত ওয়াকফ লিদ্দাহ/ওয়াকফ আল-আওলাদ, দেবোত্তর ও ট্রাস্ট এস্টেটসমূহের নিয়ন্ত্রণ ভূমি মন্ত্রণালয়ের অধীন আনয়ন করা যায় কিনা।

অথবা

মন্ত্রণালয়ের পরিবর্তে ওয়াকফ প্রশাসক অধিগ্রহণকৃত ওয়াকফ আল-আওলাদ, দেবোত্তর ও ট্রাস্ট এস্টেটের জন্য নির্ধারিত এ্যানুইটি প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারে কিনা তা নির্ধারণ।

(ঙ) অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

উপরোক্ত কমিটি আগামী তিন মাসের মধ্যে সুপারিশসহ ইহার রিপোর্ট পেশ করিবেন

স্বা/- (এম মোকাম্মেল হক)

সচিব

ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূঃমঃ(ওয়ারকফ-২-১৯০/৯৭/৩৩/১(৬)

তারিখঃ ৩০/১০/১৩৯৫ বাং।

১২/২/১৯৮৯ ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি দেয়া হ'ল :-

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২। সচিব, আইন ও বিচার মন্ত্রণালয়, উক্ত কমিটিতে উপ-সচিব পদ মর্যাদার একজন অফিসারকে প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। ভূমি সংস্কার কমিশনার, ভূমি মন্ত্রণালয়।
- ৪। সচিব, ভূমি প্রশাসন বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-সচিব, ভূমি মন্ত্রণালয়।

স্বা/- (এম মোকাম্মেল হক)

সচিব

ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং ভূঃ মঃ (ওয়ারকফ-২-১০/৮৭/৩৩/২(১৩৬)

তারিখঃ ৩০/১০/৯৫ বাং।

১২/১০/৮৯ ইং।

সদয় অবগতির জন্য প্রতিলিপি :-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। রাষ্ট্রপতির মুখ্য সচিব।

অবগতি ও কার্যার্থে -

৩। চেয়ারম্যান, ভূমি প্রশাসন বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

৪। মহা-পরিচালক, ভূমি প্রশাসন বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

৫। কমিশনারবিভাগ।

৬। জেলা প্রশাসক(সকল)

৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)(সকল)

স্বা/- (এম, মোকাম্মেল হক)

সচিব

ভূমি মন্ত্রণালয়।

ঋণ সালিসি আইন, ১৯৮৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা ১৮ই ফাল্গুন, ১৩৯৫/২রা মার্চ, ১৯৮৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২রা মার্চ, ১৯৮৯ (১৮ই ফাল্গুন, ১৩৯৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে।

১৯৮৯ সনের ১৫ নং আইন

মহাজনী ঋণের কবল হইতে কৃষকগণকে রক্ষা করার উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু, মহাজনী ঋণের কবল হইতে কৃষকগণকে রক্ষা করার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় :

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তনা-(১) এই আইন বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা রাংগামাটি পার্বত্য জেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতীত বাংলাদেশের সর্বত্র প্রযোজ্য হইবে।

(৩) ইহা ১লা বৈশাখ, ১৩৮৯ বাংলা মোতাবেক ১৪ই এপ্রিল, ১৯৮২ ইংরেজী তারিখে কার্য হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা :- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,

(ক) “কৃষক” অর্থ এমন ব্যক্তি যিনি নিজের জমি ব্যক্তিগতভাবে বা পরিবারের সদস্যদের সাহায্যে বা শ্রমিকের সাহায্যে চাষাবাদ করেন বা যিনি অন্যের জমি বর্গামূলে চাষ করেন বা পারিশ্রমিকের বিনিময়ে অন্যের জমিতে কৃষি শ্রমিকের কাজ করেন ;

(খ) “কৃষি জমি” বলিতে কৃষকের বসত বাড়ীও ইহার অন্তর্ভুক্ত ;

(গ) “খায়খালাসী বন্ধক” অর্থ State Acquisition and Tenancy Act, 1950 (E.B Act XXVIII of 1951) এর section 2 (6) এ সংজ্ঞায়িত “complete usufructuary mortgage;”

(ঘ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(ঙ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) “বোর্ড” অর্থ ধারা ১৩ এর অধীন গঠিত ঋণ সালিসি বোর্ড;

(ছ) “মহাজনী ঋণ” অর্থ লিখিত বা মৌখিক চুক্তিবলে, জামানতসহ বা জামানত ব্যতিরেকে টাকায় বা শস্যে বা শস্যবীজে পরিশোধ্য এমন যাহা,-

(অ) টাকায় পরিশোধের ক্ষেত্রে, আসল ঋণের উপর বার্ষিক শতকরা বিশ টাকা বা তদুর্ধ্ব হারে অতিরিক্ত অর্থ সহ পরিশোধ্য ; এবং

(আ) শস্য বা শস্যবীজে পরিশোধের ক্ষেত্রে আসল ঋণের উপর বার্ষিক এক পঞ্চমাংশ বা তদুর্ধ্ব পরিমাণ অতিরিক্ত শস্য বা শস্যবীজসহ পরিশোধ্য ।

৩। আইনের প্রাধান্য- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীন প্রণীত বিধীর বিধানালী কার্যকর থাকিবে ।

৪। দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ গ্রহণ নিষিদ্ধঃ কোন ব্যক্তি মহাজনী ঋণের জামানত হিসাবে কোন কৃষকের নিকট হইতে তাহার দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ গ্রহণ করিতে পারিবেন না ।

৫। মহাজনী ঋণের শর্ত হিসাবে ফসল অগ্রিম ক্রয় ইত্যাদি নিষিদ্ধঃ কোন ব্যক্তি মহাজনী ঋণের শর্ত হিসাবে ঋণগ্রহীতার জমির উৎপাদিত ফসল কোন প্রকারের অগ্রিম ক্রয় করিতে পারিবেন না বা তাহার বাড়ীতে বা তাহার নির্ধারিত কোন স্থানে উঠাইতে পারিবেন না ।

৬। কতিপয় জমির বিক্রয় খায়খালাসী বন্ধক ঘোষণাঃ (১) এই আইন বলবৎ হইবার পর অনধিক তিন একর কৃষি জমির মালিক কোন কৃষক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার বা জীবনধারণে অক্ষমতাজনিত অসহায়তার কারণে কোন কৃষি জমি বিক্রয় করিলে, এবং

(ক) উক্ত জমির বিক্রয়মূল্য অনধিক ত্রিশ হাজার টাকা হইলে অথবা সমশ্রেণীর ক্রয়কালীন সময় স্থানীয় বাজার দরের চেয়ে কম হইলে, এবং

(খ) বিক্রীত জমির পরিমাণ অনধিক এক একর হইলে,

উক্ত কৃষক বোর্ড গঠিত হইবার ছয় মাস, বা বিক্রয় দলিল রেজিস্ট্রি হইবার ছয় মাস, যাহাই পরে হয়, এর মধ্যে উক্ত বিক্রয়কে খায়খালাসী বন্ধক হিসাবে ঘোষণা করিবার জন্য বোর্ডের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দরখাস্ত করিতে পারিবেন এবং বোর্ড, দরখাস্তটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শুনানীর পর, দরখাস্তের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হইলে, উক্ত বিক্রয়কে সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধক হিসাবে ঘোষণা করিবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত জমি ১লা জানুয়ারী, ১৯৮৯ তারিখের পূর্বে পুনরায় হস্তান্তরিত হইয়া থাকিলে বা ঐ তারিখের পূর্বে উহার কোন শিল্প-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ইমারত স্থাপনের বা অন্য কোন কারণে উহার প্রকৃতি স্থায়ীভাবে পরিবর্তিত হইয়া থাকিলে, উক্ত জমির ক্ষেত্রে এই উপ-ধারা অধীন কোন দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না ।

(২) উপ ধারা (১) এর অধীন কোন বিক্রয় খায়খালাসী বন্ধক হিসাবে ঘোষিত হইলে বোর্ড, তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, যাহা তিন মাসের অধিক হইবে না, বিক্রীত জমির দখল বিক্রোক্তার নিকট প্রত্যর্পণ করিবার জন্য ক্রেতাকে নির্দেশ দান করিবেন ।

(৩) যদি উপ-ধারা (২) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে ক্রেতা জমি প্রত্যর্পণ না করেন বা করিতে ব্যর্থ হন তাহা হইলে ধারা ৮ এর বিধান অনুযায়ী উক্ত প্রত্যর্পণ কার্যকর করা হইবে।

(৪) যে ক্ষেত্রে বোর্ড উপ-ধারা (২) এর অধীন কোন বিক্রয়কে খায়খালাসী বন্ধক হিসাবে গণ্য করে সে ক্ষেত্রে বিক্রয়মূল্য বন্ধকী অর্থ বলিয়া গণ্য হইবে এবং বিক্রেতা কর্তৃক পরিশোধ্য বন্ধকী অর্থের পরিমাণ বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন পরিশোধ্য বন্ধকী অর্থের পরিমাণ নির্ধারণের সময় বোর্ড বিক্রয়মূল্য হইতে এক দশমাংশ পৃথক করিয়া ক্রেতা উক্ত জমি যত বৎসর ভোগ করিয়াছেন উহার প্রতি বৎসরের জন্য উক্ত এক দশমাংশ হইতে উহার এক সপ্তমাংশ হারে বাদ দিবে এবং বাকী অংশ বিক্রয়মূল্যের অবশিষ্ট নয় দশমাংশের সহিত যোগ করিয়া মোট পরিশোধ্য অর্থের পরিমাণ নির্ধারণ করিবে :

তবে শর্ত থাকে যে, যদি ক্রেতা উক্ত জমি সাত বৎসরের অধিক কাল ভোগ করিয়া থাকেন, তাহা হইলে উক্ত এক দশমাংশ সম্পূর্ণরূপে মূল্য হইতে বাদ দিয়া পরিশোধ্য অর্থের পরিমাণ নির্ধারণ করিতে হইবে।

(৬) উপ ধারা (৫) এর অধীনে নির্ধারিত পরিশোধ্য অর্থ অনধিক দশটি বার্ষিক কিস্তিতে শতকরা বার্ষিক বিশ টাকা হারে সরল সুদসহ ক্রেতাকে পরিশোধের জন্য বোর্ড বিক্রেতাকে নির্দেশ দিবে।

(৭) উপ-ধারা (৬) এর অধীন নির্ধারিত কোন কিস্তি অনাদায়ী থাকিলে অনাদায়ী কিস্তির অর্থ সরকারী দাবী (Public Demand) বলিয়া গণ্য হইবে এবং তদানুসারে উহা আদায়যোগ্য হইবে:

তবে শর্ত থাকে যে, ক্রেতা যদি অনধিক দুই একর জমির মালিক হন অথবা ক্রেতা যদি অনধিক তিন একর জমির মালিক হন এবং জীবনধারণে অক্ষমতাজনিত অসহায় হন তবে উক্ত ধারা ৬ প্রযোজ্য হইবে না।

৭। কতিপয় বিক্রয় বাতিলঃ (১) এই আইন বলবৎ হইবার পর অনধিক দুই একর কৃষি জমির মালিক কোন কৃষক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার বা জীবন ধারণে অক্ষমতাজনিত অসহায়তার কারণে অনধিক ত্রিশ হাজার টাকা মূল্যে অনধিক এক একর পরিমাণ কৃষি জমি বিক্রয় করিলে এবং উক্ত জমির বিক্রয়মূল্য বিক্রয়কালীন সমশ্রেণীর জমির প্রচলিত বাজার মূল্য হইতে কম হইয়া থাকিলে, উক্ত কৃষক এই বিক্রয় বাতিল ঘোষণা করার জন্য বোর্ড গঠিত হইবার ছয় মাস, বা বিক্রয় দলিল রেজিস্ট্রি হইবার ছয় মাস, যাহাই পরে হয়, এর মধ্যে বোর্ডের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দরখাস্ত করিতে পারিবেন এবং বোর্ড, দরখাস্তটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শুনানীর পর দরখাস্তের সম্পর্কে সন্তুষ্ট হইলে, উক্ত বিক্রয়কে বাতিল ঘোষণা করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, উক্ত জমি ১লা জানুয়ারী, ১৯৮৯ তারিখের পূর্বে পুনরায় হস্তান্তরিত হইয়া থাকিলে বা ঐ তারিখের পূর্বে উহার উপর কোন শিল্প-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ইমারত স্থাপনের বা অন্য কোন কারণে উহার প্রকৃতি স্থায়ীভাবে পরিবর্তিত হইয়া থাকিলে উক্ত জমির ক্ষেত্রে এই উপ-ধারার অধীন কোন দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না।

(২) উপ-ধারা (১) এর অধীনে কোন বিক্রয় বাতিল ঘোষিত হইলে বোর্ড, তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে যাহা তিন মাসের অধিক হইবে না, বিক্রীত জমির দখল বিক্রেতার নিকট প্রত্যর্পণ করার জন্য ক্রেতাকে নির্দেশ দান করিবে।

(৩) যদি উপ ধারা (২) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে ক্রেতা জমি প্রত্যর্পণ না করেন বা করিতে ব্যর্থ হন, তাহা হইলে ধারা ৮ এর বিধান অনুযায়ী উক্ত প্রত্যর্পণ কার্যকর করা হইবে।

(৪) যে ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীনে কোন বিক্রয় বাতিল ঘোষিত হয় সেক্ষেত্রে বিক্রয়মূল্য সুদমুক্ত ঋণ বলিয়া গণ্য হইবে।

বোর্ড বিক্রয় দলিল রেজিস্ট্রির তারিখ হইতে উপ-ধারা (৩) এর অধীন জমি প্রত্যর্পণের তারিখ পর্যন্ত সময়ে ক্রেতা উক্ত জমি হইতে যে পরিমাণ আয় করিয়াছেন তাহার সমপরিমাণ অর্থ বিক্রয় মূল্য হইতে বাদ দিয়া পরিশোধ্য সুদমুক্ত ঋণের পরিমাণ নির্ধারণ এবং উহা অনধিক দশটি বার্ষিক কিস্তিতে ক্রেতাকে পরিশোধের জন্য বিক্রেতাকে নির্দেশ দান করিবে।

(৬) উপ-ধারা (৫) এর অধীন কোন কিস্তি অনাদায়ী থাকিলে অনাদায়ী কিস্তির অর্থ সরকারী দাবী (Public Demand) বলিয়া গণ্য হইবে এবং তদনুসারে উহা আদায়যোগ্য হইবে।

তবে শর্ত থাকে যে, ক্রেতা যদি অনধিক দুই একর জমির মালিক হন এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত বা জীবন ধারণে অক্ষমতাজনিত অসহায় হন তবে উক্ত ধারা “৭” প্রযোজ্য হইবে না।

৮। জমি প্রত্যর্পণ নির্দেশ কার্যকরণ-ক্রেতা বোর্ডের নির্দেশানুসারে জমির দখল প্রত্যর্পণ না করিলে বা করিতে ব্যর্থ হইলে, জমির দখল পাওয়ার জন্য বিক্রেতা উক্ত জমি যে উপজেলায় অবস্থিত সেই উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এর নিকট দরখাস্ত করিতে পারিবেন এবং উক্ত সহকারী কমিশনার ক্রেতাকে নোটিশ প্রদানপূর্বক উচ্ছেদ করিয়া বিক্রেতাকে জমির দখল প্রদান করিবেন।

৯। প্রতর্পিত জমি হস্তান্তরের উপর বিধি নিষেধঃ কোন কৃষক ধারা ৬ বা ধারা ৭ এর অধীন তাহার নিকট প্রতর্পিত জমি প্রত্যর্পণের তারিখ হইতে তিন বৎসরের মধ্যে হস্তান্তর করিতে পারিবেন না।

তবে শর্ত থাকে যে, ধারা ৬ বা ধারা ৭ এর অধীনে পরিশোধ্য অর্থ তিনটির অধিক বার্ষিক কিস্তিতে পরিশোধের নির্দেশ থাকিলে তিন বৎসর অতিক্রান্ত হওয়ার পর পরিশোধ্য বাকী অর্থ একযোগে বা নির্ধারিত কিস্তি অনুসারে পরিশোধিত হইলে প্রতর্পিত জমি হস্তান্তর করা যাইবে।

১০। কৃষি জমির দখল ইত্যাদির উপর বিধি-নিষেধঃ কোন ব্যক্তি খায়খালাসী বদ্ধক ব্যতীত অন্য কোন পর্যায়ে মহাজনী ঋণের জামানত হিসাবে কোন কৃষকের কোন কৃষি জমির দখল গ্রহণ অথবা নিজের বা অন্য কাহারও অনুকূলে উহা দায়বদ্ধ করিতে পারিবেন না।

১১। মাহজনী ঋণ লাঘবঃ (১) কোন মহজনী ঋণ গ্রহীতা তৎকর্তৃক গৃহীত ঋণের পরিমাণ এবং উহার উপর প্রদেয় সুদের ন্যায়সংগত হার ও পরিমাণ, পরিশোধ্য ঋণ ও উহার উপর প্রদেয় সুদের পরিমাণ নির্ধারণ এবং উক্তরূপ নির্ধারিত ঋণ ও সুদ পরিশোধের জন্য ন্যায়সংগত কিস্তি নিরূপণের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বোর্ডের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন দরখাস্তটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শুনানীর পর, বোর্ড-

(ক) গৃহীত ঋণের পরিমাণ নির্ধারণ করিবে এবং

(খ) টাকার পরিশোধ্য ঋণের ক্ষেত্রে অনধিক শতকরা বার্ষিক বিশ টাকা হারে এবং শস্য বা শস্যবীজ পরিশোধ ঋণের ক্ষেত্রে, ঋণের বার্ষিক অনধিক এক পঞ্চমাংশ হারে সুদ নির্ধারণ করিবে।

(৩) ঋণ গ্রহীতার সম্পদ আয় ও সার্বিক অবস্থা বিবেচনা করিয়া বোর্ড ঋণ ও সুদ পরিশোধের কিস্তি যাহা দশটির অধিক হইবে না, নির্ধারণ করিয়া উহা ঋণদাতাকে পরিশোধ করার জন্য ঋণগ্রহীতাকে নির্দেশ দান করিবে।

(৪) উপধারা (৩) এর অধীন কোন কিস্তি অনাদায়ী থাকিলে কিস্তির অর্থ সরকারী দাবী (Public Demand) বলিয়া গণ্য হইবে এবং তদনুসারে উহা আদায়যোগ্য হইবে।

১২। দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ প্রত্যর্পণঃ (১) কোন মহজনী ঋণগ্রহীতা ঋণের জামানত হিসাবে তাহার দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ ঋণদাতার নিকট জমা দিয়া থাকিলে, তিনি বোর্ড গঠিত হইবার ছয় মাসের মধ্যে উহা ফেরত পাইবার জন্য বোর্ডের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দরখাস্ত করিতে পারিবেন এবং বোর্ড, দরখাস্তটি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শুনানীর পর দরখাস্তের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হইলে উক্ত স্ট্যাম্প কাগজ বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে পত্যর্পণ করিবার জন্য ঋণদাতাকে নির্দেশ প্রদান করিবে।

(২) মহজনী ঋণদাতার উপধারা (১) এর অধীন নির্ধারিত তারিখের মধ্যে উক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ প্রত্যর্পণ না করিলে বা করিতে ব্যর্থ হইলে উক্ত স্ট্যাম্প কাগজ বাতিল বলিয়া গণ্য হইবে এবং উহা দ্বারা যে কোন সময়ে সম্পাদিত বা রেজিস্ট্রিকৃত যে কোন দলিল আইনতঃ অসিদ্ধ বলিয়া গণ্য হইবে।

(১৩) ঋণ সালিসি বোর্ড গঠন।- (১) এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রত্যেক বা যে কোন উপজেলায় একটি ঋণ সালিসি বোর্ড গঠন করিবে।

(২) প্রত্যেক বোর্ডে একজন চেয়ারম্যান এবং অন্যান্য দুই এবং অনধিক চার সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(৩) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক তিন বৎসরের জন্য নিযুক্ত হইবেনঃ

তবে শর্ত থাকে যে, সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন সময় চেয়ারম্যান বা সকল বা যে কোন সদস্যকে অপসারণ করিতে পারিবে।

(৪) চেয়ারম্যান বোর্ডের অধিবেশনে সভাপতিত্ব করিবেন।

(৫) বোর্ডের চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে ক্ষেত্রমত, শূন্য পদে নিযুক্ত নুতন চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্থায়ী দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার, বা সরকারে নিকট হইতে এতদুদ্দেশ্যে প্রাপ্ত ক্ষমতাবলে ডেপুটি কমিশনার কর্তৃক মনোনীত বোর্ডের কোন সদস্য চেয়ারম্যানরূপে কার্য করিবেন।

(৬) চেয়ারম্যান এবং অপর একজন সদস্য সমন্বয়ে বোর্ডের অধিবেশনের জন্য কোরাম গঠিত হইবে।

(৭) বোর্ডের সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত হইবে।

(৮) বোর্ডের অধিবেশন উপজেলা সদরে বসিবে, তবে প্রয়োজনবোধে দরখাস্তকারীর ইউনিয়নেও উহার অধিবেশন বসিতে পারে এবং চেয়ারম্যান বোর্ডের অধিবেশনের স্থান তারিখ ও সময় নির্ধারণ করিবেন।

১৪। বোর্ডের এখতিয়ার।- বোর্ডের এখতিয়ার হইবে নিম্নরূপ, যথা :

(ক) ধারা ৬, ৭, ১১ এবং ১২ এর অধীন পেশকৃত দরখাস্ত গ্রহণ এবং উহার গুনানী অত্তে নিষ্পত্তিকরণ, এবং

(খ) এই আইনের অধীন উহাকে প্রদত্ত অন্যান্য ক্ষমতা প্রয়োগ।

১৫। বোর্ডের কার্যপদ্ধতিঃ- এই আইনে বিধানাবলী সাপেক্ষে, বোর্ডের কার্যপদ্ধতি সংক্রান্ত যাবতীয় বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১৬। দেওয়ানী আদালতের দরখাস্তের অনুলিপি প্রেরণ ইত্যাদিঃ- (১) এই আইনের অধীন কোন দরখাস্ত বোর্ডের নিকট পেশ করা হইলে, বোর্ড অবিলম্বে উক্ত দরখাস্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট উপজেলার সহকারী জজের আদালতে প্রেরণ করিবে।

(২) উপ ধারা (১) এর অধীনে কোন দরখাস্তের অনুলিপি প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট আদালত দরখাস্তে উল্লিখিত বিচার্য বিষয় সম্পর্কিত কোন মামলায় কোন আদালত উক্ত বিচার্য বিষয়ে কোন পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবে না।

(৩) বোর্ডের নিকট এই আইনের অধীন কোন দরখাস্ত পেশ করার পর যে কোন সময়ে দরখাস্তে উল্লিখিত বিচার্য বিষয় সম্পর্কিত কোন মামলায় কোন আদালত উক্ত বিচার্য বিষয়ে সিদ্ধান্ত প্রদান করিলে সেই সিদ্ধান্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং উক্ত বিষয়ে বোর্ডের সিদ্ধান্ত কার্যকর থাকিবে।

(৫) উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত কোন দরখাস্তের উল্লিখিত বিচার্য বিষয় সম্পর্কিত কোন মামলা কোন আদালতে গ্রহণযোগ্য হইবে না।

১৭। বোর্ডের সিদ্ধান্তের অনুলিপি প্রেরণঃ- এই আইনের অধীন কোন দরখাস্তের বিচার সমাপ্ত হইলে, বোর্ডের সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা সহকারী জজের আদালতে এবং সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর নিকট প্রেরণ করা হইবে।

১৮। সাক্ষীর উপস্থিতি এবং দলিল উপস্থাপনা :- (১) বোর্ড কর্তৃক বিচার্য কোন বিষয়ের প্রয়োজনে বোর্ড কোন সাক্ষী বা কোন ব্যক্তির উপস্থিতি বা কোন দলিল অনুসন্ধান বা উপস্থাপনের প্রয়োজন হইলে, উক্ত উপস্থিতি অনুসন্ধান বা উপস্থাপন নিশ্চিত করার জন্য বোর্ড Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর বিধান অনুসারে এতদংসংক্রান্ত বিষয়ে কোন দেওয়ানী আদালত যে ক্ষমতা প্রয়োগ করিতে পারে সেই ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে।

(২) বোর্ডে কোন দরখাস্ত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কোন দলিল বা কাগজপত্র কোন ব্যক্তির নিয়ন্ত্রণ বা হেফাজতে থাকিলে উহা বোর্ডের নিকট উপস্থাপনের জন্য বোর্ড উক্ত ব্যক্তিকে নির্দেশ দান করিতে পারিবে।

১৯। আপীলঃ- (১) বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে জেলার অতিরিক্ত কালেক্টরের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আপীল দায়ের করা যাইবে এবং আপীলের উপর প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(২) বোর্ডের সিদ্ধান্তের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে আপীল দায়ের করিতে পারিবে।

(৩) আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বোর্ডের সিদ্ধান্তের বাস্তবায়ন স্থগিত থাকিবে।

২০। সরকারের নিয়ন্ত্রণঃ- (১) এই আইনের আওতায় বোর্ডের সকল কার্যক্রম সরকারের নিয়ন্ত্রণাধীন থাকিবে।

(২) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত কোন কর্মকর্তা বোর্ডের সম্পদ, দলিলপত্র রেজিস্টার ও রেকর্ডপত্র পরিদর্শন করিতে পারিবেন এবং সরকার সময় সময় বোর্ডের নিকট হইতে যে কোন প্রকার তথ্য বা বিবরণী তলব করিতে পারিবে।

২১। চেয়ারম্যান ও সদস্যগণ জনসেবক গণ্য হইবেন। বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ Penal Code (Act XLV of 1860) এর Section 21- এ জনসেবক (Public Servant) অভিব্যক্তিটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে জনসেবক বলিয়া গণ্য হইবে।

২২। বিচার বিভাগীয় কার্যক্রম :- এই আইনের অধীন বোর্ডের কার্যক্রম Penal Code (Act XLV of 1860) এর Section ২২৮ এর তাৎপর্য্যধীন বিচারবিভাগীয় কার্যক্রম Judicial Proceeding বলিয়া গণ্য হইবে।

২৩। শাস্তিঃ (১) কোন ব্যক্তি-

(ক) এই আইনের কোন বিধান লংঘন করিলে;

(খ) বোর্ডের কোন আদেশ অমান্য করিলে;

(গ) বোর্ড বা আপীল কর্তৃপক্ষের নিকট ইচ্ছাকৃতভাবে কোন লিখিত বা মৌখিক মিথ্যা বিবৃতি দান বা ভুল তথ্য সরবরাহ করিলে;

(ঘ) ইচ্ছাকৃতভাবে বোর্ড বা আপীল কর্তৃপক্ষের নিকট জাল দলিল উপস্থাপন করিলে; বা

(ঙ) অন্য ব্যক্তির পরিচয় দিয়া কোন বক্তব্য পেশ বা সাক্ষ্য দান করিলে, তিনি অনধিক তিন বৎসর সশ্রম কারাদণ্ডে বা অনধিক দশ হাজার টাকা অর্থদণ্ডে বা উভয়বিধ দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) জেলা প্রশাসকের লিখিত পূর্ব অনুমতি ব্যতিরেকে কোন ব্যক্তিকে এই ধারায় অভিযুক্ত করা যাইবে না।

২৪। কতিপয় আইন অপ্রযোজ্যঃ এই আইনে ভিন্নরূপ বিধান না থাকিলে, Evidence Act, 1872 (1 of 1872) এবং Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর নিয়মাবলী বোর্ডের কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২৫। বিধি প্রণয়নের ক্ষমতাঃ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষ করিয়া এবং উপরিউক্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া, অনুরূপ বিধিতে নিম্নবর্ণিত সকল বা যে কোন বিষয়ে বিধান করা যাইতে পারে, যথাঃ-

(ক) এই আইনের অধীন দরখাস্তের ফরম;

(খ) দরখাস্তের সহিত প্রদেয় ফিস ও প্রসেস ফিস;

(গ) বোর্ডের সিদ্ধান্তের ফরম;

(ঘ) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণের নিয়োগ এবং তাহাদের অপসারণ;

(ঙ) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণের ভাতা ও সম্মানী;

(চ) বোর্ডের নথি, রেজিস্টার, রেকর্ডপত্র;

(ছ) জেলা প্রশাসক ও সরকারের নিকট শ্রেয়ীত্ব তথ্য ও বিবরণী;

(জ) বোর্ডের কার্যপদ্ধতি;

(ঝ) এই আইনের বিধানাবলী বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয়।

২৬। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণঃ এই আইন বা তদধীন প্রণীত বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা তাহার ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য সরকার বা বোর্ডের চেয়ারম্যান বা সদস্য বা বোর্ড বা সরকারের কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনের কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

২৭। রহিতকরণ ও হেফাজত।- (১) বাংলাদেশ ঋণ সালিসি অধ্যাদেশ ১৯৮৮ (অধ্যাদেশ নং ৩৬, ১৯৮৮) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীনে কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

বা/- মোহাম্মদ আইয়ুবুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ ঋণ সালিসি বিধিমালা, ১৯৮৯
নং এস, আর, ও ১৪৫ আইন/৮৯

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নং আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১। শিরোনামা : এই বিধিমালা বাংলাদেশ ঋণ সালিসি বিধিমালা ১৯৮৯ নামে অভিহিত হইবে।

২। বিষয় বা প্রসঙ্গেও পরিপন্থি কোন কিছু না থাকিলে এই বিধিমালায়,

(ক) আইন অর্থ বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নং আইন);

(খ) ধারা অর্থ আইনের কোন ধারা;

(গ) ফরম অর্থ এই বিধিমালায় সংযুক্ত কোন ফরম।

৩। জমির বিক্রয় খায়খালাসী বন্ধক ঘোষণার দরখাস্তঃ ১লা বৈশাখ, ১৩৮৯ বাংলা বা তৎপরবর্তী কোন সময় অনধিক তিন একর কৃষি জমির মালিক কোন কৃষক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার বা জীবন ধারণে অক্ষমতাজনিত অসহায়তার কারণে অনধিক ত্রিশ হাজার টাকা মূল্যে বা সমশ্রেণীর জমির বিক্রয়কালীন সময় স্থানীয় বাজার দর হইতে কম মূল্যে অনধিক এক একর কৃষি জমি বিক্রয় করিলে তিনি বোর্ড গঠিত হইবার ছয় মাস বা বিক্রয় দলিল রেজিস্ট্রি হইবার ছয় মাস, যাহাই পরে হয়, এর মধ্যে উক্ত বিক্রয়কে সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধক হিসাবে ঘোষণা করিবার, উক্ত জমি তাহাকে প্রত্যর্পণ করিবার এবং উক্তরূপ বন্ধকী মেয়াদের অতিক্রান্ত সময়ের জন্য উক্ত বন্ধকের আনুপাতিক অর্থ ন্যায়সংগত সহজ কিস্তিতে পরিশোধের আদেশ প্রদান করিবার জন্য ১নং ফরমে তাহার নিজ উপজেলায় গঠিত বোর্ডের নিকট দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

৪। বিক্রয় বাতিলের দরখাস্তঃ ১লা বৈশাখ ১৩৮৯ বাংলা বা তৎপরবর্তী কোন সময় অনধিক দুই একর কৃষি জমির মালিক কোন কৃষক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার বা জীবনধারণে অক্ষমতাজনিত অসহায়তার কারণে অনধিক ত্রিশ হাজার টাকা মূল্যে অনধিক এক একর কৃষি জমি বিক্রয় করিলে এবং উক্ত জমির বিক্রয় মূল্য বিক্রয়কালীন সমশ্রেণীর জমির প্রচলিত বাজার মূল্য হইতে কম হইয়া থাকিলে তিনি বোর্ড গঠিত হইবার ছয় মাস বা বিক্রয় দলিল রেজিস্ট্রি হইবার ছয় মাস যাহাই পরে হয়, এর মধ্যে উক্ত বিক্রয় বাতিল ঘোষণা করিবার, বিক্রয় মূল্য সুদমুক্ত ঋণ হিসাবে গণ্য করিয়া ক্রেতা কর্তৃক ভোগদখলকালীন আয়ের সমপরিমাণ অর্থ উহা হইতে বাদ দিয়া পরিশোধ্য সুদমুক্ত ঋণের পরিমাণ নির্ধারণ করিবার, পরিশোধ্য ঋণের ন্যায়সংগত কিস্তিবন্দী এবং উক্ত বিক্রীত জমি প্রত্যর্পণ করিবার নির্দেশ প্রদানের জন্য ২ নং ফরমে তাহার নিজ উপজেলায় গঠিত বোর্ডে দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

৫। জমি প্রত্যর্পণ নির্দেশ কার্যকর করার দরখাস্তঃ (১) ধারা ৬(২) বা ধারা ৭(২) মোতাবেক বোর্ড বিক্রোতার নিকট বিক্রীত জমি প্রত্যর্পণ করার নির্দেশ প্রদান করিলে এবং ক্রেতা বোর্ড কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে জমি প্রত্যর্পণ না করিলে বা ব্যর্থ হইলে বিক্রোতা বোর্ডের নির্দেশ মোতাবেক

জমির দখল পাইবার জন্য উক্ত জমি যে উপজেলায় অবস্থিত সেই উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এর নিকট ক্রেতার সংখ্যার সংখ্যক বোর্ড নির্দেশের অনুলিপিসহ ৩ নং ফরমে দরখাস্ত করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্ত প্রাপ্তির পর সহকারী কমিশনার (ভূমি) বোর্ডের নির্দেশের একটি অনুলিপিসহ ৪নং ফরমে ক্রেতার উপর নোটিশ জারী করিবেন এবং নোটিশ জারীর পনের দিনের মধ্যে বিক্রেতার নিকট জমি প্রত্যর্পণ করিবার নির্দেশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ ক্রেতার স্থানীয় ঠিকানায় তাহার বা তাহার পরিবারের কোন বয়স্ক সদস্যের নিকট অর্পণ করিয়া এবং নোটিশের অনুলিপিতে নোটিশ গ্রহীতার দস্তখত বা টিপসহি গ্রহণ করিয়া জারী করা যাইবে।

(৪) উপ বিধি (৩) অনুযায়ী নোটিশ জারী করা সম্ভব না হইলে নিকটস্থ স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে নোটিশের বিষয়বস্তু প্রচার করিয়া এবং নোটিশের একটি অনুলিপি বোর্ডের অফিসে কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া জারী করা যাইবে এবং এই জারীকরণের ফলে নোটিশটি যথযথভাবে জারী হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) এই বিধির অধীন নোটিশ জারীর পনের দিনের মধ্যে ক্রেতা বিক্রেতার নিকট জমি প্রত্যর্পণ না করিলে বা ব্যর্থ হইলে সহকারী কমিশনার (ভূমি) প্রয়োজনবোধে পর্যাপ্ত বলপ্রয়োগে করিয়া ক্রেতাকে জমি হইতে উচ্ছেদ করিবেন এবং ঢোল শহরতের মাধ্যমে বিক্রেতাকে জমির দখল বুঝাইয়া দিবেন।

৬। মহজনী ঋণ লাঘবের দরখাস্তঃ কোন মহাজনী ঋণ গ্রহীতা তৎকর্তৃক গৃহীত ঋণের পরিমাণ, উহার উপর প্রদেয় সুদের ন্যায়সংগত হার ও পরিমাণ, পরিশোধ্য ঋণ ও উহার উপর প্রদেয় সুদের পরিমাণ এবং উক্ত নির্ধারিত ঋণ ও সুদের ন্যাসংগত কিস্তি নির্ধারণের জন্য তাহার নিজ উপজেলায় গঠিত বোর্ডের নিকট ৫ নং ফরমে দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

৭। দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ প্রত্যর্পণের দরখাস্ত ১লা বৈশাখ, ১৩৮৯ বাংলা বা তৎপরবর্তী কোন সময়ে কোন মহাজনী ঋণ গ্রহীতা ঋণের জামানত হিসাবে তাহার দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ ঋণদাতার নিকট জমা দিয়া থাকিলে, তিনি বোর্ড গঠিত হইবার ছয় মাসের মধ্যে উহা ফেরত পাইবার নির্দেশ প্রদানের জন্য ৬ নং ফরমে তাহার নিজ উপজেলায় গঠিত বোর্ডের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

৮। দরখাস্তের অতিরিক্ত অনুলিপি বিধি ৩, ৪, ৬ ও ৭ এর অধীন দাখিলকৃত দরখাস্তের সহিত সংশ্লিষ্ট অপরপক্ষ যতজন হইবে দরখাস্তের সহিত উহার ততটি অনুলিপি এবং সহকারী জজের জন্য আরও একটি অনুলিপি বোর্ডের নিকট দাখিল করিতে হইবে।

৯। দরখাস্ত প্রহণঃ (১) বিধি ৩, ৪, ৬ এবং ৭ এর অধীন দরখাস্তকারীকে ব্যক্তিগতভাবে বা উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের অধিবেশন অনুষ্ঠানের স্থানে ও সময়ে চেয়ারম্যানের নিকট দাখিল করিতে হইবে।

(২) দরখাস্ত দাখিল করিবার জন্য বা পরবর্তীতে স্থানীয় তারিখ বোর্ডের নিকট প্রতিনিধিত্ব করিবার জন্য দরখাস্তকারীর বা অপরপক্ষের পিতা, স্বামী, আপন ভ্রাতা বা আইনতঃ অভিভাবক ব্যক্তীত অন্য কাহাকেও ক্ষমতা প্রদান করা যাইবে না।

(৩) দরখাস্তের প্রত্যেক পৃষ্ঠায় দরখাস্তকারীর দস্তখত বা টিপসহি থাকিতে হইবে এবং দরখাস্তে বর্ণিত বিবরণ সত্য এই মর্মে দরখাস্তকারীকে দরখাস্তের শেষ দিকে তারিখযুক্ত প্রত্যয়নে দস্তখত বা টিপসহি দিতে হইবে।

১০। উত্তরাধিকারী স্থলাভিষিক্তকরণঃ (১) দরখাস্ত দাখিল করিবার পর দরখাস্তকারী বা দরখাস্তে বর্ণিত কোন অপরপক্ষ মৃত্যুবরণ করিলে মৃত ব্যক্তির উত্তরাধিকারীগণকে তাহার স্থলাভিষিক্ত করার জন্য দরখাস্তের যে কোন পক্ষ বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বোর্ড প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ করিয়া আবেদনে বর্ণিত ব্যক্তিগণ মৃত ব্যক্তির উত্তরাধিকারী এই মর্মে সম্মত হইলে উক্ত উত্তরাধিকারীগণকে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত করার নির্দেশ দান করিবে।

১১। ঋণ সালিসি বোর্ড গঠনঃ (১) কোন ব্যক্তি আইনের ধারা ১৩ এর অধীন গঠিত বোর্ডের চেয়াম্যান বা সদস্য হওয়ার জন্য যোগ্য বিবেচিত হইবেন না যদি তিনি -

(ক) ত্রিশ বৎসরের কম বয়স্ক হনঃ

তবে শর্ত থাকে যে, কোন সরকারী কর্মকর্তা বা ইউনিয়ন পরিষদের চেয়াম্যানের ক্ষেত্রে এই বয়সসীমা প্রযোজ্য হইবে না বা

(খ) নৈতিক স্থলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়া উপযুক্ত আদালত কর্তৃক যে কোন দণ্ডে দণ্ডিত হন বা

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন বা

(ঘ) উন্মাদ হন।

(২) সরকারী কর্মকর্তা এবং বেসরকারী নাগরিকগণের মধ্য হইতে চেয়াম্যান ও সদস্য নিয়োগ করা যাইবে, তবে অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তাগণ এবং শিক্ষা, সমাজ কল্যাণ ও পল্লী উন্নয়ন বিষয়ে যাহারা উল্লেখযোগ্য অবদান রাখিয়াছেন তাহাদিগকে প্রাধান্য দেওয়া যাইবে।

(৩) সরকার কর্তৃক বোর্ড গঠনের প্রজ্ঞাপন জারীর পর সংশ্লিষ্ট কালেক্টর বোর্ডের প্রথম অধিবেশন অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিয়া আদেশ জারী করিবেন, সরকারী প্রজ্ঞাপন ও আদেশের অনুলিপি চেয়াম্যান ও সদস্যগণের নিকট প্রেরণ করিবেন এবং আদেশের সংক্ষিপ্ত বিষয়বস্তু স্থানীয়ভাবে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) বোর্ডের অধিবেশন উপজেলা সদরে বসিবে, তবে প্রয়োজনবোধে দরখাস্তকারীর ইউনিয়নে ও উহার অধিবেশন বসিতে পারিবে এবং চেয়ারম্যান বোর্ডের অধিবেশনের স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবে।

(৫) বোর্ডের চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, ক্ষেত্রমত শূন্য পদে নিযুক্ত নূতন চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা চেয়ারম্যান পুনরায় স্থায়ী দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত ডেপুটি কমিশনার কর্তৃক সার্কুলারের মাধ্যমে নির্ধারিত বোর্ডের সদস্যগণের পারস্পরিক জ্যেষ্ঠতা অনুযায়ী উপস্থিত জ্যেষ্ঠতম সদস্য আইনের ধারা ১৩(৫) এর অধীনে উক্ত বোর্ডের চেয়ারম্যান রূপে কার্য করিবার জন্য মনোনীত সদস্য বলিয়া গণ্য হইবেন।

১২। বোর্ডের কার্যপদ্ধতিঃ (১) বিধি ৯ এর অধীনে দরখাস্ত গ্রহণ করিবার সময় চেয়ারম্যান দরখাস্তকারীকে জিজ্ঞাসাবাদ করিয়া দরখাস্তের বিষয়বস্তু ও প্রার্থীত প্রতিকার সংক্ষিপ্তাকারে বোর্ডের জন্য নির্ধারিত ৭ নং ফরমে অর্ডার শীট লিপিবদ্ধ করিয়া দরখাস্তের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হইলে, অপরপক্ষের উপর ৮ নং ফরমে নোটিশ জারীর নির্দেশ দান করিবেন এবং নোটিশের একটি অনুলিপি দরখাস্তের অনুলিপিসহ ধারা ১৬ মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা সহকারী জজের নিকট ৯নং ফরমের মাধ্যমে প্রেরণ করিবে। তবে দরখাস্তের যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট না হইলে বোর্ড উপরি-উক্ত অর্ডার-শীটে কারণ লিপিবদ্ধ করিয়া দরখাস্তটি তাৎক্ষণিকভাবে নাকচ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ জারীক্রমে পনের দিনের মধ্যে বোর্ডের নিকট ফেরতযোগ্য হইবে।

(৩) জারীকৃত নোটিশ ফেরত পাওয়ার পর বোর্ড অনধিক ত্রিশ দিনের মধ্যে অপরপক্ষকে দরখাস্তের দফাওয়ারী জবাব, আত্মপক্ষ সমর্থনে তাহার বক্তব্য এবং আনুষঙ্গিক দলিল-দস্তাবেজ বোর্ডের নিকট দাখিল করার নির্দেশ দান করিবেঃ

তবে শর্ত থাকে যে, যদি অনিবার্য কোন কারণে অপরপক্ষ নির্ধারিত সময়ে জবাব দাখিল করিতে ব্যর্থ হয় তাহা হইলে বোর্ড তাহার আবেদনক্রমে জবাব দাখিলের সময় অনধিক ১৫ দিন বাড়াইয়া দিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী অপরপক্ষের জবাব পাওয়ার পর বোর্ড দরখাস্তটির শুনানীর জন্য দরখাস্তের উভয়পক্ষকে অনধিক ত্রিশ দিনের মধ্যে বোর্ডের নিকট হাজির হইয়া সাক্ষ্য প্রমাণ উপস্থাপন ও আত্মপক্ষ সমর্থন করার জন্য একটি তারিখ তাহাদিগকে মৌখিকভাবে জানাইয়া দিবেন।

(৫) শুনানীর জন্য উপ-বিধি (৪) এর অধীন নির্ধারিত তারিখে বোর্ড পক্ষগণ কর্তৃক দাখিলকৃত দরখাস্ত, জবাব ও দলিল-দস্তাবেজ পর্যালোচনা করিবেন এবং উভয়পক্ষের সাক্ষীগণের যদি থাকে, জবানবন্দী গ্রহণ করিবেন এবং চেয়ারম্যান প্রত্যেক সাক্ষীর জবানবন্দীর একটি সংক্ষিপ্তসার লিপিবদ্ধ করিয়া উহাতে স্বাক্ষর করিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন শুনানীর তারিখে শুনানী সমাপ্ত না হইলে বোর্ড অনধিক ত্রিশ দিনের মধ্যে পরবর্তী শুনানীর জন্য মূলতবী আদেশ দিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, কোন অনিবার্য কারণে কোন পক্ষ শুনানী বা মূলতবী শুনানীর তারিখে হাজির হইতে না পারিলে বোর্ড সংশ্লিষ্ট পক্ষের আবেদনক্রমে শুনানীর মূলতবী আদেশ দিতে পারিবে এবং এই মূলতবীর সুযোগ কোন পক্ষকে একবারের বেশী দেওয়া যাইবে না।

(৭) দরখাস্তে প্রার্থীত প্রতিকার বিষয়ে বা সাক্ষ্য প্রমাণের কোন গুরুত্বপূর্ণ বিতর্কিত বিষয়ে বোর্ড শুনানীর তারিখে বা পরবর্তী মূলতবী শুনানীর তারিখে আপোষ-মিমাংসার জন্য প্রচেষ্টা চালাইবে।

(৮) শুনানী সমাপ্ত হওয়ার পর বোর্ড উহার নিকট দাখিলকৃত দলিল-দস্তাবেজ, সাক্ষ্য-প্রমাণ বিশ্লেষণ করিয়া দরখাস্তের প্রার্থীত প্রতিকার সম্পর্কে ক্ষেত্রমত, ১০, ১১, ১২ বা ১৩ নম্বর ফরমে সিদ্ধান্ত প্রদান করিবে।

(৯) উপ-বিধি (৫) ও (৬) এর অধীনে নির্ধারিত শুনানীর বা মূলতবী শুনানীর তারিখে কোন পক্ষ উপস্থিত থাকিলে বা প্রয়োজনীয় দলিল-দস্তাবেজ দাখিল করিতে ব্যর্থ হইলে বা সাক্ষ্য-প্রমাণ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে বোর্ড প্রাপ্ত দলিল-দস্তাবেজ ও সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে দরখাস্তের প্রার্থীত প্রতিকার সম্পর্কে ১৪ নং ফরমে সিদ্ধান্ত প্রদান করিবে।

(১০) উপ-বিধি (৮) ও (৯) এর অধীন বোর্ড প্রদত্ত সিদ্ধান্তে চেয়ারম্যান ও উপস্থিত সকল সদস্য স্বাক্ষর করিবে।

(১১) দরখাস্তে প্রার্থীত প্রতিকার বিষয়ে উভয়পক্ষ আপোষ মীমাংসায় পৌছিলে তাহারা বোর্ডের সম্মুখে উপস্থিত হইয়া আপোষ-মীমাংসায় পৌছিয়াছে বলিয়া যুগ্মভাবে ঘোষণা করিবেন এবং বোর্ড উভয় পক্ষকে জিজ্ঞাসাবাদ করিয়া উহার যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হইলে পক্ষগণকে বোর্ডের সম্মুখে একটি সোলেনামায় দস্তখত বা টিপসহি করার নির্দেশ দান করিবে, সোলেনামা অনুযায়ী আপোষ-মীমাংসা হইয়াছে বলিয়া অর্ডারীটে লিপিবদ্ধ করিবে এবং এই সোলেনামা আদেশের অংশ বলিয়া নির্দেশ দান করিবে।

(১২) বোর্ড উপ-বিধি (৮) বা, ক্ষেত্রমত উপ-বিধি (৯) এর অধীন প্রদত্ত সিদ্ধান্তে একটি প্রত্যাখ্যাত কর্তৃক দরখাস্তের প্রত্যেক পক্ষকে প্রদান করিবে এবং দরখাস্তের কোন পক্ষের আবেদনক্রমে তাহাকে উপ-বিধি (১১) এর অধীন বোর্ডের চেয়ারম্যান ও উপস্থিত সদস্যগণ কর্তৃক স্বাক্ষরিত সোলেনামার একটি প্রত্যাখ্যাত কর্তৃক প্রদান করিবে।

১৩। সাক্ষীর উপস্থিতি ও দলিল উপস্থাপনঃ (১) দরখাস্তের কোন পক্ষ আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষী উপস্থিত করা প্রয়োজন মনে করিলে, তিনি উক্ত সাক্ষী বোর্ডের নিকট উপস্থিত করিতে পারিবেন।

(২) দরখাস্তের কোন পক্ষ কোন সাক্ষীর উপস্থিতি প্রয়োজন মনে করিলে এবং উক্ত সাক্ষীকে উপস্থিত করিতে অসমর্থ হইলে তিনি উক্ত সাক্ষীকে উপস্থিত করার জন্য বোর্ডের নিকট আবেদন

করিতে পারিবেন এবং বোর্ড উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে উক্ত সাক্ষীকে বোর্ড কর্তৃক নির্দেশিত তারিখে উপস্থিত হওয়ার জন্য ১৫ নম্বর ফরমে নোটিশ জারী করিবে।

(৩) দরখাস্তের কোন পক্ষের কোন অত্যাৱশ্যক দলিল কোন ব্যক্তি বা আদালত বা অফিসের হেফাজত বা অধিকারে থাকিলে এবং উহা বোর্ডের নিকট উপস্থাপন করিতে সংশ্লিষ্ট পক্ষ অসমর্থ হইলে তিনি উক্ত দলিল উপস্থাপন করিবার জন্য বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন আবেদন প্রাপ্তির পর বোর্ড ১৬ নম্বর ফরমে উক্ত দলিল যে ব্যক্তি, আদালত বা অফিসের হেফাজতে বা অধিকারে রহিয়াছে তাহাকে উহা বোর্ডের নিকট উপস্থাপনের জন্য নির্দেশ দান করিবে।

১৪। দলিলের অনুলিপি সত্যায়নঃ (১) সংশ্লিষ্ট পক্ষকে দরখাস্ত বা উহার জবাবের সহিত সংযুক্ত দলিলের অনুলিপি দাখিল করিতে হইবে এবং উহা প্রকৃত অনুলিপি (ট্রে কপি) এই মর্মে সত্যায়ন করিয়া উহাতে দস্তখত বা টিপসহি দিতে হইবে।

(২) বিধি ১২(৫) এর অধীনে প্রথম শুনানীর তারিখে বোর্ড উপ-বিধি (১) মোতাবেক দাখিলকৃত দলিলের অনুলিপি মূল দলিলের সহিত তুলনা করিয়া ঐ অনুলিপি সঠিক এই মর্মে সন্তুষ্ট হইলে, বোর্ডের সীল ও চেয়াম্যানের দস্তখতে উহা সত্যায়ন করিবে এবং সত্যায়িত অনুলিপি নথিভুক্ত করিয়া দলিল সংশ্লিষ্ট পক্ষকে ফেরত প্রদান করিবে।

১৫। আপীল দায়েরঃ (১) বোর্ড কর্তৃক প্রদত্ত কোন সিদ্ধান্ত দ্বারা কোন পক্ষ সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত সিদ্ধান্ত প্রদানের ত্রিশ দিনের মধ্যে উহার বিরুদ্ধে সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত অতিরিক্ত কালেক্টরের নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(২) আপীল দায়ের করার সময় আপীলকারীকে শুনানীর সুযোগ প্রদান করিয়া যদি আপীল কর্তৃপক্ষ সন্তুষ্ট হয় যে আপীল আবেদনে কোন সারবত্তা নাই তাহা হইলে আপীল আবেদন তাৎক্ষণিকভাবে প্রত্যাখান করা যাইবে।

(৩) আপীল নিষ্পত্তি সাপেক্ষে বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের কার্যকারিতা স্থগিত রাখার আদেশ দেওয়া যাইবে।

(৪) আপীল আবেদনে প্রতিপক্ষকে শুনানীর সুযোগ প্রদান করিয়া আপীল নিষ্পত্তি করা যাইবে।

১৬। নোটিশ জারীঃ (১) বোর্ড ৮ নম্বর ফরমে সীলকৃত স্বাক্ষরিত দুই কপি নোটিশ যথাযথভাবে জারীর জন্য এতদুদ্দেশ্যে নিযুক্ত কর্মচারী বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ এর হাওলা করিবে।

(২) সংশ্লিষ্ট কর্মচারী বা গ্রাম পুলিশ যে বাড়ির উপর নোটিশ জারী করা হইয়াছে তাহার বা তাহার পরিবারের কোন বয়স্ক সদস্যের নিকট নোটিশের এক কপি হস্তান্তর করিয়া নোটিশের অন্য কপিতে নোটিশ গ্রহীতার দস্তখত বা টিপসহি গ্রহণ করিবে।

(৩) নোটিশ সাধারণতঃ বোর্ডের এলাকাধীন যে ব্যক্তির উপর জারী করা হয় সেই ব্যক্তির জ্ঞাত বাসস্থান বা কর্মস্থলের ঠিকানায় জারী করা হইবে। তবে সংশ্লিষ্ট সময়ে নোটিশ প্রাপকের বাসস্থান বা কর্মস্থলের অন্য কোন উপজেলায় অবস্থিত বলিয়া জানা গেলে নোটিশ “আন্ডার সার্টিফিকেট অব পোষ্টিং” এর মাধ্যমে তাকে প্রেরণ করিতে হইবে এবং উক্তরূপ নোটিশ প্রেরণের যুক্তিসংগত সময় অতিবাহিত হইবার পর ইহা যথযথভাবে জারী হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) যে ব্যক্তির উপর নোটিশ জারী করা হয় তাহাকে নোটিশে প্রদত্ত ঠিকানায় পাওয়া না গেলে বা তিনি বা তাহার পরিবারের কোন বয়স্ক সদস্য নোটিশ গ্রহণ করিতে অস্বীকার করিলে জারীকারক নোটিশের দ্বিতীয় কপির অপর পৃষ্ঠায় নোটিশ প্রাপককে পাওয়া যায় নাই বা তিনি বা তাহার পরিবারের কোন বয়স্ক সদস্য উহা গ্রহণ করিতে অস্বীকার করিয়াছেন এই মর্মে প্রত্যয়ন করিয়া নোটিশের উভয় কপি বোর্ডের নিকট ফেরত প্রদান করিবেন।

(৫) যে ব্যক্তির উপর নোটিশ জারী করা হইয়াছে তাহাকে উপ-বিধি (৩) এর উল্লেখিত ঠিকানায় পাওয়া না গেলে বা তিনি বা তাহার পরিবারের কোন বয়স্ক সদস্য উহা গ্রহণ করিতে অস্বীকার করিলে নিম্নোক্তভাবে উহা জারী করা যাইবে :

(ক) নোটিশের এক কপি বোর্ড অধিবেশনস্থলে কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া দিতে হইবে এবং

(খ) যে ব্যক্তির উপর নোটিশ জারী করা হয় তাহার বাসস্থান বা কর্মস্থলের নিকটস্থ হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে নোটিশের মর্ম প্রচার করিতে হইবে।

(৬) উপ-বিধি (৫) অনুযায়ী নোটিশ জারী করা হইলে উহা নোটিশ প্রাপকের উপর যথাযথভাবে জারী করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৭) নোটিশ প্রাপক বোর্ডের কোন অধিবেশনে উপস্থিত থাকিলে নোটিশের এক কপি তাহার হাতে প্রদান করিয়া এবং অপর কপিতে তাহার দস্তখত বা টিপসহি গ্রহণ করিয়া নোটিশ জারী করা যাইবে।

১৭। গ্রাম পুলিশ দ্বারা নোটিশ জারীঃ (১) দ্রুত ও কার্যকরীভাবে কোন নোটিশ জারীর জন্য গ্রাম পুলিশের সাহায্য প্রয়োজন বোধ করিলে বোর্ড এইরূপ নোটিশ বিধি ১৬ অনুযায়ী গ্রাম পুলিশ দ্বারা জারী করিবার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়াম্যানের নিকট প্রেরণ করিবেন এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান উক্ত নোটিশ গ্রাম পুলিশ দ্বারা জারী করাইবেন।

(২) গ্রাম পুলিশ দ্বারা নোটিশ জারীর ক্ষেত্রে বোর্ড জারীকারক গ্রাম পুলিশকে জারীকৃত নোটিশ প্রতি দশ টাকা হারে ভাতা প্রদান করিবে।

১৮। সম্মানী ও ভাতাঃ সরকার যথাযথ বিবেচনা করিলে, বোর্ডের অধিবেশনে যোগদানের জন্য চেয়াম্যান ও সদস্যগণকে সরকার কর্তৃক ধার্যহারে একটি সম্মানী বা দৈনিক বৈঠক ভাতা প্রদানের ব্যবস্থা করিতে পারিবে।

১৯। হিসাব রক্ষণঃ (১) বোর্ড কর্তৃক গৃহীত যাবতীয় অর্থ চেয়াম্যানের জিম্মায় থাকিবে অথবা নিকটস্থ সরকারী ট্রেজারীতে জমা রাখিতে হইবে।

(২) বোর্ড কোন অবস্থাতেই এক হাজার টাকার অধিক নগদ অর্থ উহার নিকট রাখিতে পারিবে না।

(৩) উপ-বিধি (২) এর বিধান সত্ত্বেও জরুরী ও স্বল্প ব্যয়ের জন্য বোর্ড পাঁচশত টাকার একটি ইমপ্রেস্ট হিসাব সংরক্ষণ করিতে পারিবে।

(৪) চেয়াম্যানের লিখিত আদেশ ব্যতিরেকে বোর্ড কোন অর্থ ব্যয় করিতে পারিবে না বা কাহাকেও কোন অর্থ প্রদান করিতে পারিবে না এবং এইরূপ আদান-প্রদানকৃত অর্থের পরিমাণ অংক ও কথায় উল্লেখ করিতে হইবে।

(৫) চেয়াম্যান ও সদস্যগণের সম্মানী বা বৈঠক ভাতা (যদি দেওয়া হয়), কর্মচারীদের বেতন এবং অন্যান্য যাবতীয় ব্যয়ের জন্য পৃথক পৃথক বিল প্রণয়ন করিতে হইবে। বিল পরিশোধের পর উহা ভাউচার হিসাবে যথারীতি সংরক্ষণ করিতে হইবে।

(৬) বোর্ডের প্রতিদিনের আয় ও ব্যয় ঐ দিনই ২২ নম্বর ফরমে কোন রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

(৭) চেয়াম্যান দিনের কাজের শেষে ক্যাশ রেজিস্টারে লিপিবদ্ধ প্রতি দিনের আয় ও ব্যয়ের হিসাব ক্যাশের সহিত মিলাইয়া রেজিস্টারের স্বাক্ষর করিবেন।

(৮) চেয়াম্যান, সদস্যগণ ও কর্মচারীদের প্রত্যেকের জন্য পৃথক বেতন-ভাতা নথি সংরক্ষণ করিতে হইবে।

(৯) বোর্ডের প্রাপ্য সকল অর্থ ডুপ্লিকেট কার্বন রসিদের মাধ্যমে গ্রহণ করা হইবে এবং এতদুদ্দেশ্যে নির্ধারিত খাতে সরকারী ট্রেজারীতে জমা দিতে হইবে।

২০। বোর্ড অফিসঃ (১) বোর্ড অফিস উপজেলা সদরে অবস্থিত হইবে।

(২) বোর্ডের কার্যবলী সুষ্ঠুরূপে সম্পাদনের জন্য সরকার প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর পদ সৃষ্টি করিতে পারিবে এবং তাহাদের বেতন-ভাতা নির্ধারণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কর্মচারীগণ ডেপুটি কমিশনার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহারা প্রশাসনিক ও শৃঙ্খলামূলক বিষয়ে ডেপুটি কমিশনারের নিয়ন্ত্রণাধীন থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, তাহাদের ছুটি মঞ্জুরী ও দৈনন্দিন কাজে তদারকি ক্ষমতা চেয়াম্যানের উপর ন্যস্ত থাকিবে।

২১। পরিদর্শন।- ডেপুটি কমিশনার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বোর্ড অফিস পরিদর্শন করিতে পারিবেন এবং বোর্ডের হিসাবপত্র এবং যাবতীয় রেজিষ্টার ও রেকর্ডপত্র পর্যালোচনা করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, তিনি ধারা ৬, ৭, ১১, বা ১২ এর অধীন দাখিলকৃত কোন দরখাস্তের বিচার্য বিষয় সম্পর্কে কোনরূপ পর্যালোচনা করিতে বা মন্তব্য করিতে পারিবেন না।

২২। নথি ও রেজিষ্টার।- বোর্ড আইনের অধীন ইহার কার্যাবলী সুষ্ঠুরূপে সম্পাদনকল্পে নিম্নলিখিত রেজিষ্টারসমূহ লিপিবদ্ধ ও সংরক্ষণ করিবেন যথাঃ

(ক) ১৮ নম্বর ফরমে একটি দরখাস্ত রেজিষ্টার,

(খ) ১৯ নম্বর ফরমে কেস রেজিষ্টার,

(গ) ২০ নম্বর ফরমে নোটিশ রেজিষ্টার,

(ঘ) ২১ নম্বর ফরমে সম্পত্তি রেজিষ্টার,

(ঙ) ২২ নম্বর ফরমে আয়-ব্যয় রেজিষ্টার,

(চ) বাংলাদেশ ফরম নং- ২৩২ এতে বিল রেজিষ্টার।

২৩। রিটার্ন ও প্রতিবেদনঃ (১) বোর্ড ১৭ নম্বর ফরমে সরকার ও কালেক্টরের নিকট একটি নিয়মিত ত্রৈমাসিক রিটার্ন দাখিল করিবে।

(২) বোর্ড প্রতি ছয় মাস অন্তর ইহার কার্যাবলী সম্পর্কে সরকার কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত তথ্য সম্বলিত একটি প্রতিবেদন সরকার এবং ডেপুটি কমিশনারের নিকট দাখিল করিবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান সত্ত্বেও সরকার বা ডেপুটি কমিশনার প্রয়োজনবোধে বোর্ডের নিকট হইতে উহার কার্যাবলী সম্পর্কে যে কোন সময় যে কোন তথ্য সম্বলিত প্রতিবেদন চাহিতে পারিবেন।

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯(১৯৮৯ সালের ১৫ নং আইন-এর ধারা ৬ এর অধীনে জমির
বিক্রয়কে খায়খালাসী বন্ধক ঘোষণার দরখাস্ত
ফরম নম্বর-১

(বিধি ৬ দ্রষ্টব্য)

মাননীয় চেয়ারম্যান,

..... ঋণ সালিসি বোর্ড,

উপজেলা জেলা ।

দরখাস্তকারী :

নাম

পিতা / স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

অপর পক্ষ :

নাম

পিতা / স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

বিনীত নিবেদন এই যে, আমি, সাবরেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত
..... তারিখের নম্বর দলিল মূলে আমার মালিক দখলীয়
নিম্ন তপসিলভূক্ত একর কৃষি জমি প্রাকৃতিক দুর্যোগে, ক্ষতিগ্রস্ত হওয়ার
কারণে /জীবনধারণে অক্ষমতাজনিত অসহায়তার কারণে অপর পক্ষের নিকট টাকা
মূল্যে বিক্রয় করিতে বাধ্য হইয়াছি।

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে,

(ক) উক্ত জমি বিক্রয়কালে আমার মালিকীয় মোট জমির (বিক্রিত জমিসহ) পরিমাণ তিন
একরের বেশী ছিল না।

খ) উক্ত জমির বিক্রয়মূল্য বিশ হাজার টাকার অধিক ছিল না।

অথবা

উক্ত জমির বিক্রয়মূল্য বিক্রয়কালীন সময় উহার সমশ্রেণীর জমির প্রচলিত বাজার দর হইতে কম ছিল।

গ) উক্ত জমি ১ লা জানুয়ারী, ১৯৮৯ তারিখের পূর্বে পুনরায় হস্তান্তরিত হয় নাই এবং ঐ তারিখের পূর্বে ইহার উপর কোন শিল্প-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ইমারত স্থাপনের বা অন্য কোন কারণে উহার প্রকৃতি স্থায়ীভাবে পরিবর্তিত হয় নাই।

ঘ) ক্রেতা (অপর পক্ষ) উক্ত জমি ক্রয়ের অব্যবহিত পূর্বে দুই একরের বেশী জমি মালিক ছিলেন।

ঙ) ক্রেতা (অপর পক্ষ) উক্ত জমি ক্রয়ের অব্যবহিত পূর্বে তিন একরের বেশী জমির মালিক ছিলেন এবং তিনি জীবনধারণে অক্ষমতাজনিত অসহায় ছিলেন না।

অতএব, বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা ৬ মোতাবেক আমি উক্ত বিক্রয়কে সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধক হিসাবে ঘোষণা করিয়া উক্ত বিক্রীত জমি আমার নিকট প্রত্যর্পণ করিবার এবং বন্ধকী মেয়াদের অনতিক্রান্ত সময়ের জন্য উক্ত বন্ধকের আনুপাতিক অর্থ ন্যায়সঙ্গত কিস্তিতে পরিশোধ করিবার আদেশ প্রদানের জন্য প্রার্থনা করিতেছি।

আইনের ধারা ১৬ (১) এর অধীন সহকারী জজের আদালতে প্রেরণের জন্য এবং -----
-----জন অপর পক্ষের উপর জারীর জন্য এই দরখাস্তের মোট ----- টি অনুলিপি এতদসঙ্গে
দাখিল করা হইল।

এই দরখাস্ত দাখিল করিবার জন্য এবং প্রয়োজনবোধে পরবর্তীতে গুনানীর তারিখে বোর্ডের
নিকট আমার প্রতিনিধিত্ব করিবার জন্য আমার পিতা / স্বামী/আপন ভ্রাতা আইনতঃ

অভিভাবক জনাব -----

পিতা ----- গ্রাম -----

ইউনিয়ন ----- উপজেলা ----- কে

এতদ্বারা ক্ষমতা প্রদান করিলাম।

তফসিল

মৌজা -----

খতিয়ান নম্বর -----

দাগ নম্বর -----

জমির পরিমাণ -----

চৌহদ্দি -----

আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, এই দরখাস্তে সকল বিবরণ আমার জানামতে সত্য।
প্রদত্ত কোন বিবরণ মিথ্যা প্রমাণিত হইলে আমি আইনতঃ দণ্ডনীয় হইব।

তারিখ ----- দরখাস্তকারীর দস্তখত / টিপসহ।

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ৭ এর
অধীনে কৃষি জমি বিক্রয় বাতিল ঘোষণার দরখাস্ত।

ফরম নম্বর - ২

(বিধি ৪ দ্রষ্টব্য)

মাননীয় চেয়ারম্যান,

----- ঋণ সালিসি বোর্ড,

উপজেলা -----

জেলা -----

দরখাস্তকারীঃ

নাম -----

পিতার / স্বামীর নাম -----

গ্রাম -----

ইউনিয়ন -----

উপজেলা -----

বিনীত নিবেদন এই যে আমি, ----- সাব-

রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত ----- তারিখের -----

-----নম্বর দলিল মূলে আমার মালিকী দখলীয় নিম্নতফসিল ভুক্ত -----

-----একর কৃষি জমি প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে / জীবন ধারণে অক্ষমতা জনিত

অসহায়তার কারণে ----- টাকা মূল্যে অপর পক্ষের নিকট

বিক্রয় করিতে বাধ্য হইয়াছি।

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে,

- ক) উক্ত জমি বিক্রয় কালে আমার মালিকীয় মোট কৃষি জমির (বিক্রীত জমিসহ) পরিমাণ দুই একরের বেশী ছিল না।
- খ) উক্ত জমির বিক্রয় মূল্য ত্রিশ হাজার টাকার অধিক ছিল না এবং উক্ত জমির পরিমাণ এক একরের অধিক ছিল না,
- গ) উক্ত জমির বিক্রয় মূল্য বিক্রয় কালীন সময়ে সমশ্রেণীর জমির প্রচলিত বাজার মূল্য হইতে

কম ছিল।

(ঘ) উক্ত জমি ১লা জানুয়ারী ১৯৮৯ তারিখের পূর্বে পুনরায় হস্তান্তরিত হয় নাই এবং ঐ তারিখের পূর্বে উহার উপর কোন মিল-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ইমারত স্থাপনের বা অন্য কোন কারণে উহার প্রকৃতি স্থায়ীভাবে পরিবর্তিত হয় নাই এবং

(ঙ) ক্রেতা (অপর পক্ষ) উক্ত জমি ক্রয়ের অব্যবহিত পূর্বে দুই একরের বেশী জমির মালিক ছিলেন এবং তিনি প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত বা জীবনধারণের অক্ষমতাজনিত অসহায় ছিলেন না।

অতএব, বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা ৭ মোতাবেক আমি

(ক) উক্ত বিক্রয় বাতিল ঘোষণা করিবার;

(খ) উক্ত জমির দখল আমার নিকট প্রত্যর্পণ করিবার এবং

(গ) উক্ত জমির বিক্রয় মূল্যকে সুদমুক্ত হিসাবে ঘোষণা করিয়া পরিশোধ্য ন্যায়সংগত সহজ কিস্তিতে পরিশোধ করিবার আদেশ প্রদানের জন্য প্রার্থনা করিতেছি।

আইনের ধারা ১৬ (১) এর অধীনে সহকারী জজের আদালতে প্রেরণের জন্য এবং
.....জন অপর পক্ষের উপর জারীর জন্য এই দরখাস্তের মোট
.....টি অনুলিপি এতদসঙ্গে দাখিল করা হইল। এই দরখাস্ত দাখিল
করিবার জন্য এবং প্রয়োজনবোধে পরবর্তীতে শুনানীর তারিখে বোর্ডের নিকট আমার প্রতিনিধিত্ব
করিবার জন্য আমার পিতা / স্বামী / আপন ভ্রাতা/ আইনতঃ অভিভাবক জনাব
.....পিতাগ্রাম
ইউনিয়নউপজেলাকে এতদ্বারা ক্ষমতা প্রদান করিলাম।

তফসিল

মৌজা
খতিয়ান নম্বর
দাগ নম্বর
জমির পরিমাণ
চৌহদ্দি.....

আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, এই দরখাস্তে প্রদত্ত সকল বিবরণ আমার জানামতে সত্য এবং
প্রদত্ত কোন বিবরণ মিথ্যা প্রমাণিত হইলে আমি আইনতঃ দণ্ডনীয় হইব।

তারিখ.....দরখাস্তকারীর দস্তখত /টিপসহি

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ৮
মোতাবেক জমি প্রত্যর্পণের নির্দেশ কার্যকরকরণের দরখাস্ত

ফরম নম্বর-৩
(বিধি-৫-দ্রষ্টব্য)

মাননীয় সহকারী কমিশনার (ভূমি)

উপজেলা

জেলা

দরখাস্তকারীঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম ইউনিয়ন

উপজেলা

অপর পক্ষঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম ইউনিয়ন উপজেলা

.....

.....

বিনীত নিবেদন এই যে, উপজেলা ঋণ
সালিসি বোর্ড নম্বর কেসে আমার জমির বিক্রয়কে
খায়খালাসী বন্ধক ঘোষণা করিয়া/ জমির বিক্রয় বাতিল ঘোষণা করিয়া বিক্রীত জমির দখল আমার
নিকট প্রত্যর্পণ করিবার জন্য অপর পক্ষকে নির্দেশ দান করিয়াছেন। উক্ত নির্দেশে উল্লিখিত জমির
দখল অপর পক্ষ বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আমার নিকট প্রত্যর্পণ করেন নাই / করিতে ব্যর্থ
হইয়াছেন।

অতএব, বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯, (১৯৮৯সালের ১৫ নম্বর আইন) এর ধারা ৮ এবং
বিধি ৫ মোতাবেক অপর পক্ষকে উক্ত জমি হইতে উচ্ছেদ করিয়া উহার দখল আমাকে প্রদান করিবার
জন্য প্রার্থনা করিতেছি।

উক্ত বোর্ড নির্দেশের একটি প্রত্যাখিত অনুলিপি এই দরখাস্তের সহিত সংযুক্ত করা হইল।
.....জন অপর পক্ষের উপর জারী জন্য বোর্ড নির্দেশের
অনুলিপিসহ এই দরখাস্তে টি অনুলিপি এতদসঙ্গে
দাখিল করা হইল।

তারিখ দরখাস্তকারীর দস্তখত / টিপসহ।

**বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ৮
মোতাবেক জমি প্রত্যর্পণের নির্দেশ কার্যকরণের নোটিশ**

ফরম নম্বর-৪

অপর পক্ষের প্রতি নোটিশ

(বিধি-৫-দ্রষ্টব্য)

জনাব পিতা/স্বামীর নাম
গ্রাম ইউনিয়ন
..... উপজেলা বাংলাদেশ ।
ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা ৮ মোতাবেক দরখাস্ত
করিয়েছেন যে, তৎকর্তৃক উক্ত আইনের ধারা ৬ (১) / ধারা ৭ (১) এর অধীনে দরখাস্তের প্রিশ্রেক্ষিতে
..... উপজেলা ঋণ সালিসি বোর্ডে
তারিখের প্রদত্ত নং নির্দেশ (যাহার কপি এতদসঙ্গে
সংযুক্ত করা হইল) মোতাবেক আপনি নিম্নতফসিলভুক্ত কৃষি জমি দরখাস্তকারীর নিকট বোর্ড কর্তৃক
নির্ধারিত তারিখের মধ্যে প্রত্যর্পণ করেন নাই / করিতে ব্যর্থ হইয়াছেন ।

অতএব উপরি-উল্লিখিত ধারা ৮ অনুযায়ী আপনাকে এতদ্বারা নোটিশ দেওয়া যাইতেছে যে, আগামী
..... তারিখের মধ্যে আপনি উক্ত জমি দরখাস্তকারীর
নিকট প্রত্যর্পণ করিয়া নিম্নস্বাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করিবেন অন্যথায় উক্ত তারিখের যে
কোন সময় উক্ত জমি হইতে (প্রয়োজনে বল প্রয়োগে) উচ্ছেদ করিয়া দরখাস্তকারীকে উহার দখল
বুঝাইয়া দেওয়া হইবে ।

তফসিল

মৌজা
খতিয়ান নং
দাগ নং
জমির পরিমাণ
চৌহদ্দি

সহকারী কমিশনার (ভূমি) ।

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১১
মোতাবেক জমি প্রত্যর্পণের নির্দেশ কার্যকরকরণের দরখাস্ত

ফরম নম্বর-৫
(বিধি-৬-দ্রষ্টব্য)

মাননীয় চেয়ারম্যান,

..... ঋণ সালিসি বোর্ড

..... উপজেলা

জেলা

দরখাস্তকারী :

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

অপর পক্ষঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

বিনীত নিবেদন এই যে, তারিখে নিম্নবর্ণিত সাক্ষীগণের উপস্থিতিতে

অপর পক্ষের নিকট হইতে -

(ক) শতকরা বার্ষিক / মাসিক টাকা হার সুদে

নগদ টাকা কিস্তিতে সুদসহ পরিশোধের অঙ্গীকারে; বা

(খ) মন / কেজি ধান/চাউল/গম / আলু / (অন্য কোন শস্য
হইলে উল্লেখ করুন)

এককালীন কিস্তিতে পরিশোধের অঙ্গীকারে
মহাজনী ঋণ হিসাবে গ্রহণ করিয়াছিল।

অতএব, বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা
১১ মোতাবেক আমি -

(ক) গৃহীত ঋণের প্রকৃত পরিমাণ;

(খ) গৃহীত ঋণের উপর প্রদেয় সুদের ন্যায়সংগত হার ও পরিমাণ;

(গ) পরিশোধ্য ঋণ ও উহার প্রদেয় সুদের পরিমাণ;

নির্ধারণ করিবার এবং উক্তরূপে নির্ধারিত ঋণ ও সুদ পরিশোধের জন্য ন্যায়সংগত কিস্তি নিরূপণের জন্য প্রার্থনা করিতেছি।

আইনের ধারা ১৬ (১) এর অধীনে সহকারী জজের আদালতে প্রেরণের জন্য এবং
.....জন অপর পক্ষের উপর জারীর জন্য এই দরখাস্তের
মোট
টি অনুলিপি এতদসঙ্গে দাখিল করা হইল।

সাক্ষীগণের নামঃ

১। নাম
পিতা / স্বামীর নাম ইউনিয়ন
গ্রাম উপজেলা

২। নাম
পিতা / স্বামীর নাম
গ্রাম ইউনিয়ন
উপজেলা

এই দরখাস্ত দাখিল করিবার জন্য এবং প্রয়োজনবোধে পরবর্তীতে গুনানীর তারিখে বোর্ডের
নিকট আমার প্রতিনিধিত্ব করিবার জন্য আমার পিতা / স্বামী / আপন ভ্রাতা / আইনতঃ অভিভাবক
জনাব পিতা
গ্রাম ইউনিয়ন
উপজেলা কে

এতদ্বারা ক্ষমতা প্রদান করিলাম।

আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, এই দরখাস্তে প্রদত্ত সকল বিবরণ আমার জানা মতে
সত্য এবং প্রদত্ত কোন বিবরণ মিথ্যা প্রমাণিত হইলে আমি আইনতঃ দণ্ডনীয় হইব।

তারিখঃ

দরখাস্তকারীর দস্তখত / টিপসহি

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১২
মোতাবেক দস্তখত বা টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ প্রত্যর্পণের দরখাস্ত

ফরম নম্বর-৬

(বিধি-৭-দ্রষ্টব্য)

মাননীয় চেয়ারম্যান,

..... ঋণ সালিসি বোর্ড

উপজেলা

জেলা

দরখাস্তকারীঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

জেলা

অপর পক্ষঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

জেলা

বিনীত নিবেদন এই যে, তারিখে নিম্নবর্ণিত

সাক্ষীগণের উপস্থিতিতে অপর পক্ষের নিকট হইতে -

(ক) টাকা নগদ, বা

(খ) কেজি/মন ধান/চাউল/গম/আলু বা অন্য কোন

শস্য বীজ হইলে উল্লেখ করুন)

মহাজনী ঋণ গ্রহণ করিবার জন্য উক্ত ঋণে জামানত হিসাবে আমার দস্তখত বা টিপসহি যুক্ত
একটি/ টি অলিখিত স্ট্যাম্প কাগজ অপর পক্ষের নিকট জমা দিতে বাধ্য
হইয়াছিলাম।

অতএব, বাংলাদেশ ঋণ সালিসি আইন ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা
১২ মোতাবেক আমি উক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ ফেরত পাইবার জন্য প্রার্থনা করিতেছি।

সাক্ষীগণের নামঃ

১। নাম

পিতা / স্বামীর নাম

গ্রাম ইউনিয়ন

উপজেলা জেলা

২। নাম

পিতা / স্বামীর নাম

গ্রাম ইউনিয়ন

উপজেলা জেলা

এই দরখাস্ত দাখিল করিবার জন্য এবং প্রয়োজনবোধে পরবর্তীতে শুনানীর তারিখে বোর্ডের নিকট আমার প্রতিনিধিত্ব করিবার জন্য আমার পিতা/স্বামী/আপন ভ্রাতা/আইনতঃ অভিভাবক জনাব

পিতা গ্রাম

ইউনিয়ন উপজেলা কে এতদ্বারা ক্ষমতা

প্রদান করিলাম।

আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, এই দরখাস্তে প্রদত্ত সকল বিবরণ আমার জানা মতে সত্য এবং প্রদত্ত কোন বিবরণ মিথ্যা প্রমাণিত হইলে আমি আইনতঃ দণ্ডনীয় হইব।

তারিখ দরখাস্তকারীর দস্তখত/টিপসাই

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১৫ এবং
বিধি ১২ মোতাবেক নির্ধারিত অর্ডার শীট

ফরম নম্বর-৭

(বিধি-১২-দ্রষ্টব্য)

অর্ডার শীট

..... উপজেলা ঋণ সালিসি বোর্ড

১৯..... সালের নম্বর কেস

জনাব.....

দরখাস্তকারী

বনাম

জনাব..... এবং অন্যান্য

অপরপক্ষ

তারিখ

আদেশ

মন্তব্য

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১৫ এবং
বিধি ১২ মোতাবেক দস্তখতের অপরপক্ষের উপর বোর্ড কর্তৃক জারীতব্য নোটিশ।

ফরম নম্বর-৮
অপর পক্ষের প্রতি
নোটিশ
(বিধি-১২-দ্রষ্টব্য)

প্রতি:

জনাব

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

এতদ্বারা আপনাকে নোটিশ প্রদান করা যাইতেছে পিতা / স্বামী
..... গ্রাম উপজেলা
বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা ৬ / ধারা ৭ / ধারা
১১ / ধারা ১২ মোতাবেক আপনার বিরুদ্ধে অত্র বোর্ডের নিকট একটি দরখাস্ত করিয়াছেন। দরখাস্তের
একটি অনুলিপি এতদংগে সংযুক্ত করা হইল।

আপনাকে নির্দেশ দেওয়া যাইতেছে যে, আগামী তারিখে বেলা পূর্বাহ্নে /
অপরাহ্নে ঘটিকার সময় আপনি নিজে বা আপনার পিতা / স্বামী /
আপন ভ্রাতা / আইনতঃ অভিভাবক এর মাধ্যমে অত্র বোর্ডে হাজির হইয়া উক্ত দরখাস্তের লিখিত
জবাব দাখিল করিবেন। অন্যথায় আপনার প্রতিনিধির অনুপস্থিতিতে দরখাস্তটি একতরফাভাবে নিষ্পত্তি
করা হইবে।

অত্র বোর্ডের সীল ও আমার স্বাক্ষরে ইহা ইস্যু করা হইল।

বোর্ডের পক্ষে
চেয়ারম্যান
ঋণ সালিসি বোর্ড।

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১৬ এবং
বিধি ১২ মোতাবেক উপজেলা সহকারী জজের নিকট দস্তখতের অনুলিপি প্রেরণের ফরম।

ফরম নম্বর-৯
(বিধি-১২-দ্রষ্টব্য)

প্রেরক : চেয়ারম্যান,
..... উপজেলা ঋণ সালিসি বোর্ড।

প্রাপকঃ সহকারী জজ,
..... উপজেলা।
..... পিতা/ স্বামী
গ্রাম ইউনিয়ন
উপজেলা বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯
সালের ১৫ নম্বর আইন) এর ধারা ৬ / ধারা ৭ / ধারা ১১ মোতাবেক অপর পক্ষ
পিতা / স্বামী গ্রাম
ইউনিয়ন উপজেলা এবং
অন্যান্যের বিরুদ্ধে অত্র বোর্ডের নিকট একটি দরখাস্ত করিয়াছেন। উক্ত দরখাস্তের একটি অনুলিপি
উক্ত আইনের ধারা ১৬ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হইল।

বোর্ডের পক্ষে

চেয়ার ম্যান

..... ঋণ সালিসি বোর্ড।

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ৬ এবং
বিধি ১২ (৮) মোতাবেক বোর্ড কর্তৃক প্রদেয় সিদ্ধান্তের ফরম

ফরম নম্বর-১০
(বিধি-১২ (৮)-দ্রষ্টব্য)
বোর্ডের সিদ্ধান্ত

..... উপজেলা ঋণ সালিসি বোর্ড

১৯..... সালের নম্বর কেস

দরখাস্তকারীঃ

নাম
পিতা/স্বামীর নাম
গ্রাম ইউনিয়ন
উপজেলা

অপর পক্ষঃ

নাম
পিতা/স্বামীর নাম
গ্রাম ইউনিয়ন
উপজেলা

অত্র কেসের বিষয়বস্তু এই যে, দরখাস্তকারী প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে জীবনধারণে
অক্ষমতাজনিত অসহায়তার কারণে অপর পক্ষের নিকটে.....
..... একর কৃষি জমি টাকা
মূল্যে বিক্রয় করিয়াছিলেন। এখন তিনি বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ এর ধারা ৬ মোতাবেক

(ক) উক্ত বিক্রয়কে সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধক হিসাবে ঘোষণা করিবার;

(খ) বিক্রিত জমির দখল তাহার নিকট প্রত্যর্পণ করিবার জন্য অপর পক্ষকে নির্দেশ দান করিবার;
এবং

(গ) সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধকের অনতিক্রান্ত সময়ের উক্ত বন্ধকের আনুপাতিক অর্থ
ন্যায়সংগত কিস্তিতে ক্রেতাকে ফেরত প্রদানের নির্দেশ প্রদান করিবার প্রার্থনা করিয়াছেন।
অপর পক্ষের উপর যথারীতি নোটিশ জারী করা হইয়াছে, উভয় পক্ষকে শুনানী দেওয়া
হইয়াছে, তাহাদের উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণ গ্রহণ করা হইয়াছে এবং দাখিলকৃত দলিল-
দস্তাবেজ পর্যালোচনা করা হইয়াছে। সাক্ষ্য-প্রমাণ ও দলিল-দস্তাবেজ পর্যালোচনা করিয়া বোর্ড
এই মর্মে সম্মত হইয়াছেন যে, দরখাস্তকারী উক্ত আইনের ধারা ৬ মোতাবেক প্রার্থিত প্রতিকার
পাওয়ার যোগ্য।

অতএব, বোর্ড আইনের ধারা ৬ এর বিধান মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করিলেনঃ

- (১) দরখাস্তকারী কর্তৃক অপর পক্ষের নিকট সাব-রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত তারিখে নম্বরের দলিল মূলে একর বিক্রীত কৃষি জমি বিক্রয়কে সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধক বলিয়া ঘোষণা করা হইল।
- (২) উক্ত খায়খালাসী বন্ধক বলিয়া ঘোষিত বিক্রীত জমির দখল তারিখের মধ্যে দরখাস্তকারীর নিকট প্রত্যর্পণ করিবার জন্য অপর পক্ষকে নির্দেশ দেওয়া হইল, এবং
- (৩) উক্তরূপে ঘোষিত সাত বৎসর মেয়াদী খায়খালাসী বন্ধকের সময় তারিখে শেষ হইবে/হইয়াছে এবং উক্ত বন্ধকের অনতিব্রান্ত বৎসর সময়ের জন্য টাকা শতকরা বিশ টাকা হারে সরল সুদসহ নিম্নবর্ণিত বাৎসরিক কিস্তিতে অপর পক্ষকে পরিশোধ করার জন্য দরখাস্তকারীকে নির্দেশ দেওয়া হইলঃ

(ক) ১ম কিস্তির আসল টাকা অত্র সিদ্ধান্তের ৯০ দিনের মধ্যে পরিশোধেয়;

(খ) ২য় কিস্তির আসল টাকা তৎসহ ১ম কিস্তির পরিশোধের পর অবশিষ্ট আসলের উপর এক বৎসরের সুদ টাকা তারিখে পরিশোধেয়;

(গ) ৩য় কিস্তি আসল টাকা তৎসহ ২য় কিস্তি পরিশোধের পর অবশিষ্ট আসল টাকার এক বৎসরের সুদ টাকা তারিখে পরিশোধেয়;

(ঘ) পরবর্তী কিস্তিগুলি উপরে (খ) ও (ঘ) তে উল্লিখিত সূত্রমতে লিপিবদ্ধ করিতে হইবে।

খায়খালাসী বলিয়া ঘোষিত জমির তফসিল :

দাগ নং

খতিয়ান নং

মৌজা নং

উপজেলা

পরিমাণ

চৌহদ্দি

এই সিদ্ধান্ত অত্র বোর্ডের সীল ও উপস্থিত সদস্যগণের স্বাক্ষরে অদ্য তারিখে প্রদান করা হইল।

চেয়ারম্যান

সদস্য সদস্য সদস্য স্বাক্ষর
সীল

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ৭ এবং
বিধি ১২ (৮) মোতাবেক বোর্ড কর্তৃক প্রদেয় সিদ্ধান্তের ফরমঃ

ফরম নম্বর-১১

(বিধি-১২ (৮)-দ্রষ্টব্য)

বোর্ডের সিদ্ধান্ত

..... ঋণ সালিসি বোর্ড

১৯..... সালের নম্বর কেস

দরখাস্তকারীঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

অপর পক্ষঃ

নাম

পিতা/স্বামীর নাম

গ্রাম

ইউনিয়ন

উপজেলা

অত্র কেসের বিষয়বস্তু এই যে, দরখাস্তকারী প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে/ জীবনধারণে
অক্ষমতাজনিত অবস্থার কারণে অপর পক্ষের নিকটে দরখাস্ত এর তফসিলে বর্ণিত
..... একর কৃষি জমি
টাকা মূল্যে বিক্রয় করিয়াছিলেন এবং উহার বিক্রয় মূল্য সমশ্রেণীর জমির তৎকালীন বাজার দর হইতে
কম ছিল। এখন তিনি বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ এর ধারা মোতাবেক -

- (ক) উক্ত বিক্রয়কে বাতিল ঘোষণা করিয়া বিক্রয় মূল্যকে সুদমুক্ত ঋণ হিসাবে গণ্য করিবার;
- (খ) উক্ত বিক্রিত জমির দখল তাহার নিকট প্রত্যর্পণ করিবার জন্য অপর পক্ষের উপর নির্দেশ দান করিবার; এবং
- (গ) উক্ত বিক্রিত তারিখ হইতে জমির দখল প্রত্যর্পণ না করা পর্যন্ত সময়ে অপর পক্ষ উক্ত জমি হইতে যে নীট আয় করিয়াছেন তাহা বাদ দিয়া অবশিষ্ট বিক্রয় মূল্য সুদমুক্ত ঋণ হিসাবে ন্যায়সংগত কিস্তিতে পরিশোধ করিবার নির্দেশ দান করিবার জন্য প্রার্থনা করিয়াছেন।

অপরপক্ষের উপর যথারীতি নোটিশ জারী করা হইয়াছে, উভয় পক্ষকে শুনানী দেওয়া হইয়াছে, তাহাদের উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণ ও দলিল-দস্তাবেজ পর্যালোচনা করিয়া বোর্ড এই মর্মে সন্তুষ্ট হইয়াছেন যে, দরখাস্তকারী উক্ত আইনের ধারা ৭ মোতাবেক প্রার্থীত প্রতিকার পাইবার যোগ্য।

অতএব, বোর্ড আইনের ধারা ৭ এর বিধান মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করিলেনঃ

- (১) দরখাস্তকারী কর্তৃক অপর পক্ষের নিকট সাব-
রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রিকৃত
তারিখে.....নম্বরেরদলিলমূলে
.....একর বিক্রীত, কৃষি জমি বিক্রয়কে
বাতিল ঘোষণা করা হইল এবং বিক্রয়মূল্যকে সুদমুক্ত স্বর্ণ বলিয়া গণ্য করা হইল;
- (২) উক্ত বাতিল ঘোষিত বিক্রীত জমির দখল
তারিখের মধ্যে দরখাস্তকারীর নিকট প্রত্যর্পণ করিবার জন্য অপর পক্ষকে নির্দেশ দেওয়া
হইল, এবং
- (৩) উক্ত বাতিল ঘোষিত বিক্রয় দলিল রেজিস্ট্রির তারিখ হইতে অত্র সিদ্ধান্তে নির্দেশিত জমি
প্রত্যর্পণের তারিখ পর্যন্ত সময়ে অপর পক্ষ কর্তৃক বিক্রীত জমি হইতে প্রাপ্ত নীট আয়
.....টাকা উক্ত রূপে ঘোষিত সুদমুক্ত স্বর্ণ
হইতে বাদ দিয়া অবশিষ্ট টাকা টি
বাৎসরিক কিস্তিতে অপর পক্ষকে পরিশোধ করিবার জন্য দরখাস্তকারীকে নির্দেশ দেওয়া
হইল।

বাতিল ঘোষিত বিক্রীত জমির তফসিল :

দাগ নং
খতিয়ান নং
মৌজা নং
উপজেলা
পরিমাণ
চৌহদ্দি.....

এই সিদ্ধান্ত অত্র বোর্ডের সীল ও উপস্থিত সদস্যগণের স্বাক্ষরে অদ্য.....
তারিখে প্রদান করা হইল।

চেয়ারম্যান

সদস্য

সদস্য

সদস্য

স্বাক্ষর

সীল

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১১ এবং
বিধি ১২ (৮) মোতাবেক বোর্ড কর্তৃক প্রদেয় সিদ্ধান্তের ফরমঃ

ফরম নম্বর-১২
(বিধি-১২ (৮)-দ্রষ্টব্য)
বোর্ডের সিদ্ধান্ত

..... ঋণ সালিসি বোর্ড

১৯..... সালের নম্বর কেস

দরখাস্তকারীঃ

নাম
পিতা/স্বামীর নাম
গ্রাম
ইউনিয়ন
উপজেলা

বনাম

অপর পক্ষঃ

নাম
পিতা/স্বামীর নাম
গ্রাম
ইউনিয়ন
উপজেলা

অত্র কেসের বিষয়বস্তু এই যে, দরখাস্তকারী বিগত তারিখ অপর পক্ষের
নিকট হইতে টাকা হার সুদে টাকা নগদ / মন
কেজি শস্য (বর্ণনা দিন) শস্যবীজ (বর্ণনা দিন) অতিরিক্ত মন / কেজি শস্য /
শস্য বীজ (বর্ণনা দিন) অতিরিক্ত মন / কেজি শস্য বীজ সহ পরিশোধের
অংগীকারে মাহাজনী ঋণ গ্রহণ করিয়াছিলেন। এখন তিনি বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ এর
ধারা মোতাবেক -

- (ক) গৃহীত ঋণের প্রকৃত পরিমাণ নির্ধারণ করিবার;
- (খ) প্রদেয় সুদের ন্যায়সংগত হার ও পরিমাণ নির্ধারণ করিবার;
- (গ) পরিশোধ্য ঋণ ও উহার প্রদেয় সুদের পরিমাণ নির্ধারণ করিবার, এবং
- (ঘ) উক্ত রূপে নির্ধারিত ঋণ ও সুদ পরিশোধের ন্যায়সংগত কিস্তি নিরূপণ করিবার জন্য প্রার্থনা
করিয়াছেন।

অপরপক্ষের উপর যথারীতি নোটিশ জারী করা হইয়াছে, উভয় পক্ষকে শুনানী দেওয়া হইয়াছে, তাহাদের উপস্থাপিত সাক্ষ্য প্রমাণ গ্রহণ করা হইয়াছে এবং দাখিলকৃত দলিল-দস্তাবেজ পর্যালোচনা করা হইয়াছে। সাক্ষ্য প্রমাণ ও দলিল দস্তাবেজ পর্যালোচনা করিয়া বোর্ড / এই মর্মে সন্তুষ্ট হইয়াছেন যে দরখাস্তকারী উক্ত আইনের ধারা ১১ মোতাবেক প্রার্থীত প্রতিকার পাইবার যোগ্য।

অতএব, বোর্ড আইনের ধারা ১১ এর বিধান মোতাবেক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করিলেনঃ

- (১) দরখাস্তকারী কর্তৃক অপর পক্ষ হইতে গৃহীত মহাজনী ঋণের প্রকৃত পরিমাণ টাকা মন / কেজি শস্য / শস্য বীজ/
(শস্যের বর্ণনা দিন) বলিয়া নির্ধারণ করা হইল।
- (২) উক্ত মহাজনী ঋণের উপর প্রদেয় ন্যায়সংগত সুদের হার ও পরিমাণ
(ক) টাকার ক্ষেত্রে, শতকরা বার্ষিক টাকা এবং মোট সুদের পরিমাণ টাকা;
(খ) শস্য/শস্য বীজের অংশ এবং মোট অতিরিক্ত শস্য / শস্য বীজ মন/কেজি, নির্ধারণ করা হইল।
- (৩) ইতোমধ্যে পরিশোধিত ঋণের আসল এবং সুদ (যদি কিছু পরিশোধিত হইয়া থাকে) উক্তরূপে নির্ধারিত আসল ও সুদ হইতে বাদ দিয়া অবশিষ্ট পরিশোধ্য আসল ও উহার উপর প্রদেয় পরিমাণ যথাক্রমে -
(ক) টাকার ক্ষেত্রে, শতকরা বার্ষিক টাকা এবং মোট সুদের পরিমাণ টাকা;
(খ) শস্য/শস্য বীজের অংশ এবং মোট অতিরিক্ত শস্য / শস্য বীজ মন/কেজি, নির্ধারণ করা হইল।
- (৪) উক্তরূপে নির্ধারিত প্রদেয় আসল ও সুদ টি বাৎসরিক কিস্তিতে অপর পক্ষকে পরিশোধ করিবার জন্য দরখাস্তকারীকে নির্দেশ দেওয়া হইল।

এই সিদ্ধান্ত অত্র বোর্ডের সীল ও উপস্থিত সদস্যগণের স্বাক্ষরে অদ্য তারিখে প্রদান করা হইল।

চেয়ারম্যান

সদস্য
সীল

সদস্য

সদস্য

স্বাক্ষর

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ১২ এবং
বিধি ১২ (৮) মোতাবেক বোর্ড কর্তৃক প্রদেয় সিদ্ধান্তের ফরমঃ

ফরম নম্বর-১৩
(বিধি-১২ (৮)-দ্রষ্টব্য)
বোর্ডের সিদ্ধান্ত

..... ঋণ সালিসি বোর্ড

১৯..... সালের নম্বর কেস

দরখাস্তকারীঃ

নাম
পিতা/স্বামীর নাম
গ্রাম ইউনিয়ন
উপজেলা

বনাম

অপর পক্ষঃ

নাম
পিতা/স্বামীর নাম
গ্রাম ইউনিয়ন
উপজেলা

অত্র কেসের বিষয়বস্তু এই যে, দরখাস্তকারী বিগত
তারিখ অপর পক্ষের নিকট হইতে টাকা হার সুদে
..... টাকা নগদ / মন/কেজি শস্য (বর্ণনা দিন) শস্যবীজ
(বর্ণনা দিন) মহাজনী ঋণ হিসাবে গ্রহণ করিয়া উহার জামানত হিসাবে অপর পক্ষের নিকট তাহার
দাবীক্রমে টাকা মূল্যমানের অলিখিত স্ট্যাম্প কাগজ দস্তখত /
টিপসহি করিয়া জমা দিতে বাধ্য হইয়াছিলেন। এখন তিনি বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ এর
ধারা মোতাবেক উক্ত স্বাক্ষর / টিপসহিযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ অপর পক্ষের নিকট হইতে ফেরত
পাওয়ার জন্য প্রার্থনা করিয়াছেন।

অপর পক্ষের উপর যথারীতি নোটিশ জারী করা হইয়াছে, উভয় পক্ষকে শুনানী দেওয়া হইয়াছে
এবং তাহাদের উপস্থাপিত সাক্ষ্য প্রমাণাদি গ্রহণ করা হইয়াছে। সাক্ষ্য প্রমাণাদি পর্যালোচনা করিয়া
বোর্ড এই মর্মে সন্তুষ্ট হইয়াছেন যে, দরখাস্তকারী উক্ত আইনের ধারা ১২ মোতাবেক প্রার্থিত প্রতিকার
পাইবার যোগ্য।

অতএব, বোর্ড উক্ত আইনের ধারা ১২ এর বিধান মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিলেন যে অপর পক্ষ আগামী তারিখে অত্র বোর্ডে উপস্থিত হইয়া দরখাস্তকারীকে তাহার দস্তখত / টিপসহযুক্ত অলিখিত স্ট্যাম্প কাগজ প্রত্যর্পণ করিবেন।
এই সিদ্ধান্ত অত্র বোর্ডের সীল ও উপস্থিত সদস্যগণের স্বাক্ষরে অদ্য তারিখে প্রদান করা হইল।

.....
চেয়ারম্যান

.....
সদস্য
সীল

.....
সদস্য

.....
সদস্য

.....
স্বাক্ষর

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯(১৯৮৯ সালের ১৫ নম্বর আইন) এর ধারা
/ধারা৭/ধারা১০/ধারা ১২, বিধি ১২(৯) মোতাবেক বোর্ড কর্তৃক প্রদেয় একতরফা সিদ্ধান্ত ফরম

ফরম নং-১৪
বিধি ১২(৯) দ্রষ্টব্য

বোর্ডের সিদ্ধান্ত

..... উপজেলা ঋণ
সালিসি বোর্ড ১৯ সালের নম্বর কেসা
দরখাস্তকারী :
নাম.....
পিতা/স্বামী নাম
গ্রাম.....
ইউনিয়ন.....
উপজেলা

বনাম

অপর পক্ষ :
নাম.....
পিতা/স্বামী নাম
গ্রাম.....
ইউনিয়ন.....
উপজেলা

অত্র কেসের বিষয়বস্তু এই যে, দরখাস্তকারী
.....(ফরম নম্বর ১০/১১/১২/১৩ এর প্রথম অনুচ্ছেদ হইতে যাহাই প্রযোজ্য
হয় লিখুন)
..... প্রার্থনা
করিয়াছেন।

২। অপর পক্ষের উপর যথারীতি নোটিশ জারী করা হইয়াছে এবং তাহাকে শুনানীর/মূলতবী
শুনানীর জন্য সুযোগ দেওয়া হইয়াছে। নোটিশ জারী এবং শুনানীর/মূলতবী শুনানীর সুযোগ দেওয়া
সত্ত্বেও অপরপক্ষ বোর্ডের নিকট ব্যক্তিগতভাবে বা তাহার প্রতিনিধির মাধ্যমে উপস্থিত হন নাই, তাহার
পক্ষে কোন সাক্ষ্য প্রমাণ বা দলিল দস্তাবেজ উপস্থাপন করেন নাই এবং দরখাস্তের বিষয়বস্তু সম্পর্কে
কোন তদ্বির করেন নাই।

સદસ્ય

বাংলাদেশ ঋণ সলিসি আইন ১৯৮৯(১৯৮৯ সালের ১৫নং আইন) এর ধারা ১৮ এবং বিধি ১৩(২)
মাতাবেক সাক্ষীর প্রতি নোটিশের ফরম

ফরম নং ১৫

সাক্ষী উপস্থিতির নোটিশ

(বিধি ১৩(২) দ্রষ্টব্য)

প্রাপক
নাম
পিতার/স্বামীর নাম
গ্রাম
ইউনিয়ন
উপজেলা

আপনাকে এতদ্বারা নোটিশ দেওয়া যাইতেছে যে, অত্র বোর্ডের
সালেরনম্বর কেসে আপনাকে দরখাস্তকারীর /অপর পক্ষের
আবেদনক্রমে সাক্ষী দেওয়ার জন্য আগামীতারিখে
সকালটার সময় অত্র বোর্ডের অফিসে/.....
ইউনিয়নপরিষদ অফিসে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধিবেশনে হাজির
হইয়া সাক্ষ্য প্রদান করিবার জন্য নির্দেশ দেওয়া হইল। উক্ত সময়ে হাজির হইতে ব্যর্থ হইলে বা সাক্ষ্য
প্রদান না করিলে আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে।

ইহা অত্র বোর্ডের সীল ও আমার স্বাক্ষরে অদ্যতারিখে জারী করা
হইল

বোর্ডের পক্ষে
চেয়ারম্যান

বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৫ নং আইন) এর ধারা ১৮ এবং
বিধি ১৩(৫) মোতাবেক দলিল উপস্থাপনের নোটিশ ফরম।

ফরম নম্বর-১৬

দলিল উপস্থাপনের নোটিশ

(বিধি ১৩(৫) দ্রষ্টব্য)

..... ঋণ সালিসি বোর্ড।

প্রাপক :

নাম.....

পিতার/স্বামীর নাম

গ্রাম.....

ইউনিয়ন

উপজেলা

জনাব..... পিতা/স্বামীগ্রাম

ইউনিয়ন উপজেলা কর্তৃক দায়েরকৃত

অত্র বোর্ডের সালের নম্বর কেসে

..... দলিল পর্যালোচনা করা প্রয়োজন। বোর্ডের নিকট ইহা প্রতীয়মান হইয়াছে

যে উক্ত দলিলটি আপনার ব্যক্তিগত অফিসের হেফাজতে রহিয়াছে। আগামী তারিখের

..... তার সময়ে অফিসে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধিবেশনে উক্ত দলিলটি

ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে বোর্ডের নিকট উপস্থাপন করিবার জন্য এতদ্বারা আপনাকে

নির্দেশ দেওয়া হইল। উহা উক্ত সময়ে উপস্থাপন না করিতে ব্যর্থ হইলে আপনার বিরুদ্ধে

আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

ইহা অত্র বোর্ডের সীল ও আমার স্বাক্ষরে অদ্য তারিখে জারী করা
হইল।

বোর্ডের পক্ষে

..... ঋণ সালিসি বোর্ড।

**বাংলাদেশ ঋণ সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ২০ এবং
ফরম নম্বর ১৭**

বিধি ২৩ (১) দ্রষ্টব্য

প্রাপক :

১) সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা

.....
(২) কালেক্টর.....

প্রেরক :

.....উপজেলা ঋণ সালিশি বোর্ড

অত্র বোর্ডের		তারিখে সমাপ্ত বিগত তিন মাসের কার্য বিবরণী/				
পূর্বের জের	প্রতিবেদনাধীন সময়ে	মোট	প্রতিবেদনাধীন সময়ে নিষ্পত্তিকৃত			
	দায়েরকৃত কেসের সংখ্যা		কেসের সংখ্যা			
			প্রতিদ্বন্দ্বিত	একতরফা	আপোষ	মোট
১	২	৩	৪	৫	৬	৭

বিধি ২৩ মোতাবেক বোর্ড কর্তৃক ত্রৈমাসিক রিটার্নের ফরম।

প্রতিবেদন নিম্নোক্ত ছকে সদয় অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

অনিষ্পত্তিকৃত কেসের	পূর্ববর্তী তিন মাসের		মন্তব্য
সংখ্যা	দায়েরকৃত কেসের	নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা	
(৩-৭)	সংখ্যা	সংখ্যা	
৮	৯	১০	১১

চেয়ারম্যান

.....ঋণ সালিশি বোর্ড।

सूचना नमूना १८

(विधि २२ दृष्टव्या)

বাংলাদেশ ঋণ সার্ভিস আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১নং অইন) এর ধারা ২৫ এবং বিধি ১৯(৬) মোতাবেক অভ্যর্থনা শীট এবং কেস রেজিস্টারের ফর্ম

ফর্ম নম্বর ১৯

(বিধি ২২ দ্রষ্টব্য)

অভ্যর্থনা শীট এবং কেস রেজিস্টার

ক্রমিক নং	কেস নম্বর	দরখাস্তকারীর নাম ও ঠিকানা	অপর পক্ষের নাম ও ঠিকানা	আইনের ধারা	দরখাস্ত গ্রহণের তারিখ এবং পরবর্তী তারিখসমূহ	সিদ্ধান্তের সংক্ষিপ্ত সার এবং তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

বাংলাদেশ খণ সাজিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫নম্বর আইন) এর ধারা ২৫ এবং বিধি ২২ মোতাবেক প্রদত্ত নোটিশ রেজিস্টারের ফরম ।

ফরম নম্বর ২০

(বিধি ২২ দ্রষ্টব্য)
নোটিশ রেজিস্টার

ক্রমিক নং	সংশ্লিষ্ট কেসের নং এবং অর্ডারের তারিখ	নোটিশ যাহার উপর জারী হইবে তাহার নাম ও ঠিকানা	জারীকারকের হাতে প্রদানের তারিখ	নোটিশ ফেরত প্রদানের জন্য নির্ধারিত তারিখ	নোটিশ গ্রহণকারীর স্বাক্ষর ও তারিখ	ফেরত প্রদানের তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

বাংলাদেশ খণ্ড সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ২৫ এবং বিধি ২২ মোতাবেক প্রদত্ত নিষ্পত্তি রেজিস্ট্রারের ফরম
ফরম নম্বর-২১

(বিধি ২২ দ্রষ্টব্য)

ক্রমিক নং	কেস নম্বর	দরখাস্তকারীর নাম ও ঠিকানা	অপর পক্ষের নাম ও ঠিকানা	আইনের ধারা।	সিদ্ধান্তের সংক্ষিপ্ত বিষয়বস্তু	বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

প্রতিবাদী।

প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী
প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী	প্রতিবাদী

মোক্তার রেজিস্ট্রার
(বিধি ২২ দ্রষ্টব্য)

ফরম নম্বর ২১

বাংলাদেশ খণ্ড সালিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ২৫ এবং বিধি ২২ মোতাবেক প্রদত্ত নিষ্পত্তি রেজিস্ট্রারের ফরম।

বাংলাদেশ ঋণ সার্জিসি আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৫ নম্বর আইন) এর ধারা ২৫ এবং বিধি ১৯(৬) মোতাবেক দৈনন্দিন আয় ও ব্যয়ের ফরম
ফরম নম্বর ২২

(বিধি ১৯(৬) দ্রষ্টব্য)
আয় ও ব্যয়ের রেজিস্টার
উপজেলা ঋণ সার্জিসি বোর্ড

আয়									
তারিখ	প্রাপ্তি	বিবরণ	বেতন	ভাতা	আনুষংগিক		বিবিধ	মোট	শ্রেণীবিন্যাস
					স্থায়ী অগ্রিম		অগ্রিম		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

ক্রমিক	আনুষংগিক	স্থায়ী অগ্রিম	অগ্রিম	বিবিধ	মোট	শ্রেণীবিন্যাস

তারিখ	প্রাপ্তির নম্বর	সবা-ভাউচার নম্বর	বিবরণ	বেতন	বায়		বিবিধ	মোট	শ্রেণীবিন্যাস
					ভাতা	আনুষংগিক			
						স্থায়ী অগ্রিম হইতে	প্রদেয় হিসাবে উল্লেখিত অর্থ হইতে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	১০	১১

চেয়ারম্যান
উপজেলা ঋণ সার্ভিস বোর্ড
রাষ্ট্রপতির আদেশক্রমে
এ,এইচ, এম, শিরাজুল হক
যুগ্ম-সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ
ঢাকা, ১৭ই জ্যৈষ্ঠ, ১৩৯৬/ ৩১শে মে, ১৯৮৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ৩১শে মে, ১৯৮৯ (১৭ই জ্যৈষ্ঠ, ১৩৯৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনসমূহ সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ-

১৯৮৯ সনের ২৩ নং আইন
ভূমি সংস্কার বোর্ড গঠনের জন্য বিধান করার উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ভূমি সংস্কার কর্মসূচী বাস্তবায়ন এবং সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা নিশ্চিত করার উদ্দেশ্যে ভূমি সংস্কার বোর্ড গঠনের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়:

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :- (১) এই আইন ভূমি সংস্কার বোর্ড আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২রা চৈত্র, ১৩৯৫ মোতাবেক ১৬ই মার্চ, ১৯৮৯ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা :- এই আইনে বোর্ড বলিতে ভূমি সংস্কার বোর্ডকে বুঝাইবে।

৩। আইনের প্রাধান্য :- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে বিপরীত যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদাধীন প্রণীত বিধির বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। ভূমি সংস্কার বোর্ড গঠন :- (১) এই আইন বলবৎ হইবার পর সরকার যথাশীঘ্র সম্ভব ভূমি সংস্কার বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(২) একজন চেয়ারম্যান এবং অনধিক দুইজন সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে।

(৩) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

৫। বোর্ডের কার্যাবলী :- বোর্ডের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) সরকার কর্তৃক অর্পিত ভূমি সংস্কার ও ভূমি ব্যবস্থাপনা সম্পর্কিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন;

(খ) কোন আইনের দ্বারা বা আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন।

৬। বিধি প্রণয়নের ক্ষমতা :- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

৭। রহিতকরণ ও হেফাজত :- (১) ভূমি সংস্কার বোর্ড অধ্যাদেশ ১৯৮৯(অধ্যাদেশ নং ১, ১৯৮৯) এত দ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীনে কৃত বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১৯৮৯ সনের ২৪ নং আইন

ভূমি আপীল বোর্ড গঠনের জন্য বিধান করার উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ভূমি আপীল বোর্ড গঠনের জন্য বিধান করা সমীচিন ও প্রয়োজনীয়; সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন :- (১) এই আইন ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ২রা চৈত্র, ১৩৯৫ মোতাবেক ১৬ই মার্চ, ১৯৮৯ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা :- এই আইনে বোর্ড বলিতে ভূমি আপীল বোর্ডকে বুঝাইবে।

৩। আইনের প্রাধান্য :- আপততঃ বলবৎ অন্য কোন আইনে বিপরীত যাহা কিছুই থাকুক না কেন, এ আইন ও তদধীন প্রণীত বিধির বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। ভূমি আপীল বোর্ড গঠন :- (১) এই আইন বলবৎ হইবার পর সরকার যথাশীঘ্র সম্ভব ভূমি আপীল বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(২) একজন চেয়ারম্যান এবং অনধিক দুইজন সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে।

(৩) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

৫। বোর্ডের এখতিয়ার :- বোর্ড উহার উপর সরকার কর্তৃক অথবা কোন আইনের দ্বারা কিংবা আইনের অধীন অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

৬। আপীল :- (১) বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে সরকারের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আপীল দায়ের করা যাইবে এবং আপীলের উপর প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(২) বোর্ডের সিদ্ধান্তের তারিখ হইতে ষাট দিনের মধ্যে আপীল দায়ের করিতে হইবে।

(৪) আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বোর্ডের সিদ্ধান্তের বাস্তবায়ন স্থগিত থাকিবে।

৭। বিধি প্রণয়নের ক্ষমতা :- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সরকার বিধি প্রণয়ন করিতে পারিবে।

৮। রহিতকরণ ও হেফাজত :- (১) Board of Land Administration Act, 1980(XIII 1981) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত রহিতকরণের তারিখে রহিত Act এর অধীন গঠিত ভূমি প্রশাসন বোর্ডের নিকট কোন বিষয় অনিষ্পন্ন থাকিলে উহা অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকারের নিকট হস্তান্তরিত হইবে এবং সরকার হয় নিজেই উহা নিষ্পত্তি করিবে নতুবা নিষ্পত্তির জন্য উহা ভূমি সংস্কার বোর্ডের বা ভূমি আপীল বোর্ডের নিকট প্রেরণ করিবে এবং যে বোর্ডের নিকট বিষয়টি প্রেরিত হইবে সেই বোর্ডই উহা নিষ্পত্তি করিবে।

(৩) ভূমি আপীল বোর্ড অধ্যাদেশ, ১৯৮৯(অধ্যাদেশ নং ২, ১৯৮৯) এতদ্বারা রহিত করা হইল।

(৪) উপ-ধারা (৩) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীনকৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

স্বা/- মোহাম্মদ আইয়ুবুর রহমান
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা নং-১৫

নং-ভূঃমঃশাঃ-১৫ (ভূঃসঃবোঃ) ২৩১/৮৮/৪১২

তারিখ : ২৩/৫/৮৯ ইং

৯/২/৯৬ বাং

আদেশ

ভূমি আপীল বোর্ড অধ্যাদেশ, ১৯৮৯ (অধ্যাদেশ নং ২) এর ৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে, সরকারের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে ভূমি আপীল বোর্ডের নিকট নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের দায়িত্ব অর্পণ করা হইলঃ

(১) বোর্ড নিম্নলিখিত বিষয়ে নির্ধারিত সময়সীমার মধ্যে জেলা (কালেক্টর)/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও বিভাগীয় কমিশনারগণের রায়/ সিদ্ধান্ত এর বিরুদ্ধে আইন ও বিধি মোতাবেক উপযুক্ত ক্ষেত্রে আপীল/ পুনঃবিবেচনার আবেদনসমূহের আইনানুগ নিষ্পত্তি করিবেনঃ-

- (ক) ভূমি সংক্রান্ত মামলা,
- (খ) নামজারী ও খরিজ মামলা,
- (গ) পরিত্যক্ত, অর্পিত ও বিনিময় সম্পত্তি বিষয়ক মামলা,
- (ঘ) সাধারণত ও জলমহাল সংক্রান্ত মামলা।
- (ঙ) ভূমি রেকর্ড সম্পর্কিত মামলা,
- (চ) ভূমি উন্নয়ন কর, সার্টিফিকেট মামলা,
- (ছ) ওয়াকফ/দেবোত্তর সম্পত্তি সংক্রান্ত মামলা,
- (জ) খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত মামলা।

(২) সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ক্ষেত্র বিশেষ বোর্ড ও বিভাগীয় পর্যায়ে বিবেচনাধীন উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে তদন্ত প্রতিবেদনের আদেশ দিতে পারিবেন এবং বিশেষ এবং উপযুক্ত ক্ষেত্রে নথি তলব করিয়া বিবেচনাপূর্বক যথাযথ সিদ্ধান্ত করিতে পারিবেন।

(৩) উপরোক্ত বিষয়াদি ছাড়াও বোর্ড নিম্নলিখিত দায়িত্ব পালন করিবেনঃ-

- (ক) বোর্ডের সকল সংস্থাপন ও হিসাব সম্পর্কিত সাধারণ প্রশাসন;
- (খ) সরকার কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত অন্যান্য দায়িত্ব ও গুনানী।

(৪) বোর্ড ভূমি সংক্রান্ত আইন ও বিধি সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত বিষয়াদিতে মন্তব্য ও পরামর্শ প্রদান করিবেন।

(৫) উপরোক্ত সকল কার্যাবলী সরকার কর্তৃক গৃহীত ও জারীকৃত আইন, বিধি, বিধান, নীতিমালা ও আদেশ অনুযায়ী পরিচালিত হইবে।

- ৬) এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে এবং ইতিপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত সকল আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

স্বা/- এম, মোকাম্মেল হক

২৩/৫/৮৯ইং

সচিব

ভূমি মন্ত্রণালয়।

নং- ভূঃমঃশা-১৫ (ভূঃসংঃ বোঃ) ২৩১/৮৮/৪১২/১(১৮১)

তারিখ : ২৩/৫/৮৯ইং

৯/২/৯৬ বাং।

অনুলিপি প্রেরণ করা হইল :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২। রাষ্ট্রপতির মুখ্যসচিব, রাষ্ট্রপতির সচিবালয়।

৩। সচিব/ ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব,

.....মন্ত্রণালয়/বিভাগ।

৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড।

৫। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬। ভূমি সংস্কার কমিশনার ও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড।

৭। বিভাগীয় কমিশনার(সকল)।

৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ভূমি অধিগ্রহণ)(সকল)

৯। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা

১০। তত্ত্বাবধায়ক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশনার জন্য অনুরোধ করা হইল।

স্বা/-সৈয়দ আসগার আলী

২৩/৫/৮৯ইং

উপ-সচিব

ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা ৯

“বিজ্ঞপ্তি”

ঢাকা, ২৩শে আশ্বিন, ১৩৯৭/৯ই অক্টোবর, ১৯৯০

এস, আর, ও নং ৩৫০-আইন/৯০-ভূমি আপীল বোর্ড আইন, (১৯৮৯ সনের ২৪নং আইন) এর ধারা ৭এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনামাঃ এই বিধিমালা ভূমি আপীল বোর্ড বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাঃ বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়

- (ক) “আইন” অর্থ ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯।
- (খ) “চেয়ারম্যান” অর্থ ভূমি আপীল বোর্ডের চেয়ারম্যান।
- (গ) “ফুলবোর্ড” অর্থ চেয়ারম্যান ও সদস্যদের সমন্বয়ে গঠিত বোর্ড।
- (ঘ) “শাখা” অর্থ সুষ্ঠুভাবে বোর্ডের কর্ম সম্পাদনের জন্য গঠিত একটি কার্য ইউনিট,
- (ঙ) “সদস্য” অর্থ ভূমি আপীল বোর্ডের সদস্য।
- (চ) “সচিব” অর্থ ভূমি আপীল বোর্ডের সচিব।

৩। বোর্ডের কার্য-বন্টন পদ্ধতিঃ (১) বোর্ড ভূমি রাজস্ব ও ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি বিষয়ক সমুদয় আইনের অধীনে এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার/আদেশ মোতাবেক বিভাগীয় কমিশনার এর আদেশের বিরুদ্ধে নিম্নবর্ণিত বিষয়ে আপীল/ রিভিশন মামলা শুনানী করিবে এবং সরকার কর্তৃক বোর্ডের নিকট প্রেরিত যে কোন বিষয়ে পরামর্শ প্রদান করিবে :-

- (ক) ভূমি সংক্রান্ত মামলা (রাজস্ব সম্পর্কীয়),
- (খ) নামজারী ও খরিজ মামলা,
- (গ) সায়রাত ও জলমহাল সংক্রান্ত মামলা,
- (ঘ) ভূমি রেকর্ড সম্পর্কিত মামলা,
- (ঙ) ভূমি উন্নয়ন কর সাটিফিকেট মামলা,
- (চ) খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত মামলা,
- (ছ) পি, ডি, আর, এর আওতায় দায়েরকৃত রিভিশন বা আপীল মামলা,
- (জ) অর্পিত, পরিত্যক্ত ও বিনিময় সম্পত্তি বিষয়ক মামলা,
- (ঝ) ওয়াকফ/ দেবোত্তর সম্পত্তি সংক্রান্ত মামলা (উক্ত সম্পত্তি ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিষয় ব্যতীত),
- (ঞ) সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন,
- (ট) অধঃস্তন ভূমি আদালতসমূহের কার্যক্রম পরিদর্শন, অনুবীক্ষণ ও মূল্যায়ন, ভূমি সংক্রান্ত আইন, আদেশ ও বিধি সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত বিষয়াদিতে পরামর্শ দান।

(২) চেয়ারম্যান ও সদস্যগণ পৃথক এবং এককভাবে পক্ষগণকে শুনানীক্রমে আপীল/রিভিশন এবং পুনর্বিবেচনার আবেদনের উপর আদেশ প্রদান করিবেন এবং উক্ত আদেশ বোর্ডের আদেশ হিসাবে গণ্য হইবে।

(৩) বোর্ড কর্তৃক প্রদত্ত কোন আদেশের পুনর্বিবেচনা, মামলায় আইনানুগ জটিলতা বা আইনের ব্যাখ্যার প্রয়োজন দেখা দিলে চেয়ারম্যান বিষয়টি ফুলবোর্ডে (চেয়ারম্যান ও সদস্যগণ সম্মুখে গঠিত বোর্ড) বিবেচনার জন্য উপস্থাপনের আদেশ প্রদান করিতে পারিবেন এবং সচিব উক্তরূপ আদেশের জন্য চেয়ারম্যানের নিকট বিষয়টি উপস্থাপন করিবেন। চেয়ারম্যান বিষয়টির উপর ফুলবোর্ডের সিদ্ধান্তের প্রয়োজন মনে করিলে তিনি ফুলবোর্ডে বিষয়টি পেশ করিবেন এবং ফুলবোর্ড শুনানীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) বোর্ডের যে কোন বিচার ও প্রশাসনিক বিষয়ক ব্যবস্থা ভূমি আপীল বোর্ডের নামে গৃহীত হইবে।

(৫) পক্ষগণ স্বয়ং (নিযুক্ত) আইনজীবীর মাধ্যমে আপীল/রিভিশন ও পুনর্বিচার (রিভিউ) আবেদন দায়ের করিবেন।

(৬) চেয়ারম্যান বোর্ডের প্রশাসনিক ব্যবস্থাপনার উদ্দেশ্যে কয়েকটি শাখা গঠন করিবেন এবং শাখাসমূহে নির্দিষ্ট দায়িত্ব অর্পণ করিবেন।

৪। আদেশ। - (১) বোর্ডের সমীপে দায়েরকৃত আপীল/রিভিশন ও পুনর্বিবেচনার আবেদনে বোর্ড আদেশ প্রদান করিবেন।

(২) আপীল/রিভিশন মামলায় আদেশ প্রদানের পূর্বে বোর্ড পক্ষগণকে নোটিশ প্রদান এবং সংশ্লিষ্ট সমুদয় রেকর্ড তলব ও পর্যালোচনা করিতে পারিবে।

(৩) পুনর্বিবেচনার আবেদনের পক্ষগণকে নোটিশ প্রদান করিতে পারিবে।

(৪) আপীল/রিভিশন মামলায় ন্যায় বিচারের স্বার্থে বোর্ড প্রয়োজন মনে করিলে কোন মামলা প্রয়োজনীয় ও যথাযথ নির্দেশসহ তর্কিত আদেশপ্রদানকারী কর্তৃপক্ষের নিকট পুনঃ প্রেরণ করিতে পারিবে।

৫। পুনর্বিবেচনার আবেদনঃ (১) পুনর্বিবেচনার আবেদনে তর্কিত আদেশে যে আইনগত ও তথ্যগত বিষয়াবলী বিবেচিত হয় নাই সম্পূর্ণভাবে তা উল্লেখপূর্বক পুনর্বিবেচনার বিষয়সমূহ নির্দিষ্ট করে আবেদনকারী পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে।

(২) বোর্ড কর্তৃক পুনর্বিবেচনার আবেদনের উপর প্রদত্ত আদেশ এবং উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে আপীল/রিভিশন মামলায় প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। কার্য পরিচালনাঃ (১) বোর্ড সেক্রেটারিয়েট ইনস্ট্রাকশন, ১৯৭৬ ও অপরাপর প্রচলিত সরকারী আদেশ মোতাবেক কার্য সম্পাদন করিবে এবং প্রয়োজনে সরকারের নির্দেশ/ অনুমোদন চাহিবে।

(২) বিধি, ক্ষমতা ও সরকারী আদেশ নির্দেশের আওতাভুক্ত নয় এমন বিষয়ে বোর্ড সরকারের নিকট নির্দেশের জন্য উপস্থাপন করিবে।

৭। সাধারণতঃ বোর্ডের সকল কর্মকর্তা এই বিধিমালা পালনে যত্নবান হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বা/- এ,জেড,এম, নাছিরুদ্দিন
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ১৮ই পৌষ, ১৩৯৭/২রা জানুয়ারী, ১৯৯১

নং ২-পাব-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক এতদ্বারা ১-১-৯-১ ইং/১৭-৯-৯৭ বাং তারিখে প্রণীত এবং এতদসঙ্গে সংযোজিত অধ্যাদেশটি সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

বাড়ী ভাড়া নিয়ন্ত্রণ অধ্যাদেশ, ১৯৯১

অধ্যাদেশ নং- ২, ১৯৯১

বাড়ীভাড়া নিয়ন্ত্রণের জন্য অধিকতর সুষ্ঠু বিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত অধ্যাদেশ। যেহেতু বাড়ীভাড়া নিয়ন্ত্রণের জন্য অধিকতর সুষ্ঠু বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় ;

এবং যেহেতু সংসদ ভাংগিয়া দেওয়া হইয়াছে এবং অস্থায়ী রাষ্ট্রপতির নিকট ইহা সম্ভাব্যজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে অস্থায়ী রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন (১) এই অধ্যাদেশ বাড়ীভাড়া নিয়ন্ত্রণ অধ্যাদেশ, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। ধারা ২৩, ২৪, ২৫, ২৬ এবং ২৭ অবিলম্বে বলবৎ হইবে এবং অবশিষ্ট ধারাগুলি যে সকল এলাকায় Premises Rent Control Ordinance, 1986 (XII of 1986) ২৬ শে মার্চ, ১৯৮৯ তারিখে বলবৎ ছিল যে সকল এলাকায় ২৭ শে মার্চ, ১৯৮৯ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে :

তবে শর্ত থাকে যে, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অন্য কোন এলাকায় এই অধ্যাদেশ বা উহার অংশবিশেষ প্রজ্ঞাপনে নির্ধারিত তারিখ হইতে বলবৎ করার নির্দেশ দিতে পারিবে, এবং অনুরূপ প্রজ্ঞাপন দ্বারা এই অধ্যাদেশ বা উহার কোন অংশবিশেষ প্রজ্ঞাপনে উল্লেখিত তারিখ হইতে কোন এলাকায় প্রযোজ্য হইবে না বলিয়াও নির্দেশ দিতে পারিবে।

২। সংজ্ঞা : বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই অধ্যাদেশে-

(ক) "নিয়ন্ত্রক" অর্থ ধারা ৩(১) এর অধীন নিযুক্ত কোন নিয়ন্ত্রক, এবং ধারা ৩(২) এর অধীন নিযুক্ত কোন অতিরিক্ত নিয়ন্ত্রক ও উপনিয়ন্ত্রক ইহার অন্তর্ভুক্ত হইবে;

(খ) “বাড়ী মালিক” অর্থ কোন ব্যক্তি যিনি আপাততঃ নিজের বা অন্য কোন ব্যক্তির পক্ষে বা অন্য কোন ব্যক্তির উপকারার্থে বা কোন ব্যক্তির ট্রাস্টি, বা রিসিভার হিসাবে কোন বাড়ীর ভাড়া পান বা পাইবার অধিকারী হন, বা যিনি বাড়ীটি ভাড়া দেওয়া হইলে উক্তরূপ ভাড়া পাইতেন বা ভাড়া পাইবার অধিকারী হইতেন এবং Code of civil Procedure, 1908 (V of 1908) এ সংজ্ঞায়িত কোন আইনগত প্রতিনিধি (Legal representative) উপ-ভাড়া প্রদানকারী কোন ভাড়াটিয়া এবং বাড়ী মালিক হইতে স্বত্বপ্রাপ্ত কোন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) “বাড়ী” অর্থ কোন দালান বা দালানের অংশবিশেষ বা কোন কাঁচা ঘর বা ঘরের অংশবিশেষ, যাহা আবাসিক বা অনাবাসিক বা উভয় উদ্দেশ্যে আলাদাভাবে ভাড়া দেওয়া হইয়াছে বা ভাড়া দেওয়ার ইচ্ছা করা হইয়াছে, এবং তৎসংলগ্ন বাগান, উঠান ও কাচারী ঘরও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) “মানসম্মত ভাড়া” অর্থ এই অধ্যাদেশের অধীন নির্ধারিত বা নির্ধারিত বলিয়া গণ্য মানসম্মত ভাড়া;

(ঙ) “ভাড়াটিয়া” অর্থ কোন ব্যক্তি যাহার দ্বারা বা যাহার পক্ষে কোন বাড়ীর জন্য ভাড়া প্রদেয় হয় এবং Code of Civil Procedure, 1908 (V of 1908) সংজ্ঞায়িত আইনগত প্রতিনিধি (Legal representative) এবং ভাড়ার মেয়াদ শেষ হওয়ার পর ও বাড়ী দখলকারী কোন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(চ) “ভাড়া” অর্থ বাড়ী ভাড়া;

(ছ) “বিধি” অর্থ এই অধ্যাদেশের অধীন প্রণীত বিধি।

৩। নিয়ন্ত্রক ইত্যাদি নিয়োগ- (১) এই অধ্যাদেশ দ্বারা বা উহার অধীন নিয়ন্ত্রকের উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালনের জন্য সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন ব্যক্তিকে কোন এলাকার জন্য নিয়ন্ত্রক নিযুক্ত করিতে পারিবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন ব্যক্তিকে কোন এলাকার জন্য অতিরিক্ত নিয়ন্ত্রক কিংবা উপ-নিয়ন্ত্রক নিযুক্ত করিতে পারিবে।

(৩) নিয়ন্ত্রক তাহার যে সমস্ত দায়িত্ব অতিরিক্ত নিয়ন্ত্রক বা উপ-ধারা (৪) এ উল্লিখিত বিষয়াদি ব্যতীত, নিয়ন্ত্রকের সকল ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব পালন করিবেন।

(৪) নিয়ন্ত্রক-

(ক) তাহার নিকট নিষ্পত্তাধীন যে কোন মামলা নিষ্পত্তির জন্য অতিরিক্ত নিয়ন্ত্রক বা উপ-নিয়ন্ত্রকের নিকট হস্তান্তর করিতে পারিবেন, অথবা

(খ) অতিরিক্ত নিয়ন্ত্রক বা উপ-নিয়ন্ত্রকের নিকট নিষ্পত্তাধীন যে কোন মামলা প্রত্যাহার করিয়া উহা নিজেই নিষ্পত্তি করিতে পারিবেন বা নিষ্পত্তির জন্য অন্য কোন অতিরিক্ত নিয়ন্ত্রক বা উপ-নিয়ন্ত্রকের নিকট হস্তান্তর করিতে পারিবেন।

৪। কতিপয় দরখাস্তের চূড়ান্ত শুনানী। (১) এই অধ্যাদেশের অধীন নিয়ন্ত্রকের নিকট পেশকৃত প্রত্যেকটি দরখাস্তের শুনানী তিন মাসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ২১(২) এর অধীন অনুমতি লাভের জন্য পেশকৃত দরখাস্তের শুনানী এক মাসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৩) যদি কোন বিশেষ কারণে উপ-ধারা (১) ও (২) এ উল্লিখিত সময়ের মধ্যে কোন দরখাস্তের শুনানী সম্পন্ন করা সম্ভব না হয়, তাহা হইলে নিয়ন্ত্রককে উহার কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত সময়ের পর যতশীঘ্র সম্ভব দরখাস্তের শুনানী সম্পন্ন করিবেন।

(৪) প্রত্যেক দরখাস্তের শুনানী আরম্ভ হইলে উহা ক্রমাগতভাবে চালাইয়া যাইতে হইবে, তবে কোন বিশেষ কারণে উহা সম্ভব না হইলে, উহার কারণ লিপিবদ্ধ করিয়া নিয়ন্ত্রক শুনানী মূলতবী করিতে পারিবেন।

৫। বাড়ী-মালিক ও ভাড়াটিয়ার প্রতি নোটিশঃ (১) এই অধ্যাদেশ দ্বারা অর্পিত কোন ক্ষমতা প্রয়োগের পূর্বে নিয়ন্ত্রক উক্ত ক্ষমতা প্রয়োগ করার অভিপ্রায় ব্যক্ত করিয়া বাড়ী-মালিক ও ভাড়াটিয়ার প্রতি নোটিশ প্রেরণ করিবেন এবং উক্ত নোটিশের একটি অনুলিপি তাহার অফিসের কোন প্রকাশ্য স্থানে লটকাইয়া দিবেন।

৬। বাড়ীতে প্রবেশ ও পরিদর্শনের ক্ষমতাঃ (১) এই অধ্যাদেশের অধীনে কোন তদন্তের উদ্দেশ্যে নিয়ন্ত্রক-

(ক) সূর্যোদয় হইতে সূর্যাস্তের মধ্যে যে কোন সময় কোন বাড়ীতে প্রবেশ করিতে এবং উহা পরিদর্শন করিতে পারিবেন;

(খ) তাহার অধীনস্থ কোন কর্মকর্তাকে উক্ত সময়ের মধ্যে কোন বাড়ীতে প্রবেশ করিতে এবং উহা পরিদর্শন করিতে ক্ষমতা দিতে পারিবেন;

(গ) লিখিত আদেশ দ্বারা কোন ব্যক্তিকে উক্ত তদন্তের সহিত সংশ্লিষ্ট কোন খরচের হিসাব, খাজনা, দাখিলা বই বা অন্য কোন দলিল আদেশে উল্লিখিত সময় ও স্থানে তাহার পরিদর্শনের জন্য পেশ করার নির্দেশ দিতে পারিবেন;

তবে শর্ত থাকে যে, কমপক্ষে ৪৮ ঘণ্টা পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে কোন বাড়ীতে প্রবেশের ইচ্ছা প্রকাশ না করিয়া কোন ব্যক্তি উক্ত বাড়ীর দখলদারের বিনা অনুমতিতে উহাতে প্রবেশ করিতে পারিবেন না।

(২) সমন করিতে, সাক্ষীর উপস্থিতি বাধ্য করিতে বা কোন দলিল পেশ করিতে বাধ্য করিতে Code of Civil Procedure, 1908 (V of 1908) এর অধীন আদালতের যে ক্ষমতা রহিয়াছে, এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে এবং বিধি সাপেক্ষে নিয়ন্ত্রক সেই ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

- ৭। ভাড়া বৃদ্ধির উপর বাধানিষেধঃ এই অধ্যাদেশের বিধান সাপেক্ষে, কোন বাড়ীর ভাড়া মানসম্মত ভাড়ার অধিক বৃদ্ধি করা হইলে উক্ত অধিক ভাড়া, কোন চুক্তিতে ভিন্নরূপ কিছু থাকা সত্ত্বেও, আদায়যোগ্য হইবে না।
- ৮। বাড়ী মালিক কর্তৃক উন্নয়ন এবং আসবাবপত্র সরবরাহের জন্য ভাড়া বৃদ্ধিকরণঃ যেক্ষেত্রে বাড়ী ভাড়া দেওয়ার পর বাড়ী মালিক নিজ খরচে বাড়ীতে প্রয়োজনীয় মেরামতের অন্তর্ভুক্ত নহে এই-রূপ কোন সংযোজন, উন্নয়ন অথবা পরিবর্তন করেন অথবা উহাতে ব্যবহারের জন্য কোন আসবাবপত্র সরবরাহ করেন, সেক্ষেত্রে উক্ত সংযোজন, উন্নয়ন বা পরিবর্তন বা আসবাবপত্র সরবরাহের বিষয় বিবেচনাক্রমে বাড়ী-মালিক ও ভাড়াটিয়া পরস্পর সম্মত হইয়া অতিরিক্ত ভাড়া নির্ধারণ করিতে পারিবেন এবং উক্ত অতিরিক্ত ভাড়া ভাড়াটিয়া কর্তৃক মানসম্মত ভাড়ার উপর প্রদেয় হইবে।
- ৯। কর প্রদানের কারণে ভাড়া বৃদ্ধিঃ যেক্ষেত্রে কোন বাড়ীর পৌর অভিকর, কর, টোল বা ফিস বা উহার কোন অংশ ভাড়াটিয়া কর্তৃক প্রদেয় হয় এবং বাড়ী মালিক ভাড়ার শর্তানুযায়ী উহা প্রদান করিতে সম্মত হন সেক্ষেত্রে বাড়ী-মালিক যে টাকা প্রদানে সম্মত হইয়াছেন সে টাকা ভাড়াটিয়া কর্তৃক মানসম্মত ভাড়ার অতিরিক্ত হিসাবে বাড়ী-মালিককে প্রদেয় হইবে।
- ১০। প্রিমিয়াম ইত্যাদির দাবী নিষিদ্ধঃ ভাড়া দেওয়া বা ভাড়া নবায়ন করা বা ভাড়ার মেয়াদ বৃদ্ধি করার কারণে কোন ব্যক্তি-
 - (ক) ভাড়ার অতিরিক্ত কোন প্রিমিয়াম, সালামী, জামানত বা অনুরূপ কোন অর্থ দাবী বা গ্রহণ করিতে বা প্রদানের জন্য বলিতে পারিবেন না
 - (খ) নিয়ন্ত্রকের পূর্বানুমোদন ব্যতিরেকে অগ্রীম ভাড়া হিসাবে এক মাসের ভাড়ার অতিরিক্ত টাকা দাবী বা গ্রহণ করিতে পারিবেন না।
- ১১। উন্নয়নের জন্য দীর্ঘ মেয়াদী ভাড়ার ক্ষেত্রে ব্যতিক্রমঃ ধারা ১০ এ যাহা কিছুই থাকুক না কেন, যদি নির্মাণ অথবা পুনঃনির্মাণের দ্বারা উন্নয়নের উদ্দেশ্যে কোন বাড়ী অনূন্য বিশ বৎসর মেয়াদের জন্য ভাড়া দেওয়া হয় এবং যদি উক্ত মেয়াদ উহা শুরু হইবার তারিখ হইতে দশ বৎসরের মধ্যে বাড়ী-মালিকের ইচ্ছানুযায়ী বাতিলযোগ্য না হয় তাহা হইলে বাড়ী-মালিক ভাড়ার অতিরিক্ত হিসাবে প্রিমিয়াম, সালামী, জামানত অথবা অনুরূপ কোন অর্থ গ্রহণ করিতে পারিবেন।
- ১২। আসবাবপত্র ক্রয় ভাড়ার শর্ত হইবে নাঃ কোন ব্যক্তি কোন বাড়ীর ভাড়ার জন্য বা উহার নবায়ন বা মেয়াদ বৃদ্ধির জন্য উহার আসবাবপত্র ক্রয়ের কোন শর্ত রাখিতে পারিবেন না।

১৩। ভাড়া আদায়ের রসিদ প্রদানঃ (১) ভাড়াটিয়া কর্তৃক ভাড়া পরিশোধ করা হইলে বাড়ী-মালিক তাৎক্ষণিক ভাড়া প্রাপ্তির একটি রসিদ বিধি দ্বারা নির্ধারিত ফরমে স্বাক্ষর করিয়া ভাড়াটিয়াকে প্রদান করিবেন।

(২) বাড়ী-মালিক ভাড়ার রসিদের একটি চেকমুড়ি সংরক্ষণ করিবেন।

১৪। অনাদায়যোগ্য ভাড়া ইত্যাদি ফেরৎঃ (১) যে ক্ষেত্রে কোন বাড়ীর (ক) ভাড়া বাবদ এমন কোন অর্থ প্রদান বা জমা করা হয় যাহা এই অধ্যাদেশের বিধান অনুযায়ী অনাদায়যোগ্য, অথবা

(খ) প্রিমিয়াম, সালামী, জামানত বা অনুরূপ কোন অর্থ বা অগ্রিম ভাড়া বাবদ এমন কোন অর্থ প্রদান বা ক্ষমা করা হয় যাহা এই অধ্যাদেশের বিধান অনুযায়ী দাবী করা বা গ্রহণ করা নিষিদ্ধ,

সেক্ষেত্রে নিয়ন্ত্রক উক্ত অর্থ প্রদান বা জমা করার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অর্থ প্রদানকারী বা জমাকারীর আবেদনক্রমে, যে বাড়ী-মালিক উক্ত অর্থ গ্রহণ করিয়াছেন বা যাহার নামে উক্ত অর্থ জমা করা হইয়াছে তাহাকে উক্ত অর্থ ফেরৎ দেওয়ার জন্য বা উহা প্রদানকারী বা জমাকারীর ইচ্ছানুযায়ী উহা অন্য কোনভাবে সমন্বয় করিবার জন্য নির্দেশ দিতে পারিবেন।

(২) উপ ধারা (১) এর অধীন নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত আদেশ যে আদালতে সংশ্লিষ্ট বাড়ীর অনাদায়ী ভাড়া আদায়ের জন্য মামলা দায়ের করা যাইবে সেই আদালত কর্তৃক উহার ডিক্রি হিসাবে কার্যকর করা হইবে, যেন উক্ত আদেশ উক্ত আদালতের একটি ডিক্রি।

১৫। নিয়ন্ত্রকের ক্ষমতা ও দায়িত্বঃ নিয়ন্ত্রক, বাড়ী-মালিক বা ভাড়াটিয়ার আবেদনের ভিত্তিতে, কোন বাড়ীর মানসম্মত ভাড়া নির্ধারণ করিবেন এবং এমনভাবে উহা নির্ধারণ করিবেন যে উহার বাৎসরিক পরিমাণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্থিরকৃত উক্ত বাড়ীর বাজার মূল্যের ১৫% শতাংশের সমান হয় :

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে মানসম্মত ভাড়ার পরিমাণ Rent control Ordinance, 1986 (XXII of 1986) এর অধীন নির্ধারণ করা হইয়াছে সেক্ষেত্রে অনুরূপভাবে নির্ধারিত মানসম্মত ভাড়া নিয়ন্ত্রক কর্তৃক সংশোধন বা পরিবর্তন না করা পর্যন্ত, এই ধারার অধীন নির্ধারিত মানসম্মত ভাড়া হিসাবে গণ্য হইবে।

(২) মানসম্মত ভাড়া, বাড়ী-মালিক বা ভাড়াটিয়ার আবেদনের ভিত্তিতে, প্রতি দুই বৎসর পর নিয়ন্ত্রক কর্তৃক ধারা ১৫ এর বিধান অনুযায়ী পুনঃনির্ধারণ করা যাইবে।

১৭। কতিপয় ক্ষেত্রে ক্রোক, পরোয়ানা ইত্যাদিঃ কোন বাড়ীর ভাড়া আদায়ের জন্য Civil Procedure Code, 1908 (V of 1908) এর অধীনে প্রদত্ত কোন এক তরফা ডিক্রি কার্যকর করার সময় কোন সম্পত্তি ক্রোক বা কোন ভাড়াটিয়ার প্রেফতারীর জন্য কোন পরোয়ানা জারী করা যাইবে না যদি না ডিক্রি কার্যকর করার জন্য দরখাস্তকারী তাহার দরখাস্ত পেশ করার

সময় এই মর্মে এফিডেভিট বা অন্য কোন প্রকারে শপথ বা প্রতিজ্ঞা করেন যে আবেদনে উল্লেখিত ভাড়া এই অধ্যাদেশের অধীন অনাদায়যোগ্য নয়।

১৮। অনুমোদনযোগ্য ভাড়া প্রদান করা হইলে সাধারণতঃ উচ্ছেদের আদেশ দেওয়া হইবে নাঃ
(১) Transfer of Property Act, 1882 (IV of 1882) অথবা Contract Act, 1872 (IX of 1872)-এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ভাড়াটিয়া এই অধ্যাদেশের অধীন অনুমোদনযোগ্য ভাড়া যতদিন পর্যন্ত পূর্ণমাত্রায় আদায় করিবেন এবং ভাড়ার শর্তাদি পূরণ করিবেন ততদিন পর্যন্ত বাড়ী মালিকের অনুকূলে বাড়ীর দখল পুনরুদ্ধারের জন্য কোন আদেশ বা ডিক্রি প্রদান করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, যে ক্ষেত্রে-

(ক) ভাড়াটিয়া Transfer of Property Act, 1882 (IV of 1882) এর Section 108 এর Clause (m), clause (c) বা clause (p) বিধানের পরিপন্থী কোন কাজ করেন; বা

(খ) ভিন্নরূপ কোন চুক্তির অবর্তমানে, ভাড়াটিয়া, বাড়ী-মালিকের লিখিত সম্মতি ব্যতিরেকে, বাড়ী বা বাড়ীর কোন অংশ উপ-ভাড়া দেন; বা

(গ) ভাড়াটিয়া এমন আচরণের জন্য দোষী যাহা সংলগ্ন বা পার্শ্ববর্তী বাড়ীর দখলকারগণের নিকট উৎপাত বা বিরক্তি স্বরূপ ; বা

(ঘ) ভাড়াটিয়া বাড়ী বা বাড়ীর কোন অংশ অর্থনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করেন বা ব্যবহার করিতে অনুমতি দেন; বা

(ঙ) বাড়ীর নির্মাণ বা পুনঃনির্মাণের জন্য অথবা নিজ নিজ দখলের জন্য অথবা যাহার উপকারার্থে বাড়ীটি রাখা হইয়াছে তাহার দখলের জন্য বাড়ীটি বাড়ী- মালিকের প্রকৃতই প্রয়োজন হয় অথবা বাড়ী-মালিক এমন কোন কারণ দর্শাইতে পারেন যাহা আদালতের নিকট সন্তোষজনক বলিয়া গণ্য হয়; সে ক্ষেত্রে এই উপ-ধারার কিছুই প্রযোজ্য হইবে না।

(২) ভাড়ার মেয়াদ শেষ হইয়াছে কিংবা বাড়ী-মালিকের স্বার্থ হস্তান্তরিত হইয়াছে কেবলমাত্র ইহাই উপ-ধারা (১) (ঙ) তে উল্লিখিত সন্তোষজনক কারণ বলিয়া গণ্য হইবে না যদি ভাড়াটিয়া এই অধ্যাদেশের অধীন অনুমোদনযোগ্য পূর্ণ ভাড়া প্রদানে প্রস্তুত এবং ইচ্ছুক থাকেন।

(৩) যেক্ষেত্রে-

(ক) কোন ভাড়াটিয়া বাড়ী-মালিকের সম্মতিক্রমে বা উপ-ভাড়া দেওয়ার সুস্পষ্ট অনুমতি সম্বলিত ভাড়া চুক্তি অনুসারে, কোন বাড়ী বা উহার কোন অংশ উপ-ভাড়া দিয়া থাকেন, অথবা

(খ) কোন ভাড়াটিয়া বাণিজ্য বা শিল্পের জন্য তৎকর্তৃক ব্যবহৃত বা প্রধানতঃ ব্যবহৃত কোন বাড়ী বা উহার কোন অংশ উপ-ভাড়া দিয়া থাকেন এবং উক্ত বাণিজ্য বা শিল্প প্রতিষ্ঠানটি উক্ত বাড়ী বা বাড়ীর অংশসহ হস্তান্তর করেন;

সেক্ষেত্রে উপ-ধারা (১) (ঙ) তে উল্লিখিত কোন কারণে বাড়ী-মালিক কর্তৃক প্রাপ্ত আদালতের ডিক্রি বা আদেশ ব্যতীত অন্য কারণে উক্ত বাড়ী বা উহার কোন অংশে ভাড়াটিয়ার স্বার্থের আইনানুগ অবসান হইলে, উপ-ভাড়াটিয়া উক্ত বাড়ী বা উহার অংশের ভাড়াটিয়া বলিয়া গণ্য হইবেন এবং উপরিত্ত ভাড়াটিয়ার স্বার্থের অবসান না হইলে তিনি যে শর্তাধীনে তাহার অধীন ভাড়াটিয়া থাকিতেন সেই শর্তাধীনে তিনি বাড়ী-মালিকের অধীন সরাসরি ভাড়াটিয়া থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, বাড়ী-মালিক বা এই ধারার অধীন ভাড়াটিয়া বলিয়া গণ্য কোন ব্যক্তি উক্ত বাড়ী বা উহার অংশ সম্পর্কে মানসম্মত ভাড়া নির্ধারণের জন্য ধারা ১৫ এর অধীন নিয়ন্ত্রকের নিকট দরখাস্ত করিতে পারিবেন এবং অনুরূপ দরখাস্তের ভিত্তিতে নিয়ন্ত্রক কর্তৃক মানসম্মত ভাড়া নির্ধারিত না হওয়া পর্যন্ত উক্ত ব্যক্তি ভাড়াটিয়াকে তাহার স্বার্থ অবসানের পূর্বে যে ভাড়া দিতে বাধ্য ছিলেন সেই ভাড়া বাড়ী-মালিকদের দিতে বাধ্য থাকিবেন।

(৪) যেক্ষেত্রে নির্মাণ বা পুনর্নির্মাণ বা নিজ দখল বা যাহার উপকারার্থে বাড়ীটি রাখা হইয়াছে তাহার দখলের জন্য প্রকৃতই প্রয়োজন হওয়ায় বাড়ী-মালিক বাড়ীর দখল পাইয়াছেন, কিন্তু বাড়ীর প্রাক্তন ভাড়াটিয়া কর্তৃক বাড়ী খালি করার তারিখ হইতে দুই মাসের মধ্যে উহার নির্মাণ বা পুনর্নির্মাণ শুরু করা হয় নাই বা বাড়ী-মালিক বা উক্ত যে ব্যক্তির উপকারার্থে বাড়ী রাখা হইয়াছে সেই ব্যক্তি কর্তৃক উহার ভোগ দখল করা হয় নাই বা বাড়ীটির দখল নেওয়ার পর দখল নেওয়ার তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রাক্তন ভাড়াটিয়া বাড়ীতে অন্য কোন ব্যক্তির নিকট বাড়ীটি ভাড়া নেওয়া হইয়াছে, সেক্ষেত্রে নিয়ন্ত্রক, প্রাক্তন ভাড়াটিয়া কর্তৃক বাড়ী খালি করার সাত মাসের তৎকর্তৃক পেশকৃত দরখাস্তের ভিত্তিতে বাড়ীটি প্রাক্তন ভাড়াটিয়ার দখলে নেওয়ার জন্য অথবা তৎকর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ উক্ত ভাড়াটিয়াকে নেওয়ার জন্য অথবা দখল বা ক্ষতিপূরণ উভয় নেওয়ার জন্য বাড়ী-মালিককে নির্দেশ দিতে পারিবেন।

(৫) কোন ভাড়াটিয়া কোন বাড়ী সম্পর্কে এই ধারায় কোন সুবিধা পাইবার অধিকারী হইবেন না যদি-

(ক) তিনি ভাড়া চুক্তিতে নির্দিষ্ট তারিখের মধ্যে অথবা অনুরূপ কোন চুক্তির অবর্তমানে ভাড়া মাসের পরবর্তী মাসের পনের দিনের মধ্যে এই অধ্যাদেশের অধীন অনুমোদনযোগ্য তৎকর্তৃক প্রদেয় পূর্ণ ভাড়া পরিশোধ না করেন, অথবা

(খ) ধারা-১৯ এ বিধৃতক্ষেত্রে, তিনি উক্ত ধারায় উল্লিখিত সময়ের মধ্যে উহার বিধান মোতাবেক ভাড়া জমা না করেন এবং উক্ত ধারার উপ-ধারা (১) (খ) এ বর্ণিত ক্ষেত্রে উক্ত উপ-ধারায় উল্লিখিত ভাড়া প্রেরণ খরচসহ জমা না করেন।

(৬) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোন বাড়ীর ক্ষেত্রে এই অধ্যাদেশের অধীন অনুমোদনযোগ্য ভাড়া অর্থ-

(ক) যেক্ষেত্রে উক্ত বাড়ী সম্পর্কে ধারা ১৫ এর অধীন নিয়ন্ত্রক কর্তৃক মানসম্মত ভাড়া নির্ধারণ করা হইয়াছে, নির্ধারিত মানসম্মত ভাড়া;

(খ) যেক্ষেত্রে অনুরূপ মানসম্মত ভাড়া নির্ধারণ করা হয় নাই, বাড়ী-মালিক এবং ভাড়াটিয়ার মধ্যে চুক্তিকৃত ভাড়া।

১৯। কতিপয় পরিস্থিতিতে ভাড়াটিয়া কর্তৃক ভাড়া জমা- (১) যে ক্ষেত্রে কোন বাড়ী-মালিক ভাড়াটিয়া কর্তৃক ডাক মনি অর্ডার যোগে প্রেরিত ধারা ১৮ এ উল্লিখিত কোন ভাড়া গ্রহণ করিতে অস্বীকার করেন, সেক্ষেত্রে-

(ক) ডাক কর্তৃপক্ষ কর্তৃক অবিলম্বে বলিয়া উক্ত ভাড়া যে তারিখে ভাড়াটিয়ার নিকট ফেরৎ দেওয়া হয় সেই তারিখ হইতে পনের দিনের মধ্যে ভাড়াটিয়া উহা জমা দিতে পারিবেন; এবং

(খ) বাড়ীর পরবর্তী প্রাপ্য ভাড়া গ্রহণ করার ইচ্ছা ব্যক্ত করিয়া বাড়ী-মালিক লিখিত নোটিশ দ্বারা তাহাকে অবহিত না করিলে, ভাড়াটিয়া পরবর্তী সময়ের ভাড়াও উহা প্রদেয় হইবার তারিখের পনের দিনের মধ্যে বা ধারা ১৮ (৫) এর অধীন যে তারিখে উহা প্রদেয় সেই তারিখ অতিবাহিত হইবার পনের দিনের মধ্যে ডাক মনি অর্ডারযোগ্য উহা প্রেরণ করচসহ, জমা দিতে পারিবেন।

(২) যেক্ষেত্রে ধারা ১৮ এ উল্লিখিত ভাড়া গ্রহণ করার অধিকারী ব্যক্তি সম্বন্ধে কোন প্রকৃত সন্দেহ বা বিবাদ দেখা দেয় সেক্ষেত্রে ভাড়া প্রদেয় হইবার তারিখের পনের দিনের মধ্যে বা ধারা ১৮(৫) এর অধীন যে তারিখে উহা প্রদেয় হয় সেই তারিখ অতিবাহিত হইবার পনের দিনের মধ্যে ভাড়াটিয়া-

(ক) উক্ত ভাড়া জমা দিতে পারিবেন; এবং

(খ) আদালতের সিদ্ধান্ত বা পক্ষগণের মধ্যে আপোষের দ্বারা উক্ত সন্দেহ দূর বা বিবাদ মীমাংসা না হওয়া পর্যন্ত বাড়ীর পরবর্তী সময়ের ভাড়াও জমা দিয়া যাইতে পারিবেন।

(৩) যেক্ষেত্রে বাড়ী-মালিক তাহার সচরাচর বসবাসের স্থান ত্যাগ করেন এবং তাহার ঠিকানা ও অবস্থান ভাড়াটিয়ার জানা না থাকে এবং ভাড়াটিয়ার জামানত ধারা ১৮ তে উল্লিখিত ভাড়া গ্রহণ করার জন্য বাড়ী-মালিকের কোন প্রতিনিধি নাই সেক্ষেত্রে উক্ত ভাড়া প্রদেয় হইবার তারিখের পনের দিনের মধ্যে বা ধারা ১৮ (৫) এর অধীন যে তারিখে উহা প্রদেয় হয় সেই তারিখ অতিবাহিত হইবার পনের দিনের মধ্যে ভাড়াটিয়া-

(ক) উক্ত ভাড়া জমা দিতে পারিবেন; এবং

(খ) বাড়ী-মালিকের ঠিকানা ও অবস্থান ভাড়াটিয়ার জানা না হওয়া পর্যন্ত বাড়ীর পরবর্তী সময়ের ভাড়াও জমা দিয়া যাইতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপে জমা সম্পর্কে প্রথম জমা দিবার সাত দিনের মধ্যে ভাড়াটিয়ার খরচে নিয়ন্ত্রক কর্তৃক বাড়ী-মালিককে তাহার বর্তমান ঠিকানায় বা উহা জানা না থাকিলে তাহার সর্বশেষ জানা ঠিকানায় রেজিস্ট্রিকৃত ডাকযোগে নোটিশ দিতে হইবে।

(৫) উপ-ধারা (১) (২) (৩), বা (৪) এর অধীন প্রত্যেক জমা নিয়ন্ত্রকের নিকট দিতে হইবে এবং উহার সহিত একটি দরখাস্ত পেশ করিতে হইবে যাহাতে নিম্নবর্ণিত বিষয়গুলি উল্লেখ থাকিবে, যথাঃ

(ক) যে বাড়ীর ভাড়া জমা দেওয়া হইয়াছে উহা সনাক্ত করার মত পর্যাপ্ত বিবরণ;

(খ) যে সময়ের জন্য ভাড়া জমা দেওয়া হইয়াছে উহার বিবরণ;

(গ) ভাড়া জমা দেওয়ার কারণ ও পরিস্থিতি;

(ঘ) উপ-ধারা (১) বা (৪) এর অধীন জমার ক্ষেত্রে বাড়ী-মালিকের নাম ঠিকানা,

(ঙ) উপ-ধারা (২) এর অধীন জমার ক্ষেত্রে ভাড়াটিয়ার জ্ঞান ও বিশ্বাস মতে যে বাড়ীর মালিক ভাড়া পাইবার অধিকারী তাহার নাম ও ঠিকানা ;

(চ) উপ-ধারা (৩) এর অধীন জমার ক্ষেত্রে, বাড়ীর মালিকের নাম ও সর্বশেষ জানা ঠিকানা ।

(৬) উপ-ধারা (১) এর অধীন কোন টাকা জমা দেওয়া হইলে নিয়ন্ত্রক উক্তরূপ জমার তারিখ হইতে পনের দিনের মধ্যে ডাক মনি-অর্ডারযোগে জমাকৃত টাকা বাড়ী-মালিকের ঠিকানায় পাঠাইয়া দিবেন এবং উক্ত টাকা পাঠাইবার সময় নিয়ন্ত্রক উহা হইতে মনি-অর্ডার খরচের টাকা কর্তন করিয়া রাখিবেন ।

(৭) উপ-ধারা (২) এর অধীন কোন টাকা জমা দেওয়া হইলে উহা নিয়ন্ত্রকের নিকট রক্ষিত থাকিবে যতক্ষণ পর্যন্ত না উহা গ্রহণ করার অধিকারী ব্যক্তি সম্পর্কিত সন্দেহ বা বিবাদ আদালতের সিদ্ধান্ত ও পক্ষগণের মধ্যে আপোষের দ্বারা দূর বা মীমাংসা হয় এবং উক্ত জমাকৃত টাকা আদালতের সিদ্ধান্ত বা পক্ষগণের মধ্যে আপোষ অনুযায়ী যিনি পাওয়ার অধিকারী তিনি বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উহা উঠাইতে পারিবেন ।

(৮) উপ-ধারা (৩) এর অধীন কোন টাকা জমা দেওয়া হইলে উহা নিয়ন্ত্রকের নিকট রক্ষিত থাকিবে যতক্ষণ পর্যন্ত না বাড়ীর মালিক নিয়ন্ত্রকের নিকট হাজির হইয়া তাহার পরিচয় অবস্থান এবং বর্তমান ঠিকানা নিয়ন্ত্রকের সন্তুষ্টিমত প্রমাণ করিয়া জমাকৃত টাকা উঠাইয়া নেন ।

(৯) উপ-ধারা (৪) এর অধীন কোন টাকা জমা দেওয়া হইলে বাড়ী-মালিক বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে Foreign Exchange Regulation Act, 1947 (VII of 1947) এর বিধান অনুযায়ী উক্ত জমাকৃত টাকা উঠাইয়া লইতে পারিবেন ।

(১০) উপ-ধারা (৬) এর অধীন ডাক মনি অর্ডার যোগে প্রেরিত টাকা অবিলম্বে বলিয়া ফেরৎ আসিলে নিয়ন্ত্রক, উহা ফেরৎ আসার পনের দিনের মধ্যে উহা জমা সম্পর্কে একটি নোটিশ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাড়ী-মালিকের উপর জারী করিবেন এবং জমা টাকা বাড়ী-মালিক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উঠাইতে পারিবেন।

(১১) উপ-ধারার (৭), (৮), (৯) বা (১০) এ উল্লিখিত টাকা জমা হইবার তারিখ হইতে তিন বৎসর অতিবাহিত হইবার পূর্বে উঠানো না হইলে আদালতের আদেশ সাপেক্ষে, সরকারে বাজেয়াপ্ত হইবে এবং অন্য কোন আইন বা চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন বাড়ী-মালিক উক্ত টাকা মামলার মাধ্যমে বা অন্য কোন প্রকারে সংশ্লিষ্ট বাড়ী সম্পর্কিত তাহার কোন দাবী হিসাবে ভাড়াটিয়ার নিকট হইতে আদায় করার অধিকারী হইবেন নাঃ

তবে শর্ত থাকে যে, উক্ত তিন বৎসর গণনায় উপ-ধারা (৭) এ উল্লিখিত সন্দেহ দূর যা পক্ষগণের মধ্যে বিবাদ, মীমাংসা করার জন্য আপীলসহ আদালতে নিষ্পত্তিধীন যে কোন আইনগত কার্যধারায় ব্যয়িত সময় বা উপ-ধারা (৯) এ উল্লিখিত বাংলাদেশ ব্যাংকের অনুমতির জন্য পেশকৃত দরখাস্ত নিষ্পত্তিধীন থাকার সময় বাদ যাইবে।

(১২) এই ধারার অধীন জমা গ্রহণকারী নিয়ন্ত্রক কর্তৃক সরল বিশ্বাসে কৃত কোন কাজের জন্য সরকার বা সরকারের কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন মামলা দায়ের বা অন্য কোন আইনগত কার্যধারা গ্রহণ করা যাইবে না, কিন্তু এই ধারার কোন কিছুই উহার অধীন জমাকৃত কোন টাকা পাওয়ার অধিকারী কোন ব্যক্তি কর্তৃক উহা এই ধারার অধীন যে ব্যক্তিকে প্রদান করা হইয়াছে তাহার নিকট হইতে আদায় করা নিবৃত্ত করিবে না।

২০। মনি-অর্ডার যোগে প্রেরিত ভাড়া গ্রহণ বা ভাড়া উঠানোর বিষয়ে হেফাজতঃ যদি কোন বাড়ী-মালিক ধারা ১৮(৫) বা ১৯ (৬) এর অধীন ডাক যোগে প্রেরিত কোন ভাড়া গ্রহণ করেন বা ১৯ এর অধীন জমাকৃত কোন ভাড়া উঠাইয়া নেন, তাহা হইলে উক্তরূপ গ্রহণ বা উঠাইয়া নেওয়া কোন অবস্থাতেই তাহার বিরুদ্ধে এই মর্মে সাক্ষ্য হিসাবে ব্যবহৃত হইবে না যে তিনি মডি অর্ডার ফরমে বা ভাড়া জমা করার দরখাস্ত উল্লিখিত বিবরণ সঠিক বলিয়া স্বীকার করিয়াছেন অথবা তিনি তৎকর্তৃক ভাড়াটিয়াকে প্রদত্ত বাড়ী খালি করার নোটিশ প্রত্যাহার করিয়াছেন।

২১। ভাড়াটিয়া কর্তৃক মেরামত ইত্যাদি :- (১) কোন বাড়ী মালিক তাহার ভাড়া দেওয়া কোন বাড়ী মেরামত করিতে বাধ্য থাকিলে বা পানি বা বিদ্যুৎ সরবরাহ বা পয়ঃপ্রণালী নিষ্কাশন বা লিফট ব্যবস্থাসহ কোন অত্যাবশ্যকীয় সরবরাহ ব্যবস্থা রক্ষণাবেক্ষণের জন্য ভাড়ার শর্ত বা স্থানীয় প্রথা অনুযায়ী বাধ্য থাকিলে এবং তজ্জন্য ভাড়াটিয়া নিয়ন্ত্রকের নিকট দরখাস্ত করিলে নিয়ন্ত্রক বাড়ী-মালিককে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোটিশ প্রদান করিয়া উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য নির্দেশ দিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন নোটিশ জারীর ত্রিশ দিনের মধ্যে যদি বাড়ী-মালিক উক্তরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে ব্যর্থ হন বা অবহেলা করেন তাহা হইলে ভাড়াটিয়া উক্ত

মেরামত বা রক্ষণাবেক্ষণ নিজে করার জন্য নিয়ন্ত্রকের অনুমতি প্রার্থনা করিয়া উহার জন্য আনুমানিক খরচের একটি হিসাবসহ দরখাস্ত করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন দরখাস্ত প্রাপ্ত হইবার পর নিয়ন্ত্রক, বাড়ী-মালিককে শুনানীর সুযোগ দিয়া এবং উক্ত আনুমানিক খরচের হিসাব বিবেচনা করিয়া এবং প্রয়োজন মনে করিলে আরও তদন্ত করিয়া, লিখিত আদেশ দ্বারা ভাড়াটিয়াকে আদেশে উল্লিখিত অর্থের অনধিক অর্থ ব্যয়ে উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করার অনুমতি দিতে পারিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন অনুমতি প্রাপ্ত হইলে ভাড়াটিয়া নিজ ব্যয়ে উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে পারিবেন এবং তজ্জন্য ব্যয়িত অর্থ ভাড়া হইতে কর্তন করিয়া বা অন্য কোনভাবে বাড়ী-মালিক হইতে আদায় করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, উক্ত অর্থের পরিমাণ নিয়ন্ত্রকের আদেশে উল্লিখিত অর্থের অধিক হইবে না এবং কোন বৎসরে উক্ত অর্থের পরিমাণ উক্ত বৎসরে প্রদেয় ভাড়ার এক ষষ্ঠাংশের বেশী হইবে না।

আরও শর্ত থাকে যে, যদি উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য ব্যয়িত অর্থ নিয়ন্ত্রকের আদেশে উল্লিখিত অর্থের অধিক হয় তবে উক্ত অতিরিক্ত অর্থ ভাড়াটিয়া বহন করিবেন।

(৫) কোন বাড়ীতে যে মেরামত বা রক্ষণাবেক্ষণ করা না হইলে উহাতে বসবাস করা বা উহা ব্যবহার করা চরম কষ্টসাধ্য হয় সে মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে বাড়ী-মালিক সকল অবস্থাতেই বাধ্য থাকিবেন এবং উক্তরূপ মেরামত উপ-ধারা (১) এর উল্লিখিত মেরামত বা রক্ষণাবেক্ষণের অন্তর্ভুক্ত হইবে না, এবং যদি বাড়ী-মালিক উক্তরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে ব্যর্থ হন তাহ হইলে উপ-ধারা (১), (২), ও (৩) প্রয়োগের ক্ষেত্রে উক্তরূপ মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য ব্যয়িত অর্থ তাহার ভাড়া কর্তন করা বা তাহার নিকট হইতে আদায়ের ব্যাপারে উপ-ধারা (৩) এ উল্লিখিত অর্থের পরিমাণের সীমা প্রযোজ্য হইবে না।

(৬) উপ-ধারা (১), (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, যেক্ষেত্রে উপ-ধারা (১) এ উল্লিখিত কোন মেরামত বা রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা এতই জরুরী যে উক্তরূপ উপ-ধারাসমূহে বর্ণিত পদ্ধতিগত বিলম্ব ভাড়াটিয়ার ব্যক্তিগত ক্ষতি বা মারাত্মক অসুবিধার সৃষ্টি করিতে পারে সেক্ষেত্রে ভাড়াটিয়া নিজেই উপ-ধারা (১) এ উল্লিখিত নোটিশ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বাড়ী-মালিকের উপর জারী করিয়া তাহাকে নোটিশ জারীর বাহ্যন্তর ঘণ্টার মধ্যে উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করার অনুরোধ করিতে পারিবেন এবং সংগে সংগে উক্ত নোটিশের একটি অনুলিপি উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য আনুমানিক খরচের একটি হিসাবসহ, নিয়ন্ত্রকের নিকট পেশ করিবেন।

(৭) উপ-ধারা (৬) এর অধীন নোটিশ জারী হইবার পর যদি বাড়ী-মালিক নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে ব্যর্থ হন তাহা হইলে ভাড়াটিয়া নিজেই উক্ত মেরামত বা রক্ষণাবেক্ষণ করিতে পারিবেন এবং তজ্জন্য ব্যয়িত অর্থের হিসাব নিয়ন্ত্রকের নিকট পেশ করিবেন।

(৮) উপ-ধারা (৭) এর অধীন পেশকৃত হিসাব বিবেচনা করিয়া এবং প্রয়োজন মনে করিলে আরও তদন্ত করিয়া নিয়ন্ত্রক ভাড়াটিয়া কর্তৃক বাড়ী-মালিক হইতে আদায়যোগ্য খরচের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন এবং ভাড়াটিয়া উক্তরূপ নির্ধারিত অর্থ ভাড়া হইতে কর্তন করিয়া অন্যকোনভাবে বাড়ী-মালিক হইতে আদায় করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন বৎসরে উক্ত অর্থের পরিমাণ উক্ত বৎসরে প্রদেয় ভাড়ার এক ষষ্ঠাংশের বেশী হইবে না।

২২। ডেপুটি কমিশনার কর্তৃক বাড়ী মেরামত ইত্যাদিঃ ধারা ২১ এ যাহা কিছুই থাকুক না কেন, যদি ডেপুটি কমিশনার এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন বাড়ীর ক্রমাবনিত রোধ করার জন্য উহার মেরামত প্রয়োজন তাহা হইলে তিনি স্বীয় উদ্যোগে মেরামত করাইতে পারিবেন এবং উক্ত মেরামতের সম্পূর্ণ খরচ বাড়ী-মালিককে প্রদেয় ভাড়া হইতে এর অধীনে ক্রোক করিয়া আদায় করিতে পারিবেন।

২৩। মানসম্মত ভাড়ায় অতিরিক্ত ভাড়া আদায়ের দণ্ড। যদি কোন ব্যক্তি জ্ঞাতসারে-

(ক) ধারা ৮ বা ৯-এ বিবৃত কারণ ব্যতিরেকে অন্য কোন কারণে মানসম্মত ভাড়া অপেক্ষা অধিক ভাড়া প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গ্রহণ করেন বা

(খ) ধারা ১১ এ বিবৃত কারণ ব্যতিরেকে অন্য কোন কারণে মানসম্মত ভাড়ার অতিরিক্ত হিসাব প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রিমিয়াম, সালামী, জামানত বা অনুরূপ কোন টাকা গ্রহণ করেন বা দাবী করেন বা দেওয়ার জন্য প্রস্তাব করেন বা

(গ) নিয়ন্ত্রকের লিখিত সম্মতি ব্যতিরেকে অগ্রিম ভাড়া ববদ এক মাসের ভাড়ার অধিক ভাড়া গ্রহণ করেন;

তাহা হইলে তিনি সংশ্লিষ্ট ব্যক্তি বা সরকারের অভিযোগের ভিত্তিতে-

(অ) দফা (১) এ উল্লিখিত ক্ষেত্রে, প্রথমবারের অপরাধের জন্য মানসম্মত ভাড়ার অতিরিক্ত আদায়কৃত টাকার দ্বিগুণ পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং পরবর্তী প্রত্যেকবারের অপরাধের জন্য উক্ত অতিরিক্ত টাকার তিনগুণ পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন;

(আ) দফা (খ) এ উল্লিখিত ক্ষেত্রে, প্রথমবারের অপরাধের জন্য দুই হাজার টাকা পর্যন্ত অর্থ-দণ্ডে দণ্ডনীয় হইবেন এবং পরবর্তী প্রত্যেক বারের অপরাধের জন্য এক মাসের ভাড়ার অতিরিক্ত যে টাকা আদায় করা হইয়াছে উহার তিনগুণ পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৪। সুখাধিকার ইত্যাদিতে বাধা প্রদানের দণ্ডঃ যে ক্ষেত্রে ধারা ১৮ এর অধীন কোন বাড়ীর দখল উদ্ধারের জন্য কোন আদেশ বা ডিক্রি প্রদান নিষিদ্ধ সে ক্ষেত্রে যদি কোন ব্যক্তি, বাড়ী মেরামত করার বা পৌর কর্তৃপক্ষের নির্দেশ পালনের প্রয়োজন ব্যতীত অন্য কোন কারণে ইচ্ছাকৃতভাবে বাড়ীর সহিত সংযুক্ত কোন সুখাধিকারে বিঘ্ন ঘটান অথবা উহার সহিত স্থায়ীভাবে ব্যবহারযোগ্য

কোন জিনিষ অপসারণ, ধ্বংস বা অব্যবহারযোগ্য করেন বা ভাড়ার শর্তাধীন কোন সরবরাহ বা সুবিধা বন্ধ করিয়া দেন তাহা হইলে তিনি সংক্ষুদ্র পক্ষের অভিযোগের ভিত্তিতে প্রথমবারের অপরাধের জন্য চারশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং পরবর্তী প্রত্যেক বারের অপরাধের জন্য এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৫। বাড়ী-মালিকের ভুল নাম বা ঠিকানা দেওয়ার দণ্ড: যদি কোন ভাড়াটিয়া ধারা ১৯ এর অধীন ভাড়া জমা করার সময় ইচ্ছাকৃতভাবে বাড়ী-মালিকের নাম বা ঠিকানা ভুল দিয়া থাকেন, তাহা হইলে তিনি, বাড়ী-মালিকের অভিযোগের ভিত্তিতে পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৬। বাড়ীর দখল বুঝাইয়া দেওয়ার ক্ষেত্রে ভাড়াটিয়ার ব্যর্থতার দণ্ড: (১) যদি কোন ভাড়াটিয়া বাড়ী ছাড়িয়া দেন তাহা হইলে তিনি উহার খালি দখল বাড়ী-মালিকের নিকট হস্তান্তর করিবেন, যদি না তিনি বাড়ী-মালিকের সম্মতি অনুসারে বা ভাড়ার চুক্তির শর্ত অনুসারে উহার কোন অংশ উপ-ভাড়া দিয়া থাকেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন ভাড়াটিয়া বাড়ীর খালি দখল হস্তান্তর করিতে অস্বীকার করিলে বা ব্যর্থ হইলে তিনি, বাড়ী-মালিকের অভিযোগের ভিত্তিতে, বাড়ীর মানসম্মত ভাড়ার দশগুণ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৭। রসিদ প্রদানে ব্যর্থতার দণ্ড: যদি কোন বাড়ী-মালিক ধারা ১৩ এর বিধান অনুসারে ভাড়াটিয়াকে ভাড়া গ্রহণের লিখিত রসিদ প্রদানে অস্বীকার করেন বা ব্যর্থ হন, তাহা হইলে তিনি ভাড়াটিয়ার অভিযোগের ভিত্তিতে আদায়কৃত টাকার দ্বিগুণ অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৮। অভিযোগ দায়ের ইত্যাদি: (১) ২৩, ২৪, ২৫, ২৬ ও ২৭ এর অধীন প্রত্যেক অভিযোগ নিয়ন্ত্রকের নিকট লিখিতভাবে দায়ের করিতে হইবে।

(২) নিয়ন্ত্রক উপ-ধারা (১) এর অধীন তাহার নিকট দায়েরকৃত প্রত্যেক অভিযোগ তদন্ত করিয়া উক্ত ধারাগুলিতে উল্লিখিত দণ্ড আরোপ করিতে পারিবেন।

(৩) উক্ত ধারাগুলির অধীন আরোপিত অর্থদণ্ড দণ্ডপ্রাপ্ত ব্যক্তি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দণ্ডদেশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে আদায় করিবেন এবং তিনি যদি উক্ত সময়ের মধ্যে উহা আদায়ে ব্যর্থ হন তাহা হইলে উহা Public Demands Recovery Act, 1913 (Bengal Act III of 1913) এর অধীন সরকারী দাবী হিসাবে আদায়যোগ্য হইবে;

তবে শর্ত থাকে যে, নিয়ন্ত্রক বিশেষ কারণে, যাহা লিপিবদ্ধ করিতে হইবে, উক্ত আদায়ের সময় বর্ধিত করিতে পারিবেন।

২৯। অভিযোগ তামাদি: কোন ব্যক্তির বিরুদ্ধে ধারা ২৩, ২৫, ২৬ ও ২৭ এর অধীন কোন অভিযোগ যে অপরাধের জন্য উহা আনীত সে অপরাধ সংগঠনের ছয় মাস অতিবাহিত হইবার পর আনয়ন করা যাইবে না।

৩০। আপীল ও পুনর্বিবেচনাঃ (১) নিয়ন্ত্রকের আদেশের দ্বারা কোন ব্যক্তি সংশ্লিষ্ট হইলে তিনি উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে যে বাড়ী সম্পর্কে আদেশটি প্রদান করা হইয়াছে উহা যে জেলায় অবস্থিত সেই জেলার জেলা জজের নিকট বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে আপীল দায়ের করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত সময় গণনায় আদেশ প্রদানের দিন এবং আদেশটির সত্যায়িত নকল নেওয়ার জন্য প্রয়োজনীয় সময় বাদ যাইবে।

(২) কোন জেলা জজ উপ-ধারা (১) এর অধীন তাহার নিকট দায়েরকৃত কোন আপীল নিষ্পত্তির জন্য কোন অতিরিক্ত জেলা জজ বা সাবজজের নিকট হস্তান্তর করিতে পারিবেন।

(৩) জেলা জজ বা যাহার নিকট উপ-ধারা ৯২- এর অধীন কোন আপীল হস্তান্তর করা হইয়াছে তিনি, নিয়ন্ত্রকের নিকট হইতে মামলার রেকর্ড তলব করিবেন এবং উক্ত রেকর্ড পর্যালোচনা করিয়া এবং প্রয়োজনেবোধে সাক্ষ্য গ্রহণ করিয়া আপীল নিষ্পত্তি করিবেন।

(৪) নিয়ন্ত্রক বা জেলা জজ বা যাহার নিকট উপ-ধারা (২) এর অধীন কোন আপীল হস্তান্তর করা হইয়াছে তিনি তৎকর্তৃক প্রদত্ত কোন আদেশ নূতন কোন গুরুত্বপূর্ণ বিষয় বা সাক্ষ্য প্রকাশিত হইবার কারণে বা রেকর্ড দৃষ্টে কোন ভুল বা মিথ্যা স্পষ্টভাবে ধরা পড়ার কারণে বা অন্য কোন পর্যাপ্ত কারণে পুনর্বিবেচনা করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, এই উপধারার অধীন কোন আদেশ প্রদান করার পূর্বে উক্ত আদেশ দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারে এইরূপ সকল ব্যক্তিকে শুনানীর যুক্তিসংগত সুযোগ দিতে হইবে।

(৫) জেলা জজের বা যাহার নিকট উপ-ধারা (২) এর অধীন কোন আপীল হস্তান্তর করা হইয়াছে তাহার সিদ্ধান্ত এবং উক্ত সিদ্ধান্ত সাপেক্ষে নিয়ন্ত্রকের আদেশ চূড়ান্ত হইবে।

৩১। নিয়ন্ত্রকের আদেশের সত্যায়িত নকল সরবরাহঃ এই অধ্যাদেশের অধীন প্রদত্ত নিয়ন্ত্রকের কোন আদেশের দ্বারা প্রভাবিত কোন ব্যক্তি বিধি দ্বারা নির্ধারিত ফি প্রদানে নিয়ন্ত্রক কর্তৃক নির্ভুল বলিয়া সত্যায়িত তাহার আদেশের অনুলিপি পাইবার অধিকারী হইবেন এবং উক্তরূপ অনুলিপি কোন আদালতে নিয়ন্ত্রকের আদেশ প্রমাণের জন্য সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে।

৩২। বাড়ী-মালিকের বিনা অনুমতিতে বাড়ীতে বিদ্যুৎ সরবরাহ পাওয়ার অধিকারীঃ আপততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন কোন ভাড়াটিয়া তাহার ভাড়া বাড়ীতে বাড়ী-মালিকের বিনা অনুমতিতে লাইসেন্সী হইতে বিদ্যুৎ সরবরাহ পাইতে পারিবেন।

ব্যাখ্যা- এই ধারায় লাইসেন্সী বলিতে Electricity Act, 1910 (IX of 1910) এর Section 2(h) licensee বলিতে যাহাকে বুঝাইতেছে তাহাকে বুঝাইবে।

৩৩। অব্যাহতিঃ এই অধ্যাদেশের কোন কিছুই সরকার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ এবং রাজশাহী শহর উন্নয়ন কর্তৃপক্ষের দখলীয় কোন বাড়ীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৩৪। বিধি প্রণয়নের ক্ষমতাঃ (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষ করিয়া এবং উপরিউক্ত ক্ষমতা সামগ্রিকভাবে ক্ষুণ্ণ না করিয়া অনুরূপ বিধিতে নিম্নবর্ণিত সকল বা যে কোন বিষয়ে বিধান থাকিতে পরিবে যথা :

(ক) বাড়ী-মালিক কর্তৃক ধারা ১৯ এর অধীন জমাকৃত ভাড়া উঠানোর পদ্ধতি;

(খ) ধারা ২৯ এ উল্লিখিত অর্থদণ্ড আদায়ের পদ্ধতি;

(গ) এই অধ্যাদেশের অধীন কোন তদন্তে নিয়ন্ত্রক, জেলা জজ, অতিরিক্তি জেলা জজ এবং সাব জজ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি;

(ঘ) ধারা ৩০ (৫) এ উল্লিখিত আদেশ পুনর্বিবেচনা পদ্ধতি;

(ঙ) এই অধ্যাদেশের অধীন ইস্যুকৃত নোটিশ জারী করার পদ্ধতি;

(চ) খরচ ফিস ধার্যকরণ, প্রেরণকরণ এবং খরচ ও ফিসের ক্রম নির্ধারণ;

(ছ) এই অধ্যাদেশের অধীন বিধি দ্বারা নির্ধারিত হওয়া প্রয়োজন এইরূপ অন্যান্য বিষয়।

৩৫। হেফাজতঃ (১) Premises Rent Control Ordinance, 1986 (XXII of 1986) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও-

(ক) উক্ত Ordinance এর অধীন প্রণীত বলিয়া গণ্য সকল বিধি, এই অধ্যাদেশের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে এবং রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে এবং এই অধ্যাদেশের অধীন প্রণীত বলিয়া গণ্য হইবে;

(খ) উক্ত Ordinance এর কোন বিধানের অধীন প্রদত্ত বলিয়া গণ্য কোন আদেশ বা নিয়োগ বা কৃত বলিয়া গণ্য কোন কিছু বা গৃহীত বলিয়া গণ্য কোন ব্যবস্থা বা শুরু হওয়া বলিয়া গণ্য কোন কার্যধারা, এই অধ্যাদেশের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, বলবৎ থাকিবে এবং এই অধ্যাদেশের অনুরূপ অধীন প্রদত্তকৃত, গৃহীত বা শুরু বলিয়া গণ্য হইবে;

(গ) উক্ত Ordinance এর section 15 অধীন ভাড়া নির্ধারণ, section 19 এর অধীন ভাড়া জমা প্রদান এবং section 21 এর অধীন মেরামত সংক্রান্ত যে সকল দরখাস্ত এই অধ্যাদেশ প্রবর্তনের অব্যবহিত পূর্বে উক্ত Ordinance এর অধীন নিযুক্ত কোন নিয়ন্ত্রকের নিকট নিষ্পন্ন্যাদীন ছিল সে সকল দরখাস্ত এই অধ্যাদেশে প্রবর্তনের তারিখ হইতে এই অধ্যাদেশের অধীনে যুক্ত নিয়ন্ত্রকের নিকট বদলী হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং দরখাস্ত

গুলি বদলী হওয়ার পূর্বে যে পর্যায়ে ছিল সে পর্যায়ে উক্ত নিয়ন্ত্রক তৎসংক্রান্ত কার্যক্রম চালাইয়া যাইবেন।

(ঘ) উক্ত Ordinance এর 15, 19, 21, এর অধীন প্রদত্ত নিয়ন্ত্রকের সিদ্ধান্তের বিরুদ্ধে দায়েরকৃত যে সকল আপীল এই অধ্যাদেশ প্রবর্তনের অব্যবহিত পূর্বে কোন জেলা জজ, অতিরিক্ত জেলা জজ বা সাব-জজের নিকট নিষ্পত্তাধীন ছিল সেই সকল আপীল এই অধ্যাদেশের অধীন দায়েরকৃত এবং উক্ত জজের নিকট নিষ্পত্তাধীন রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

বিচারপতি সাহাবুদ্দিন আহমদ
অস্থায়ী রাষ্ট্রপতি।

ঢাকা : ১-১-১৯৯১ ইং/১৭-৯-১৩৯৭ বাং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও বিচার মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

ঢাকা, ১৮ই পৌষ, ১৩৯৭/২রা জানুয়ারী, ১৯৯১

নং-৩-পাব-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক এতদ্বারা ১-১-১৯৯১ ইং/১৭-৯-৯৭ বাৎ তারিখে প্রণীত এবং এতদসঙ্গে সংযোজিত অধ্যাদেশটি সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

**THE STATE ACQUISITION AND TENANCY (AMENDMENT)
ORDINANCE, 1991**

অধ্যাদেশ নং- ৩, ১৯৯১

State Acquisition and Tenancy act, 1950

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে State Acquisition and Tenancy act, 1950 (E. B Act XXVIII of 1951) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজন;

এবং যেহেতু সংসদ ভাংগিয়া দেওয়া হইয়াছে এবং অস্থায়ী রাষ্ট্রপতির নিকট ইহা সম্বোধনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতা বলে অস্থায়ী রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :-

- ১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই অধ্যাদেশ State Acquisition and Tenancy (Amendment) Ordinance, 1991 নামে অভিহিত হইবে।
- ২। E. B. Act XXVIII of 1951 এর section 86 এর প্রতিস্থাপন।- State Acquisition and Tenancy Act, 1950 1950 (E. B Act XXVII of 1951) এর section 86 এর পরিবর্তে নিম্নবর্ণিত section প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ 86 Abatement on rent of account of diluvion and re-entry into lands which re-appear.-(1) If the lands of a holding or a portion or such lands are lost by diluvion, the rent of holding shall be abated by such amount as may be considered by the Revenue Officer to be fair and equitable in accordance with the rules made in this behalf by the Government.

- (2) Notwithstanding anything contained in any other law for the time being in force, the right and interest of the original owner or his successors-in-interest shall subsist in such lands or portion thereof during the period of loss by diluvion if such lands re-appear within twenty years of their loss, and the original owner or his successors-in-interest shall have the right to immediate re-possession thereof and be liable to pay such fair and equitable rent in respect as may be settled by the Revenue Officer:

Provided that when the lands or portion thereof which have so reappeared added to the total lands already in possession of such owner or successors-in-interest exceeds sixty bighas, such owner or successors-in-interest shall not have the right to re-possession of such excess lands which shall vest in and be at the disposal of the Government:

Provided further that allotment of lands, of which such owner or his successors-in-interest are entitled to re-possession under the above provision, shall be made according to the choice of such owner or his successors--, in-interest."

বিচারপতি সাহাবুদ্দিন আহমদ
অস্থায়ী রাষ্ট্রপতি।

১৭-৯-১৩৯৭ বাং
ঢাকা : ১-১-১৯৯১ খ্রিঃ

মুহাম্মদ আবুল বাশার ভূইয়া
উপ-সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও বিচার মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ : ২৪শে ফাল্গুন, ১৩৯৭/৯ই মার্চ, ১৯৯১

নং ১৬১- পা-গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি কর্তৃক এতদ্বারা ৭-৩-৯১ইং/২২-১১-৯৭ বাং তারিখে প্রণীত এবং এতদসঙ্গে সংযোজিত অধ্যাদেশটি সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

**THE STATE ACQUISITION AND TENANCY
(SECOND AMENDMENT) ORDINANCE, 1991**

অধ্যাদেশ নং ২৫, ১৯৯১

State Acquisition and Tenancy Act. 1950 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে State Acquisition and Tenancy Act. 1950 (EB Act XXIII of 1951) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়,

এবং যেহেতু সংসদ ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে এবং অস্থায়ী রাষ্ট্রপতির নিকট ইহা সম্ভাব্যজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থার জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে, সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে অস্থায়ী রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :-

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।- (১) এই অধ্যাদেশ The state Acquisition and Tenancy (Second Amendment) Ordinance, 1991 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৯৯১ সালের ২রা জানুয়ারী তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। E.B Act XXVIII of 1951 section 86 এর পুনর্বহাল।- State Acquisition and Tenancy (Amendment) Ordinance. 1991 (অধ্যাদেশে নং- ৩, ১৯৯১ দ্বারা প্রতিস্থাপিত State Acquisition and Tenancy Act, 1950 (E. B. Act, XXVIII of 1951) এর section 86 বিলুপ্ত হইবে এবং উক্ত Ordinance প্রবর্তনের অব্যবহিত পূর্বের section 86 পুনর্বহাল হইবে।

৩। অধ্যাদেশ নং ৩, ১৯৯১ রহিতকরণঃ State Acquisition and Tenancy (Amendment) Ordinance 1991 (অধ্যাদেশ নং ৩, ১৯৯১) এতদ্বারা রহিত করা হইল এবং উক্ত Ordinance এমনভাবে রহিত বলিয়া গণ্য হইবে যেন উহা কখনও প্রণয়ন ও জারী করা হয় নাই।

বিচারপতি সাহাবুদ্দিন আহমদ
অস্থায়ী রাষ্ট্রপতি।

২১-১১-১৩৯৭ বাং
ঢাকা : ৭-৩-১৯৯১ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-১২

আদেশ

নং- ভূমঃ/শা-১২-৩৯/৯০/২৫

তারিখ : ১৪-০১-৯২ বাং

৩০-০৯-৯৮ ইং

ভূমি সংস্কার বোর্ডকে দায়িত্ব প্রদানের মন্ত্রণালয়ের গত ২৩-৫-৮৯ তারিখের আদেশ নং- ভূমঃ/শা-১৫ (ভূঃসাঃবোঃ/-২৩৯/৮৮/৪৯১ এবং এই বিষয়ে বিভিন্ন সময়ে জারীকৃত সংশোধনসমূহ বাতিলক্রমে সরকার ভূমি সংস্কার বোর্ডকে নিম্নরূপ দায়িত্ব অর্পণ করিলেনঃ

১। ভূমি ব্যবস্থাপনায় মাঠ প্রশাসন :

(ক) বিভাগীয় পর্যায়ে উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়ের তত্ত্বাবধান।

(খ) জেলা হইতে তহশীল অবধি সকল ভূমি অফিস ব্যবস্থাপনা তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ।

(গ) উপজেলা রাজস্ব কর্মকর্তা এবং অতিরিক্ত ভূমি হুকুম দখল কর্মকর্তাদের আন্তঃবিভাগীয় বদলী এবং প্রাক্তন ই পি সি এস ক্যাডার বহির্ভূত কর্মকর্তাদের প্রশাসনিক ব্যবস্থাদি (যেমন- দক্ষতাসীমা অতিক্রম, সিলেকশন গ্রেড, টাইমস্কেল, ছুটি, এল পি আর, পেনশন, শৃঙ্খলাজনিত কার্যক্রম ইত্যাদি) ভূমি সংস্কার বোর্ডের নিয়ন্ত্রণাধীন থাকিবে। তবে সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক নিয়োগপ্রাপ্ত ২য় শ্রেণীর কর্মকর্তাগণের উল্লেখিত প্রশাসনিক ব্যবস্থাদি সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হইবে।

(ঘ) ভূমি সংস্কার বোর্ডের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে জেলা ও থানা পর্যায়ে সকল নন-গেজেটেড কর্মচারীদের (কানুনগো ব্যতীত) নিয়োগ বদলী এবং শৃঙ্খলাজনিত বিভাগীয় ও প্রশাসনিক কার্যক্রম জেলা পর্যায়ে জেলা প্রশাসক, বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনার গ্রহণ করিবেন। কানুনগোদের জেলা ভিত্তিক বদলী এবং অন্য প্রশাসনিক ব্যবস্থাদি (যেমন- দক্ষতাসীমা, টাইমস্কেল, এল পি আর, পেনশন, শৃঙ্খলাজনিত কার্যক্রম) ভূমি সংস্কার বোর্ডের তদারকী ও নিয়ন্ত্রণ সাপেক্ষে বিভাগীয় কমিশনারের নিয়ন্ত্রণাধীন থাকিবে। তাহাদের আন্তঃবিভাগীয় এবং আন্তঃদাপ্তরিক বদলী করিবেন ভূমি সংস্কার বোর্ড।

২। সিলিং বহির্ভূত জমি চিহ্নিতকরণ, সরকারের নিয়ন্ত্রণাধীন আনয়ন এবং এইগুলির জন্য ক্ষতিপূরণ নির্ধারণ ও প্রদানের ব্যবস্থা।

৩। খাসজমি চিহ্নিতকরণ, ভূমিহীনদের মধ্যে সরকারী নীতিমালা অনুযায়ী কৃষি খাসজমি বন্টন/খাসজমি ব্যবস্থাপনা এবং বেদখলী খাসজমি উদ্ধার ও বন্দোবস্ত প্রদান।

- ৪। খাস পুকুর ও বেদখলীয় খাস পুকুর উদ্ধার ও ব্যবস্থাপনা।
- ৫। বর্গা আইন বাস্তবায়ন।
- ৬। ভূমি উন্নয়ন করের দাবী নির্ধারণ ও আদায়, মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।
- ৭। ভূমি সংক্রান্ত সকল কোর্ট কেসসমূহের তদারকী ও তত্ত্বাবধান।
- ৮। কোর্ট অব ওয়ার্ডস, ওয়াকফ এস্টেটসমূহের ব্যবস্থাপনা ও তদারকী, মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।
- ৯। জেলা ও থানা পর্যায়ে অর্পিত ও অনাবাসিক পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত কার্যক্রমের তদারকী।
- ১০। অডিট আপত্তি সংক্রান্ত মাঠ পর্যায়ের তদারকী ও এই সম্পর্কে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ।
- ১১। বোর্ডের সকল নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারীদের বিভাগীয় মামলা, চাকুরীর আবেদন পুনর্বিবেচনা এবং সরকারী টাকার অপচয় ও আত্মসাৎ সম্পর্কিত বিষয়াদি নিষ্পত্তি এবং এতদসংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ।
- ১২। ভূমি সংস্কার বোর্ডের সকল সংস্থাপন ও হিসাব সম্পর্কিত সাধারণ প্রশাসন।
- ১৩। ভূমি ব্যবস্থাপনায় মাঠ প্রশাসন সংক্রান্ত বিভিন্ন অভিযোগের তদন্ত কার্য পরিচালনা ও নিয়ম মোতাবেক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ।
- ১৪। জেলা ও উপজেলা পর্যায়ের রেকর্ড রুম স্থাপন, তদারকী ও উহাদের সংরক্ষণ/ মেরামত সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ, এতদসংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ।
- ১৫। মন্ত্রণালয় বা সরকার কর্তৃক বিভিন্ন সময়ে ন্যস্ত অন্যান্য সংশ্লিষ্ট দায়িত্ব পালন।

স্বা/- আমিনুল ইসলাম
সচিব
ভূমি মন্ত্রণালয়।

নং- ভূঃমঃ/শা-১২-৩৯/৯০/২৫/১(১৩৩)

তারিখ : ১৪-০১-৯২ বাং

৩০-০৯-৯৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৫। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।

৬। কমিশনার, ----- বিভাগ (সকল)।

৭। জেলা প্রশাসক, ----- (সকল)।

৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/এল, এ) ----- (সকল)।

স্বা/- (মোঃ আবুল হাসেম)

সহকারী সচিব।

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ই জুলাই, ১৯৯৪/২৯শে আষাঢ়, ১৪০১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৩ই জুলাই, ১৯৯৪ (২৯ শে আষাঢ়, ১৪০১) তারিখ র‍াষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ-

১৯৯৪ সনের ১৫ নং আইন

State Acquisition and Tenancy Act, 1950 এর সংশোধনকল্পে প্রণীত আইন। যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে State Acquisition and Tenancy Act, 1950 (E. B. Act XXVIII of 1951) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

- ১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই আইন The State Acquisition and Tenancy (Amendment) Act, 1994 নামে অভিহিত হইবে।
- ২। এর E. B. Act XXVIII of 1951 এর section 86 প্রতিস্থাপন।- State Acquisition and Tenancy Act, 1950 (E. B. Act XXVIII of 1951) এর section 86 এর পরিবর্তে নিম্নরূপ section গুলি প্রতিস্থাপন হইবে, যথা-

"86. Abatement of rent on account of diluvion and determination of right in land reappeared on account of alluvion- (I) If the lands of a holding or a portion of such lands are lost by diluvion, the rent or the land development tax of holding shall, on application or intimation made by the tenant in the prescribed form to the Revenue Officer, be abated by such amount as may be considered by the Revenue officer to Government and act of such loss by diluvion shall be recorded in accordance with such rules, which shall be treated as proof of title to the lands when the same reappear in situ.
- (2) Notwithstanding anything contained in any other law for the time being in force, the right, title and interest of the original tenant or his successor-in-interest shall subsist in the lands of holding or portion thereof during the period of loss by diluvion if such lands re-appear in situ within thirty years of their loss.
- (3) Notwithstanding the right, title and interest under sub-section (2) the right to immediate possession of the lands re-appeared shall first be exercised by the Collector, either on his own motion or on an intimation made in writing by the tenant or his successors-in-interest whose land was so lost or by any other person.

- (4) Notwithstanding anything elsewhere in this Act, the Collector or the Revenue Officer shall, on taking possession of such lands give public notice of the fact of his taking possession in accordance with the rules made in this behalf by the Government and cause a survey to be made of the lands so re-appeared and prepare maps thereof.
- (5) The Collector shall, within 45 days of the completion of survey and preparation of map under sub-section (4), allot to the tenant whose land was so lost by diluvion or, as the case may be to his successors-in-interest, provided that such quantity of land which, together with the land already held by him or his successors-in-interest does not exceed 60 standard bighas. If any land remains after the allotment, shall vest in and be at the disposal of the Government.
- (6) The lands allotted under sub-section (5) shall be free of salami but shall be subject to the condition that the tenant or his successors-in-interest shall be liable to pay such fair and equitable rent and land development tax as may be determined by the Revenue officer.
- (7) The provision of this section shall not apply to cases of re-appearance of land caused or accelerated by any artificial or mechanical process as a result of development works undertaken by the Government or any authority empowered or authorised by or under any law to undertake such development works.
- (8) 86A. Bar on suits, etc, for certain periods: No suit, prosecution or other legal proceeding shall lie in any court in respect or any land covered under section 86 during a period of twelve months commencing on the date of first giving public notice under subsection (4) of section 86 in order to enable the Collector to complete the processes under that section."

স্বা/- আবুল হাশেম
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

স্মারক নং- ভূমিঃ/শা-৯-৬-৯৩- আইন,

তারিখ ১২/৫/১৪০১ বাং।

২৭/৮/৯৪ ইং।

প্রাপক : (১) বিভাগীয় কমিশনার(সকল)।

(২) জেলা প্রশাসক(সকল)।

বিষয় : The State Acquisition and Tenancy (Amendment) Act, 1994
বাস্তবায়নে বিধি প্রণয়ন প্রসঙ্গে।

নদী ভাংগনে ক্ষতিগ্রস্ত পরিবারের জমি পয়স্তির পর উক্ত জমিতে পুনঃমালিকানা স্থাপনের জন্য The state Acquisition and Tenancy (Amendment) Act, 1994 নামে আইনটি জাতীয় সংসদের ১১/৭/৯৪ ইং তারিখে অনুমোদিত হইয়াছে। ইহা বাংলাদেশ গেজেটে বুধবার ১৩ই জুলাই ১৯৯৪ অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হইয়াছে।

উক্ত সংশোধিত আইনটি বাস্তবায়নের লক্ষ্যে কি ধরনের বিধি প্রণয়ন প্রয়োজন, সে বিষয়ে সুপারিশ/মতামত জরুরী ভাবে মন্ত্রণালয়ে জানানোর জন্য নির্দেশক্রমে উল্লেখিত ১ (এক) কপি গেজেট প্রেরণপূর্বক অনুরোধ জানানো হইল।

স্বা/- মোঃ মাহাবুব হোসেন খান

সিনিয়র সহকারী সচিব

ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-৯

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-২০-/৯৪-৭৬৪/৬৪/৯(৪০)-বিধি,

তারিখ ২৯/১১/ ১৯৯৪ইং

১৫/৮/১৪০১ বাং।

প্রাপক : জেলা প্রশাসক (সকল)।

বিষয় : The State Acquisition and Tenancy (Amendment) Act, 1994**বাস্তবায়নে বিধি প্রণয়ন প্রসঙ্গে।**

The state Acquisition and Tenancy (Amendment) Act, 1994 সংসদ কর্তৃক গৃহীত আইনটি ১৩ ই জুলাই তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করেছে এবং বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। উক্ত তারিখ থেকে আইনটি কার্যকর বলে গণ্য করতে হবে।

তাই, ১৩ই ফাল্গুন/৯৪ এর পূর্বদিন পর্যন্ত যে সমস্ত জমি সিকস্তি/ পয়স্তি হয়েছে এ জমির ক্ষেত্রে এই আইন কার্যকর নয় বলে গণ্য করতে হবে। অর্থাৎ ১৩/৭/৯৪ খ্রীঃ তারিখের পূর্বে যখনই সিকস্তি বা পয়স্তি হোক না কেন- সে ধরনের জমির ক্ষেত্রে এ আইন প্রযোজ্য হবে না বরং পূর্বতন আইন মোতাবেক এ জমি সরকারের খাস খতিয়ানভুক্ত হবে। তদানুসারে সকল জেলা প্রশাসককে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হলো।

স্বাক্ষর/

আবদুল মুয়ীদ চৌধুরী

সচিব

ভূমি মন্ত্রণালয়।

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-২০-/৯৪-৭৬৪/৬৪/৯(৪০)-বিধি,

তারিখ ২৯/১১/ ১৯৯৪ইং

১৫/৮/১৪০১ বাং।

অবগতি ও কার্যার্থেঃ-

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, বা/এ, মতিঝিল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। কমিশনার (সকল)
- ৫। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)
- ৬। সকল কর্মকর্তা, অত্র মন্ত্রণালয়।

স্বা/- মুহাম্মদ আব্দুল আলীম খান

উপ-সচিব (আইন)

ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-৩/৯৪-৫২(৬৪) আইন

তারিখ ৩০/১/ ১৯৯৫ইং

১৭/১০/১৪০১ বাং।

প্রাপক : বিভাগীয় কমিশনার (সকল)।

বিষয় : EBSA & T ACT-1950 এর সংশোধনী প্রসঙ্গে।

সম্প্রতি ভূমি আপীল বোর্ড থেকে ১৯৮৯ সালের ভূমি আপীল বোর্ড আইনের অধীনে কতিপয় আইনের সংশোধনীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমান প্রেক্ষাপটে EBSA & T ACT-1950 (East Bengal Act, XXVIII of 1951) এ ধরনের যদি আরও সংশোধনের প্রয়োজন মনে করেন তবে সে বিষয়ে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বা/- (মোঃ মাহাবুব হোসেন খান)
সিনিয়র সহকারী সচিব।

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-৩/৯৪-৫২(৬৪) আইন

তারিখ ৩০/১/ ১৯৯৫ইং

১৭/১০/১৪০১ বাং।

অবগতির ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রেরণ করা হ'ল :-

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব, শাখা-৪, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবায়, ঢাকা। ৩১/৯/৯৫ ইং তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ) গণের মতামত গ্রহণের জন্য উপস্থাপন করতে অনুরোধ করা হ'ল।

স্বা/- (মোঃ মাহাবুব হোসেন খান)
সিনিয়র সহকারী সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-৯

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-৬৪ বিধি

তারিখ ২০/১০/১৪০১ বাং।

২/২/১৯৯৫ ইং।

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের অধীনস্থ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণকে রাজস্ব ক্ষমতা প্রদানের সময় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় যে, ১৯৫০ সনের জমিদারী প্রথা উচ্ছেদ আইনের ১৫ ও ১৭ অধ্যায়ের বর্ণিত ক্ষমতা প্রয়োগের সরকারী অনুমোদন দেওয়া হইল। সুতরাং উক্ত আইনের ১৫ ও ১৭ অধ্যায়ে বর্ণিত ক্ষমতা ছাড়া অন্য কোন অধ্যায়ে বর্ণিত ক্ষমতা প্রয়োগ করার কোন সুযোগ নাই। সরকার এই মর্মে অবহিত হইয়াছে যে, বিভিন্ন সেটেলমেন্টে কর্মরত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট আইনের অপব্যাখ্যা করিয়া উক্ত আইনের ১৫১ ধারায় প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করিয়া থাকেন। ইহা সম্পূর্ণ অবৈধ। কারণ উক্ত ধারায় বর্ণিত ক্ষমতা প্রয়োগের জন্য কোন কর্মকর্তাকে সরকারী অনুমোদন দেওয়া হয় নাই।

- ২। সুতরাং এই মর্মে আদেশ দেওয়া যাইতেছে যে, বিভিন্ন সেটেলমেন্টের কর্মকর্তাগণ তাঁহাদের উপর ন্যস্ত ক্ষমতা অর্থাৎ ১৯৫০ সনের প্রজাবন্ধ আইনের ১৫ ও ১৭ অধ্যায়ের বর্ণিত ক্ষমতা ছাড়া উক্ত আইনের ১৪৪/৫ ধারায় বর্ণিত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন না।

স্বা/- আবদুল মুয়ীদ চৌধুরী

সচিব।

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-৬৪ বিধি

তারিখ ২০/১০/১৪০১ বাং।

২/২/১৯৯৫ ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি দেওয়া হইল :-

- ১। চেয়াম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। চেয়াম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫। জেলা প্রশাসক (সকল)
- ৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
- ৭। সেটেলমেন্ট অফিসার (সকল)/জোনাল সেটেলমেন্ট অফিসার।
- ৮। গার্ড ফাইল।

স্বা/- (মুহাম্মদ আবদুল আলীম খান)

উপ-সচিব (আইন)

ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-১২৮(৬৪) বিবিধ

তারিখ ১৫/১১/১৪০১ বাং।

২০/২/১৯৯৫ ইং।

পরিপত্র নং-৭/৯৫

প্রাপক : জেলা প্রশাসক (সকল)।

বিষয় : পূর্বতন মালিকদের ফেলে যাওয়া সম্পত্তির ব্যবস্থাপনা সম্পর্কে।

লক্ষ্য করা গিয়েছে যে, পূর্বতন মালিকদের ফেলে যাওয়া বিপুল পরিমান জমি, বাড়ীঘর অবৈধ ভোগ দখলাধীন রয়েছে। উক্ত সম্পত্তি হতে প্রাপ্য ভূমি উন্নয়ন কর অনাদায়ী রয়েছে। অবৈধ ভোগ দখলের সুযোগে জাল ও সৃজিত কাগজপত্রের মাধ্যমে এসকল সম্পত্তি পাকাপোক্তভাবে বেহাত হয়ে যাচ্ছে। বিভিন্ন জেলার জেলা প্রশাসকগণ এ ধরনের সম্পত্তি সরকারী নিয়ন্ত্রণে আনার ব্যাপারে মন্ত্রণালয়ের নির্দেশ চেয়ে বিভিন্ন সময় পত্রালাপ করছেন।

২। এ প্রসঙ্গে ১৯৫০ সালের জমিদারী উচ্ছেদ ও প্রজাবত্ত্ব আইনের ৯২ ধারার প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। যে সকল সম্পত্তির মালিক দীর্ঘদিন যাবত অনুপস্থিত এবং জমি সম্পর্কে আইনে বর্ণিত দায়িত্বাবলী পালনে অপারগ তাদের সম্পত্তি আইনানুগভাবে সরকারী দখলে আনয়নের সুস্পষ্ট বিধান উক্ত ৯২ ধারায় রয়েছে।

৩। বিষয়ে উল্লেখিত সম্পত্তিসমূহ ভূমি প্রশাসনে বিরাজিত নৈরাজ্য দূরীকরণের লক্ষ্যে ২ নং অনুচ্ছেদে বর্ণিত আইনের বিধান যথাযথভাবে প্রয়োগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

বা/- আবদুল মুয়ীদ চৌধুরী
সচিব।

স্মারক নং- ভূঃমঃ/শা-৯-১৮/৯৪-১২৮(৬৪) বিবিধ

তারিখ ১৫/১১/১৪০১ বাং।

২০/২/১৯৯৫ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো :-

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। কমিশনার, বিভাগ।
- ৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র নীলক্ষেত, ঢাকা।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।
- ৭। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
- ৮। গার্ড ফাইল।

বা/- (মুহম্মদ আবদুল আলীম খান)
উপ-সচিব (আইন)
ভূমি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

স্মারক নং- ভূঃমঃ/শা-২ (জরিপ)-৪/২০০০/৫৯৯

তারিখ ১৭/০৯/২০০০ বাং।

পরিপত্র

বিষয় : স্বত্বলিপি প্রণয়ন পদ্ধতিকে স্বচ্ছ ও জবাবদিহিমূলক করা প্রসঙ্গে।

ভূমি জরিপের মাধ্যমে স্বত্বলিপি প্রণয়নের জন্য বিদ্যমান ব্যবস্থায় জনসাধারণের অনেক দুর্ভোগ পোহাতে হয়। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রচলিত পদ্ধতিতে কতিপয় পরিবর্তন আনা অত্যাৱশক। এই উদ্দেশ্যে নিম্নলিখিত নির্দেশাবলী জারি করা হল :

২। জমিদারী অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১৪৪(৭) ধারা মোতাবেক প্রণীত ও চূড়ান্ত-ভাবে প্রকাশিত স্বত্বলিপি (রেকর্ড-অব-রাইট) মালিকানা প্রমাণের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রামাণ্য দলিল। প্রকৃত ভূমি মালিকের / মালিকগণের নামসহ স্বত্ব সঠিকভাবে লিপিবদ্ধ হওয়া নিশ্চিত করার ক্ষেত্রে সেটেলমেন্ট বিভাগের বিভিন্ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব অপরিসীম। কোন মৌজার জরিপ শুরু হওয়ার পূর্বেই নিয়ম অনুযায়ী বিজ্ঞপ্তি জারি এবং তা স্থানীয়ভাবে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে যাতে ঐ মৌজার সকল ভূমি-মালিক/মালিকগণ পূর্বাৱ্হেই এ বিষয়ে অবহিত হন। জনসাধারণকে পরামর্শ দিতে হবে যে তারা যেন :

(ক) কিস্তোয়ারের সময় অর্থাৎ যখন জমির খণ্ড খণ্ড প্লট অংকন করে তা ম্যাপে তার অবস্থান সম্বলিত নকসা প্রস্তুত করা হবে তখন মাঠে হাজির থেকে আমিনকে তাদের নিজ নিজ ভূমির আইল বা সীমানা দেখিয়ে দিয়ে সঠিক নকসা প্রস্তুতে সহায়তা করেন।

(খ) খানাপুরী অর্থাৎ প্রাথমিক রেকর্ড প্রস্তুতকালে এবং বুঝারতের সময় অর্থাৎ প্রাথমিক রেকর্ডের অনুলিপি যখন ভূমির মালক/মালিকদের ব্যাখ্যা করে বুঝিয়ে দেয়া হবে তখন ভূমি-মালিক/মালিকগণ নিজে বা তার/ তাদের প্রতিনিধি মালিকানা সম্পর্কিত নিম্নলিখিত দলিল বা কাগজপত্র (যে ক্ষেত্রে যা প্রযোজ্য) নিয়ে মাঠে হাজির থেকে কাগজপত্র কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসারকে দেখিয়ে সঠিকভাবে নাম রেকর্ডভুক্ত করান :

(১) পূর্ববর্তী পর্চা;

(২) খারিজা পর্চা (যদি থাকে);

(৩) ক্রয়সূত্রে মালিক হলে রেজিস্ট্রিকৃত দলিল অথবা দলিলের সার্টিফাইড কপি;

(৪) নিলামে ক্রয়ের ক্ষেত্রে বায়নানামা/নিলাম বিক্রি দলিল এবং দখল প্রদানের প্রমাণ/দখলনামা;

(৫) সরকার/সংস্থা কর্তৃক বন্দোবস্ত/বরাদ্দমূলে মালিক হলে তার সপক্ষে প্রমাণ/দলিল/বরাদ্দপত্র/;

(৬) আদালতের আদেশমূলে মালিক হলে আদেশের কপি (দখল প্রদানের প্রমাণ/দখলনামা (যদি থাকে));

(৭) অছিয়তমূলে মালিক হলে অছিয়তকারীর মৃত্যুর পরে অছিয়ত প্রবেট করা হয়ে থাকলে তার প্রমাণ/আদেশের কপি;

(৮) দান/উইল/হেবামূলে মালিক হলে তৎসংক্রান্ত রেজিস্ট্রি দলিল;

(৯) বিনিময় সম্পত্তি হলে বিনিময়/হস্তান্তর দলিল;

(১০) ভিপি তালিকা হতে অবমুক্ত করা হলে অবমুক্ত আদেশ বা আদেশের সার্টিফাইড কপি;

(১১) উত্তরাধিকার সূত্রে মালিক হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ফরায়েজের কপি বা বন্টনামাসহ আনুষঙ্গিক অন্যান্য কাগজপত্র;

(১২) অন্য যে কোন ভাবে মালিক হলে মালিকানা অর্জনের সপক্ষে দলিল;

(১৩) খাজনার দাখিলা এবং

(১৪) দখলের সপক্ষে দলিল/প্রমাণ (যদি থাকে)।

(গ) উপরোক্ত (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত বিজ্ঞাপিত দলিলপত্র ছাড়া শুধুমাত্র কারও মৌখিক দাবীতে অথবা স্থানীয় সাক্ষ্যের ভিত্তিতে কোন মাঠপর্চা প্রণয়ন করা যাবে না।

(ঘ) স্বত্ত্বের সপক্ষে কাগজপত্র পরীক্ষা করে এবং দখলীয় অবস্থা সরেজমিনে পরিদর্শন করে দায়িত্বপ্রাপ্ত আমিনগণ খানাপুরী এবং বুঝারত স্তরে সঠিকভাবে খতিয়ান তৈরী করছেন কিনা তা নিবিড়ভাবে তদারকী করবেন সংশ্লিষ্ট হল্কা অফিসারগণ। অনুরূপভাবে হল্কা অফিসারদের কাজ-কর্ম নিয়মিতভাবে তদারকী করবেন সহকারী সেটেলমেন্ট অফিসারগণ/চার্জ অফিসারগণ। সেটেলমেন্ট অফিসারগণ/জোনাল সেটেলমেন্ট অফিসারগণ স্ব স্ব এলাকার জরিপ কাজে সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিতকরণার্থে নিয়মিত ও আকস্মিক পরিদর্শন করে মাঠ পর্যায়ের কর্মকাণ্ড দেখাশুনা করবেন।

(ঙ) মাঠ-পর্চা প্রস্তুতের জন্য মালিক কর্তৃক সরবরাহকৃত দলিল পত্র/প্রমাণাদি ও জমির পরিমাণ স্বত্বলিপিতে যথাযথভাবে লিপিবদ্ধ না হয়ে থাকলে তসূদিকের সময় আবেদনের প্রেক্ষিতে তাহা সংশোধন করা যাবে।

- (চ) খসড়া প্রকাশনা বা ডিক্রির সময় রেকর্ড পরিদর্শন করে যদি রেকর্ডে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে বিজ্ঞাপিত কাগজপত্রসহ ৩০ ধারায় আপত্তি দাখিল করা যাবে। বিজ্ঞাপিত কাগজপত্রগুলি (যেখানে যা প্রযোজ্য) যথাযথভাবে আবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে সেসম্পর্কে প্রাথমিকভাবে নিশ্চিত হয়ে আপত্তি গ্রহণকারী কর্মকর্তা আপত্তি গ্রহণ করবেন। ভূমি-মালিক নিজে বা প্রতিনিধির মাধ্যমে আপত্তি দাখিল করতে পারবেন।
- (ছ) আপত্তি কেসের রায় ঘোষণার পর সংশ্লিষ্ট ব্যক্তি ইচ্ছা করলে ৩০ দিনের মধ্যে ৩১ বিধি অনুযায়ী আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল দায়ের করতে পারবেন। তবে সেক্ষেত্রে আপত্তি কেসের রায়ের সার্টিফাইড কপি, ইতোপূর্বে পেশকৃত আপত্তির ভিত্তি এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রের অনুলিপি সহ আপীল দায়ের করতে হবে।
- (জ) কোন ভূমির স্বত্বলিপি প্রণয়নের জন্য কোন মালিক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উপস্থিত না হলে পূর্বের রেকর্ডই বহাল রাখতে হবে।
- (ঝ) মুদ্রিত রেকর্ড চূড়ান্ত প্রকাশনার সময় পুনরায় তিনি বা তার প্রতিনিধি রেকর্ড দেখার সুযোগ পাবেন। যদি মুদ্রিত রেকর্ডে কোন জালিয়াতি, কারণিক ভুল, গাণিতিক ভুল বা মুদ্রণ ভুল পরিলক্ষিত হয় তবে ভূমি মালিক নিজে বা তার প্রতিনিধি এস এস ম্যানুয়ালের ৫৩৩, ৫৩৪ ও ৫৩৭ অনুচ্ছেদ মোতাবেক তা সংশোধনের জন্য সেটেলমেন্ট অফিসারের নিকট দরখাস্ত করতে পারবেন। সেটেলমেন্ট অফিসার তদন্তক্রমে কোন ভুলের প্রমাণ পেলে তিনি উক্ত অনুচ্ছেদ-সমূহে বর্ণিত নিয়মানুসরণে ভুল সংশোধন করতে পারবেন।
- ৩। কোন মৌজার ভূমি রেকর্ডের কাজ (খানাপুরী ও বুঝারত) কোন তারিখ হতে শুরু হবে এবং কোন তারিখে শেষ করা হবে এ মর্মে সংশ্লিষ্ট সেটেলমেন্ট বিভাগের কর্মকর্তা সংশ্লিষ্ট কালেক্টর/জেলা প্রশাসককে পূর্বেই অবহিত করবেন। কালেক্টর/জেলা প্রশাসকের পক্ষে সহকারী কমিশনার (ভূমি), কানুনগো, ভূমি সহকারী এবং সার্ভেয়ারদের সহায়তায় মাঠ বুঝারতে প্রস্তুতকৃত মাঠ রেকর্ডের পর্চা সংগ্রহ করে তদনুসারে কর্মসূচী মোতাবেক তদনুসারে করিয়ে নিবেন। যদি সরকারী তালিকার কোন খাস সম্পত্তি, ভূমি, অর্পিত বা পরিত্যক্ত সম্পত্তি কোন কারণে মাঠ রেকর্ডে খাস খতিয়ানভুক্ত না হয়ে থাকে সে ক্ষেত্রে প্রজাস্বত্ব বিধিমালায় ৩০ বিধি অনুযায়ী আপত্তি কেস এবং প্রয়োজনবোধে ৩১ বিধি অনুযায়ী আপীল কেস দায়ের করে তিনি তা খাস খতিয়ানে রেকর্ড করিয়ে নেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৪। চলমান ভূমি জরিপ ও স্বত্বলিপি প্রণয়নসহ ভবিষ্যতে সম্পাদিত হবে এমন সকল এলাকার ভূমি জরিপ ও স্বত্বলিপি প্রণয়ন কার্যক্রমে এ পরিপত্র কার্যকর হবে। এ পরিপত্র কার্যকর করার জন্য মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর সংশ্লিষ্ট নিয়মাবলীর প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন করে পৃথকভাবে তার অধীনস্থ কর্মকর্তাগণকে নির্দেশনা জারী করবেন।

স্বা/- (এম সাইফুল ইসলাম)
সচিব।

মহাপরিচালক,
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর,
তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ভূমিঃ/শা-২(জরিপ)- ৪/২০০০/৫১৯/১(৮২)

তারিখ ১৭/০৯/২০০০ ইং

অনুলিপি

- ১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
- ৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড।
- ৪। যুগ্ম সচিব/ প্রশাসন/উন্নয়ন/ আইন, ভূমি মন্ত্রণালয়।
- ৫। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট বিভাগ।
- ৬। জেলা প্রশাসক,জেলা। (সকল)
- ৭। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। পরিপত্রটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

স্বা/- (আরফিন আরা বেগম)
সিনিয়র সহকারী সচিব।